


THE ray

PRIME UNIVERSITY MAGAZINE 2023



PRIME UNIVERSITY



THE RAY

6th Issue 2023



PRIME UNIVERSITY

114/116, Mazar Road, Mirpur-1, Dhaka-1216

EDITORIAL BOARD

Patrons:

Al-Haj Tofazzal Hossain Senior Vice Chairman, Board of Trustees	Patron
Nrepen Maitra Member, Board of Trustees	Patron
Asia Zaman (Reta Zaman) Member, Board of Trustees	Patron
Anwer Hossain Khan Member, Board of Trustees	Patron

Advisors:

Prof. Dr. M. Jahangir Alam Vice Chancellor
Prof. Dr. Abdul Jabber Howlader Pro-Vice Chancellor

Editorial Board:

Mahboob Ul Alam Professor & Head, Dept. of Bangla	Editor
M. A. Jabber Registrar	Member
Dr. Momtaz Begum Momo Associate Prof, Dept. of CSE	Member
Dr. Palash Chandra Karmaker Associate Prof, Dept. of EEE	Member
F. Nahid Huq Deputy Director Centre for Research, HRD and Publications	Member
Rakib Uddin Assistant Prof, Dept. of English	Member
Aysha Alam Talukder Assistant Prof, Dept. of English	Member

Mst. Tanzila Yasmin

Assistant Prof., PU Language School

Member

Sabina Yasmin

Assistant Prof., Dept. of Law

Member

Sujit Kumer Deb Nath

Assistant Prof., Dept. of Business Admin.

Member

Shariful Islam

Lecturer, Dept. of Education

Member

Tahomina Akter Nova

Lecturer, Dept. of Bangla

Member

Nabila Islam Shorna

Lecturer, Dept. of Civil Engineering

Member

Shirin Sultana

Assistant Director

Centre for Research, HRD and Publications

Member Secretary

Cover Design : Abu-Bakar Shiddik

56th Batch, BBA

ID : 211020101006

Prime University

Published by: Centre for Research, HRD and Publications

Prime University

114/116, Mazar Road, Mirpur-1

Dhaka-1216



**MESSAGE
OF
THE CHAIRMAN
BOARD OF TRUSTEES**

One of the main components of good education is nurturing creativity and encouraging innovation, and a university magazine is the ideal combination of both. It makes the most brilliant use of the creative efforts of the academic community and refines the essence of their inspired imagination.

Today positive psychologists tell us that we are the products of our thoughts and beliefs. If education can instill better thoughts in the students they will become better human beings, and build a better nation. I firmly believe that every human being endowed with wisdom, knowledge, talents, skills, and positivity is a precious gift from The Almighty. I am very pleased to bring to your notice that Prime University is one of those universities which provides ample opportunities along with a value-based quality education to nurture the inner potentials of every student.

Value-based education is the need of the hour in today's techno-driven modern society. The young generation is influenced by technology where the critical part of life with value and relationships get no place in the heart. Minds get educated with external knowledge and materialistic life style. But the question is whether the heart gets trained with the values like humanity, empathy, cooperation, mutual understanding, sacrifice, etc. This demands that students act responsibly in their behavior and actions. When the students possess an empathic awareness of themselves and their surroundings, they act responsibly. Therefore, developing empathic understanding in the students for self, other human beings, and all living creatures is real education. Prime University inculcates these values and 'The Ray' is the reflection of that.

The 'RAY' has always broken barriers and this year's edition is no exception. But, this would not have been possible without all those

people who have dedicated their most sincere efforts to this journey. I would like to express my heartfelt gratitude to our editorial board, faculty members, staff, the entire student working committee, and the various authors who have contributed to this magazine. I hope 'RAY' will scale greater heights with the active participation of students and staff members of this institution in the upcoming days.

A handwritten signature in black ink, appearing to read 'Md. Towhidur Rahman', with a stylized, flowing script.

Engineer Md. Towhidur Rahman



**MESSAGE
OF
THE VICE CHANCELLOR**

I am highly delighted to see that Prime University is going to publish its 6th issue of Annul Magazine 'The Ray'. A magazine is a platform that showcases the inner beauty and spontaneity of the fresher's. It widens the horizon of their mind and improve their intellectual and mental faculty.

Prime University aims to create a knowledge based society and supply human resource to the nation. In this fast advancing world knowledge without innovation is incomplete. So, besides academic studies extra-curricular activities like writing poems, stories, essays etc. make students sharp and aware of the contemporary issues which contribute to their holistic development making them innovative and creative.

While going through the write ups, I found writes by the boundless energy and spontaneity that our students emit in their writing. I believe the magazine will spread a positive vibe among its readers. I wish every success to the magazine, its contributors and persons concerned with it.

Prof. Dr. M. Jahangir Alam



EDITORIAL

Aligning with the previous issues, the 6th issue of the annual magazine of Prime University *The Ray* is going to be brought to light for the readers. The current volume has been enriched with the creative contributions provided by a galaxy of the novice and the alumni of the University. In quest of knowledge, students and teachers will have ample opportunity to glimpse inside the writings of the renowned scholars, poets and writers. In the similar vein, beginners will get motivated in creating innovative trends in writing as motivation does much to fetch innovation.

I believe, the 6th issue of *The Ray* will include every attraction to fulfill the requirements of the readers of all walks. The most notable feature in every issue is the writings of the renowned poets and writers in the country. Frankly speaking, our effort is to inspire our students to be enthusiastic readers as well as creative writers. In due course, the Patrons of the magazine and the Advisor (Vice Chancellor of Prime University) have been bestowed with a lot of thanks and gratitude for giving us the valuable suggestions in this regard. To the last, my thanks to the concerned colleagues for extending their helping hands made this endeavor successful.

Still in digitalization, disregarding our unwilling slip-ups, you are cordially expected to give your valuable suggestions and observations for further improvement of our effort.

Wish you all will enjoy this issue. Thank you all.

A handwritten signature in black ink, consisting of a stylized 'M' followed by a long, sweeping horizontal stroke.

Prof Mahboob Ul Alam

PRIME UNIVERSITY

Board of Trustees



Engineer Md. Towhidur Rahman
Chairman



Al-Haj Tofazzal Hossain
Senior Vice Chairman



Anwar Kamal Pasha
Vice Chairman



Md. Ashraf Ali
Secretary General



Firoj Mahmud Hossain
Treasurer



Mir Shahabuddin
Member

PRIME UNIVERSITY

Board of Trustees



Adv. Abul Kalam Azad
Member



Sajjatuz Jumma
Member



Nrepen Maitra
Member



Anwer Hossain Khan
Member



Asia Zaman (Reta Zaman)
Member



Prof. Dr. M. Jahangir Alam
Member & Vice Chancellor

Contents

প্রবন্ধ

সৌমিক আহমেদ : বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান : এক কালোত্তীর্ণ মহানায়ক	১৬
হাফসা খানম মিম : মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু	১৮
M. Jahidul Azad : Magic in Marquez's 'Magic Realism'	২১
Dr. Md. Zahid Husain Khan : Albert Einstein---Life and Work	২৪
Md. Yasin : C Programming Language	২৬
শারীফুল ইসলাম : খামে ভরে তুলে দিও আঙুলের মিহিন সেলাই...	২৮
Md. Alamgir Hossain : Set the Goal of Paradise and be Happy	৩১
রাকিব উদ্দিন : উপলব্ধি	৩৩
সিলমা সুবহা আহমেদ : পারিবারিক শিক্ষা	৩৫
অধ্যাপক ড. আবদুর রহমান : গ্রামীণ ঈদ প্রেক্ষাপট-২০২২	৩৬
মো. আজিজুল ইসলাম : বিরহী ক্যানভাসে	৩৭
মো. আশরাফুল ইসলাম : বর্তমান প্রেক্ষাপটে সামাজিক সম্প্রীতি	৩৯
মোছাঃ শিলা খাতুন : নারীর জীবন কাহিনি	৪১
George Prosenjit Roy : Career and Mentoring	৪২
মো. শান্ত মিয়া : তারুণ্য, বেকারত্ব ও বাংলাদেশ	৪৩
ইউসুফ আক্তার : জামিন	৪৬
Md. Shakhawat Hossain : Cultural Globalization	৪৮
সাবির হোসেন ফাহিম : বিবর্তন : দাবা	৫০
জুনায়েদ করিম ভূঁইয়া (সামিত) : আবিষ্কার	৫২

গল্প

সাইফুল ইসলাম : আমার 'মা' পৃথিবীর শ্রেষ্ঠ 'মা'	৫৫
অনামিকা গোস্বামী : শেষের দিনের চা: বাংলাদেশের মুক্তিযুদ্ধ অবলম্বনে	৫৬

কবিতা (ফিরে দেখা)

সুনির্মল বসু : সবার আমি ছাত্র	৬০
কাজী কাদের নেওয়াজ : শিক্ষকের মর্যাদা	৬১
কুসুমকুমারী দাস : আদর্শ ছেলে	৬৩
রজনীকান্ত সেন : স্বাধীনতার সুখ	৬৩
ঈশ্বরচন্দ্র গুপ্ত : কে?	৬৪
হরিশচন্দ্র মিত্র : বড় কে	৬৪

কবিতা

Prof Mahboob ul Alam : Widow Wearing White	৬৬
মো. মোস্তাফিজুর রহমান : এ কোন ভাইরাস	৬৭
মো. নাজমুল হক : মৃত্যুকে স্মরণ	৬৯
মো. আনোয়ার হোসাইন : স্বর্গ দহন	৭০
মো. হাসিকুল আলম (আশিক) : আজব মানুষ	৭১
অধ্যাপক মাহবুব উল আলম : মোরগ	৭২
মো. নাজিম উদ্দিন : জননী	৭৩
মো. আনোয়ার : মেঘনা নদী	৭৪
খালেদা ইয়াছমিন নিসা : এগিয়ে যাও	৭৫
মো. সাগর আলী : বৃষ্টি	৭৬
Md. Shofikul Alam : My Heart	৭৭
বেনি-আমিন যীম : তুমি আসবে বলে	৭৮
মো. শফিকুল আলম : প্রাইম ইউনিভার্সিটি	৭৯
মো. শাহনেওয়াজ হোসেন (শাওন) : জাতির স্বার্থে	৭৯
সানজিদা ওমামা (তুনা) : বৃষ্টি	৮১
ফারজানা আক্তার বর্না : নারী	৮২
সাহারা ইসলাম : লকডাউন	৮৩
মোসতাইন করিম মোজাদ্দেদ : বিষাদের অন্তরালে	৮৪

অতিথি লেখক

ড. কামরুন্নেছা আজাদ :	মানবতাবাদী বঙ্গবন্ধু	৮৬
বঙ্গ রাখাল :	অসুখ	৯০
মজিদ মাহমুদ :	বন হংস	৯১
জামিল রায়হান :	মায়াবী মতিহার	৯২
এস এম সুলায়মান কাজল :	সর্বগ্রাসী পূর্ণিমা ও মানবাত্মা	৯৫

অনুবাদ

মূল :	মাহবুব উল আলম	
অনুবাদ :	মোহাম্মদ আসাদুল্লাহ : নিঃশ্বাসের কথা বলে	৯৯
মূল :	হারুকি মুরাকামি	
অনুবাদ :	মোহাম্মদ আসাদুল্লাহ : বিড়ালের শহর	১০০

স্মৃতিচারণমূলক রচনা

মো. আশরাফ আলী :	স্মৃতিচারণ: আমি কেন অর্থনীতির ছাত্র হলাম	১০৪
Milton Sarker :	Hostel Life Which Made Me Punctual and Ideal	১১১
কবির আহম্মদ :	আমি কেন বিএড কোর্সে ভর্তি হলাম	১১২
সিকলিভা রানু বর্মন :	আমার ছেলেবেলা (শৈশব)	১১৩
মোহাম্মদ ফয়েজ উদ্দিন :	জীবনের গল্প	১১৪
মো. আবু দাউদ :	আমার এলোমেলো ভাবনাগুলো	১১৫
মো. মনিরুল ইসলাম :	একটি স্মরণীয় দিন	১১৬
ইউশা সাইফ :	বাবা	১১৭
জুনায়েদ করিম ভূঁইয়া (সামিত) :	টাইগারদের ঐতিহাসিক অস্ট্রেলিয়া বধ	১১৮
লিপি গোলদার :	ফিরে পাওয়া শৈশব	১২০

ভ্রমণকাহিনি

সাদিয়া আফরিন :	স্বপ্নের ট্যুর	১২৩
রাগেশী কর্মকার :	আমার ভ্রমণ-কাহিনি	১২৪

সচেতনতামূলক রচনা

জান্নাতুল তাসনিম শোভা :	হিউমিলিয়েটকে না বলুন	১২৭
মো. রায়হান মিয়া :	জেনারেল ডায়েরি (জি.ডি) এবং অনলাইনে আবেদন	১২৮

রম্যরচনা

জুনায়েদ করিম ভূঁইয়া (সামিত) :	ম্যাজিকাল এক!!!	১৩১
---------------------------------	-----------------	-----

Photo Gallery

১৩৩-১৩৬



PRIME UNIVERSITY

ADMISSION OPEN

**CSE
EEE
CIVIL**



OTHER PROGRAMS

Bachelor Programs

**BBA
LLB (Hons)
BA (Hons) in English
BA (Hons) in Bangla
BEd**

Master Programs

**MBA
EMBA
MA in English
LLM (Regular)
LLM (Preli & Final)
MEd**

CONTACT:

+ 8801710996196
+ 8801939425030

114/16, Mazar Road, Mirpur-1, Dhaka
www.primeuniversity.edu.bd

Apply Online



Professor Dr M Jahangir Alam
Vice Chancellor
Former Professor IBA, Dhaka University

প্রবন্ধ



বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান : এক কালোত্তীর্ণ মহানায়ক

সৌমিক আহমেদ
প্রভাষক, বাংলা বিভাগ

স্বাধীন সার্বভৌম বাংলাদেশের মূল প্রাণশক্তি ছিলেন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। আফ্রিকান জাতির জন্য যেমন নেলসন ম্যান্ডেলা কিংবা আমেরিকান জাতির জন্য জর্জ ওয়াশিংটন এর আবির্ভাব ঘটেছিল ঠিক তেমনই বাংলাদেশে ও বাঙালি জাতির জন্য মুক্তির দূত হিসেবে আবির্ভাব ঘটেছিল বঙ্গবন্ধুর। তিনি ১৯২০ সালের ১৭ মার্চ গোপালগঞ্জ জেলার টুঙ্গিপাড়ায় জন্মগ্রহণ করেছিলেন। কালক্রমে টুঙ্গিপাড়ার খোকা হয়ে উঠেছিলেন বাংলা মায়ের খোকা। যে, তাকে স্বাধীনতার স্বাদ এনে দিয়েছিলেন।

ছাত্র অবস্থা থেকেই তিনি অন্যায় ও অত্যাচারের বিরুদ্ধে এবং মানুষের অধিকার আদায়ের পক্ষে লড়াই করেছেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র থাকা অবস্থায় সাধারণ কর্মচারীদের অধিকার আদায়ের আন্দোলনে নেতৃত্ব দেওয়ার ফলস্বরূপ তার ছাত্রত্ব বাতিল করা হয়েছিল।

তিনিই ছিলেন বাংলাদেশের ছাত্র রাজনীতির কর্ণধার। ১৯৪৮ সালের ৪ জানুয়ারি তৎকালীন ছাত্র সম্প্রদায়কে নিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফজলুল হক হলে পূর্ব পাকিস্তান মুসলিম ছাত্রলীগ প্রতিষ্ঠা করেন। এটিই পরবর্তীতে ২৩ জুন ১৯৪৯ সালে ছাত্রলীগ নামে আত্মপ্রকাশ করে। ভাষা আন্দোলনের অন্যতম সংগঠকও বঙ্গবন্ধু। ১৯৪৮ সালে মোহাম্মদ আলী জিন্নাহ উর্দুকে পাকিস্তানের রাষ্ট্রভাষা ঘোষণা করার পর ১১ মার্চ ঢাকায় ধর্মঘট পালনকালে তিনি গ্রেফতার হন। ১৯৫২ সালে সংগঠিত ভাষা আন্দোলনের পর ১৯৫৮ সালের ৭ অক্টোবর সামরিক শাসন জারি হয়। সামরিক শাসনের বিরুদ্ধে বলিষ্ঠ অবস্থানের কারণে ১২ অক্টোবর দুর্নীতির মিথ্যা মামলায় তাকে পুনরায় গ্রেফতার করা হয়। পরবর্তীতে এক সাক্ষাৎকারে তিনি বলেছিলেন -

“পূর্ব পাকিস্তানে শিল্প স্থাপন এবং তার মানুষের জন্য কেন্দ্রের সাথে লড়াই যদি দুর্নীতি হয় তাহলে বলার কিছু নেই।”

দুর্নীতির মিথ্যা মামলা, পরিবারের অসহায় অবস্থা কোন কিছুই তাকে দেশ থেকে দূরে সরিয়ে নিতে পারে নি, দেশের মানুষই ছিলো তাঁর সর্বস্ব।

১৯৬২ সালের ছাত্র আন্দোলনের সাথেও তিনি জড়িত ছিলেন। ১৯৬২ সালের ৩০ জানুয়ারি সামরিক সরকার কর্তৃক হোসেন শহীদ সোহরাওয়ার্দীকে গ্রেফতারের প্রতিবাদে ছাত্ররা ১লা ফেব্রুয়ারি ধর্মঘট ও মিছিল করে। ৫ ফেব্রুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয়কে অনির্দিষ্ট কালের জন্য বন্ধ করে দেওয়া হয় এবং বঙ্গবন্ধু, তোফাজ্জেল হোসেনসহ অনেক ছাত্রদের ও গ্রেফতার করা হয়েছিল।

১৯৬৬ সালে তিনি পেশ করেন ৬ দফা যা কিনা বাঙালির মুক্তির সনদ হিসেবে অভিহিত যেটাকে ব্রিটেনের শাসনতন্ত্র ম্যাগনাকার্টার সাথে তুলনা করা হয়। ১৯৬৬ সালের ফেব্রুয়ারি মাসে আওয়ামীলীগের ওয়ার্কিং কমিটির সভায় ৬ দফা প্রস্তাব ও দাবি আদায়ের লক্ষ্যে আন্দোলনের কর্মসূচি গৃহীত হয়। ২৩ ফেব্রুয়ারি বঙ্গবন্ধু বিরোধীদলীয় সম্মেলনে ৬ দফা পেশ করেন। পরবর্তীতে

আওয়ামীলীগের কাউন্সিল অধিবেশনে শেখ মুজিব- ‘আমাদের বাঁচার দাবি : ৬ দফা’ শীর্ষক একটি পুস্তক প্রচার করেন। বাংলার সর্বস্তরের জনগণের মাঝে ৬ দফা ব্যাপক সমর্থন পায়, যার প্রেক্ষিতে তিনি পাকিস্তান শাসকগোষ্ঠী কর্তৃক আবার গ্রেফতার হন। তাকে আগরতলা ষড়যন্ত্র মামলার এক নম্বর আসামি করা হয়। ১৯৬৯ সালের ২৪ জানুয়ারি শেখ মুজিব ও অন্যান্যদের মুক্তি এবং সামরিক শাসক উৎখাতের দাবিতে সাক্ষ্য আইন ভঙ্গ করে সাধারণ মানুষ মিছিল বের করেছিলো। ২০ জানুয়ারি আমাদের মৃত্যুকে কেন্দ্র করেই মূলত ২৪ জানুয়ারি আন্দোলন আরো বেগবান হয়। ২২ ফেব্রুয়ারি জনগণের রোষের মুখে সরকার তাকে কারাগার থেকে মুক্তি প্রদান করে, ২৩ ফেব্রুয়ারি তিনি ভূষিত হন বঙ্গবন্ধু উপাধিতে। পরবর্তীতে ১৯৭০ সালের সংগঠিত সাধারণ নির্বাচনই ছিলো মূলত স্বাধীনতার ও মুক্তির সোপান। এ নির্বাচনে শেখ মুজিবের নেতৃত্বে নির্বাচন আওয়ামী লীগ নিরঙ্কুশ সংখ্যা গরিষ্ঠতা অর্জন করে। ১৬২ আসনের ১৬০ আসনে পূর্ব পাকিস্তানে আওয়ামী লীগ জয়লাভ করে। জাতীয় পরিষদ নির্বাচনে ন্যাশনাল অ্যাসেম্বলিতে আওয়ামী লীগ ১৬০ আসন লাভ করে, প্রাদেশিক নির্বাচনে ৩০০টি আসনের মধ্যে ২৮৮ টি তে জয়লাভ করে। এ বিজয়ের পর পাকিস্তান শাসক গোষ্ঠীর ক্ষমতা হস্তান্তরে টালবাহানা এবং সৃষ্ট রাজনৈতিক সংকট শেষ পর্যন্ত গড়ায় বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে।

পাকিস্তান শাসক গোষ্ঠী পূর্ব বাংলার উপর কর্তৃত্বের লোভ ত্যাগ করতে পারেনি, নির্বাচনে পরাজিত হয়ে ও ক্ষমতা ছাড়তে চায়নি। প্রেসিডেন্ট ইয়াহিয়া খান ১ মার্চ ১৯৭১ জাতীয় পরিষদের অধিবেশন অনিদিষ্ট কালের জন্য স্থগিত করেন। প্রতিবাদ স্বরূপ বঙ্গবন্ধু ৩ মার্চ অসহযোগ আন্দোলনের ডাক দেন। তাঁর আহ্বানে সমগ্র দেশে হরতাল পালিত হয়। পূর্ব পাকিস্তান থেকে পশ্চিম পাকিস্তানে টাকা ট্রান্সফার বন্ধ করে দেওয়া হয়। ঢাকা বেতার “পাকিস্তান রেডিও”র পরিবর্তে ঢাকা বেতার থেকে বলছি বলতে শুরু করে। ৭ মার্চ রেসকোর্স ময়দানে বঙ্গবন্ধু মুক্তি না পাওয়া পর্যন্ত স্বাধীনতা সংগ্রামের আহ্বান জানান। তিনি ঘোষণা করেন

“এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম

এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম।”

২৫ মার্চ পাকিস্তান শাসকগোষ্ঠী নিরস্ত্র, নিরীহ বাঙ্গালির উপর ইতিহাসের জঘন্যতম হত্যাকাণ্ড চালায় এবং বঙ্গবন্ধুকে গ্রেফতার করা হয়। ২৬ শে মার্চ প্রথম প্রহরে তিনি বাংলাদেশের স্বাধীনতা ঘোষণা করেন। এর ফলশ্রুতিতে আপামর বাংলার জনগণের আত্মত্যাগের বিনিময়ে ১৬ ডিসেম্বর ১৯৭১ একটি স্বাধীন সার্বভৌম বাংলাদেশ বিশ্ব দরবারে মাথা তুলে দাঁড়ায়।

তাঁর শাসনামলে বাংলাদেশ জাতিসংঘের সদস্যপদ পায়, জোট নিরপেক্ষ আন্দোলন, ইসলামি সম্মেলন সংস্থা ও কমন্সওয়েলথ এর সদস্য পদ পায়। এছাড়াও তাঁর সময়েই ১০৪টি দেশ স্বাধীন বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করে। ১৯৭৫ সালের ১৫ আগস্ট তাঁকে হত্যা করা হলেও আজও তিনি বেঁচে আছেন বাঙ্গালির হৃদয়ে এবং বিশ্ব ইতিহাসের পাতায়। তিনি সমগ্র বিশ্বের স্বাধীনতাকামী দেশ ও মানুষের জন্য আদর্শ অনুপ্রেরণা। তিনি আমাদের শিক্ষা দিয়ে গেছেন দেশ ও মাটিকে কিভাবে ভালোবাসতে হয়। প্রতিটি দেশ প্রেমিক বাঙ্গালির হৃদয়পটে তিনি চির অম্লান হয়ে আছেন। কবি অনুদাশংকরের ভাষায় বলতে হয়-

“যতকাল রবে পদ্মা- মেঘনা - গৌরী যমুনা বহমান

ততকাল রবে কীর্তি তোমার শেখ মুজিবুর রহমান।”



মুক্তিযুদ্ধ ও বঙ্গবন্ধু

হাফসা খানম মিম

৫৯ তম ব্যাচ, বিবিএ

আইডি: ০২৮২২১০০০৪০৮১০১৩

হাজার বছরের ইতিহাসে বাঙালির শ্রেষ্ঠতম অর্জন বাংলাদেশের স্বাধীনতা আর স্বাধীনতা সংগ্রামের ইতিহাসের সঙ্গে যার নাম চিরস্থায়ী হয়ে আছে তিনি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। সংগ্রাম ও অবদানে নিজ নিজ জাতির মুক্তিদাতা মানুষদের মধ্যে আছেন আমেরিকার জর্জ ওয়াশিংটন, তুরস্কের কামাল আতাতুর্ক, ভারতের মহাত্মা গান্ধী, আর আছেন বাংলাদেশের শেখ মুজিবুর রহমান, তিনি বাঙালি জাতির অবিসংবাদিত নেতা। দীর্ঘ সংগ্রাম ও সাধনার মধ্যে তিনি ইতিহাসের বরপুত্র হিসেবে মর্যাদা লাভ করেছেন। তার জীবনদর্শে আমরা সংগ্রামী চেতনা ও কর্মনিষ্ঠার পরিচয় পাই।

স্বাধীন বাংলাদেশের স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ১৯২০ সালের ১৭ মার্চ বর্তমান গোপালগঞ্জ (তৎকালীন ফরিদপুর) জেলার টুঙ্গিপাড়া গ্রামে জন্মগ্রহণ করেন। তাঁর পিতা শেখ লুৎফর রহমান, মাতা সায়েরা খাতুন, চার ভাই-বোনের মধ্যে তিনি ছিলেন পিতা-মাতার তৃতীয় সন্তান।

ছাত্রজীবন থেকেই বঙ্গবন্ধু রাজনীতি ও দেশব্রতে যুক্ত হন। তার রাজনৈতিক জীবনের শুরু ১৯৪০সালের দিকে। তখন নিখিল ভারত মুসলিম ছাত্র ফেডারেশনের কাউন্সিলর এবং গোপালগঞ্জ মহকুমা মুসলিম লীগের সম্পাদক ছিলেন। ১৯৪৮ সালে গঠিত পূর্বপাকিস্তান মুসলিম ছাত্রলীগের তিনি ছিলেন অন্যতম প্রতিষ্ঠাতা। ১৯৪৮ সালে “সর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ” গঠিত হলে এর সঙ্গে তিনি যুক্ত হন। সে বছর ১১ মার্চ রাষ্ট্রভাষা বাংলার দাবিতে হরতাল পালনের সময় তিনি ধৈর্যতার ও করারুদ্ধ হন। “বাংলাকে পাকিস্তানের রাষ্ট্রভাষা করার জন্য কেন্দ্রীয় সরকারকে সুপারিশ করে পূর্ববঙ্গ পরিষদে একটি প্রস্তাব গ্রহণ করা হবে” এ মর্মে রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদের সঙ্গে পূর্ববঙ্গের নাজিমুদ্দিন সরকার চুক্তিবদ্ধ হলে তিনি মুক্তি লাভ করেন। ১৯৪৯ সালে আওয়ামী মুসলিম লীগ গঠিত হলে তিনি যুগ্ম সম্পাদকের পদ লাভ করেন। এবং ১৯৫৩ সালে সাধারণ সম্পাদক নির্বাচিত হন। ১৯৫০ সালে যুক্তফ্রন্টের প্রার্থী হিসেবে প্রাদেশিক আইন পরিষদের সদস্য নির্বাচিত হন এবং যুক্তফ্রন্টের অধিকার আদায় এবং শোষণ-বঞ্ছনার প্রতিবাদ করতে গিয়ে শেখ মুজিবুর রহমান মঙ্গলবার ধৈর্যতার ও করারুদ্ধ হন। ১৯৬৬ সালে তিনি পেশ করেন বাঙালি জাতির ঐতিহাসিক মুক্তির সনদ ছয় দফা; এ সময় নিরাপত্তা আইনে তিনি বার বার ধৈর্যতার হন। এরকমই চলে পর্যায়ক্রমিক ধৈর্যতার, তিনি করারুদ্ধ জীবনযাপন করতে থাকেন। তাকে প্রধান আসামি করে দায়ের করা হয় আগরতলা ষড়যন্ত্র মামলা, তবে জনগনের আন্দোলনের মুখে আইয়ুব খান ১৯৬৯ সালের ২২ ফেব্রুয়ারি এ মামলা প্রত্যাহার করে নেন। ১৯৬৯ সালের ফেব্রুয়ারি ছাত্র সংগ্রাম পরিষদ কর্তৃক আয়োজিত রেসকোর্স ময়দানে লক্ষ মানুষের

এক নাগরিক সংবর্ধনার তাকে “বঙ্গবন্ধু” উপাধিতে ভূষিত করা হয়। ১৯৭০ সালে জাতীয় পরিষদ নির্বাচনে তার নেতৃত্বে আওয়ামী লীগ একক সংখ্যাগরিষ্ঠতা লাভ করেন। উল্লেখ্য যে, এই নির্বাচনে পাকিস্তানের সর্বমোট সংসদীয় আসন সংখ্যা ছিল ৩০০টি, জনসংখ্যার ভিত্তিতে পূর্ব পাকিস্তানের জন্য আসন বরাদ্দ হয় ১৬৯টি। তার মধ্যে বঙ্গবন্ধু এবং তার দল ১৬৭টি আসন জয়লাভ করেন পাকিস্তান কেন্দ্রীয় পরিষদে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করেন এবং পূর্ব পাকিস্তান প্রাদেশিক পরিষদে ৩১০টি আসনের মধ্যে ২৯৮টি আসনে জয়লাভ করেন তিনি তৎকালীন পূর্ব পাকিস্তানের গণমানুষের ম্যাডেট লাভ করেন। কিন্তু সরকার গঠনের সুযোগ না দিয়ে প্রেসিডেন্ট জেনারেল ইয়াহিয়া খান ১ মার্চ জাতীয় পরিষদের অধিবেশন অনির্দিষ্টকালের জন্য স্থগিত করেন। এর প্রতিবাদে শেখ মুজিবুর রহমান ৩ মার্চ অসহযোগ আন্দোলনের ডাক দেন।

১৯৭০ সালের ৩ মার্চ থেকে ২৫ এ মার্চ পর্যন্ত বঙ্গবন্ধুর আহ্বানে সারা বাংলায় সর্বত্র অসহযোগ আন্দোলন পরিচালিত হয়। এর মধ্যে ৭ মার্চ তৎকালীন ঢাকার রেসকোর্স ময়দানে প্রায় দশ লক্ষ লোকের উপস্থিতিতে বঙ্গবন্ধু এক ঐতিহাসিক ভাষণ দেন। ঐতিহাসিক ঐ ভাষণে তিনি বঙালির মুক্তি না হওয়া পর্যন্ত স্বাধীনতা সংগ্রামের আহ্বান জানান। একপর্যায়ে ২৫ মার্চ মধ্যরাতে পাকিস্তানি সামরিক বাহিনী ঘুমন্ত নিরস্ত্র বাঙালির উপর ঝাঁপিয়ে পড়ে। শুরু করে ইতিহাসের জঘন্যতম হত্যাকাণ্ড, সেই রাতে বঙ্গবন্ধুকে গ্রেফতার করে নিয়ে যাওয়া হয় পশ্চিম পাকিস্তানে। গ্রেফতারের পূর্বে অর্থাৎ ২৬ মার্চ প্রথম প্রহরে বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা করেন। শুরু হয় মুক্তিযুদ্ধ। মুক্তিযুদ্ধ চলাকালে ১০ এপ্রিল বঙ্গবন্ধুর অবর্তমানে তাকে রাষ্ট্রপতি করে গঠিত হয় স্বাধীন বাংলাদেশের সরকার।

১৯৭১ সালের ১৬ ডিসেম্বর বাংলাদেশ স্বাধীনতা লাভ করে। পাকিস্তানের কারাগার থেকে মুক্তি লাভ করে ১৯৭২ সালের ১০ জানুয়ারী বঙ্গবন্ধু ঢাকায় প্রত্যাবর্তন করেন। ১২ জানুয়ারী তিনি স্বাধীন বাংলাদেশের প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণ করেন এবং যুদ্ধবিধ্বস্ত দেশকে নতুনভাবে গড়ে তোলার কাজে আত্মনিয়োগ করেন। স্বাধীকার থেকে স্বাধীনতার সংগ্রাম সবই পরিচালনা করেছেন শেখ মুজিবুর রহমান। অসীম দক্ষতা ও যোগ্যতায় তাঁর ছিল মানুষকে উদ্ধৃত্ত করার মতো অসাধারণ বজ্রকণ্ঠ। অনলবর্ষী বক্তা হিসেবে তার ছিল বিপুল খ্যাতি। অকৃত্রিম দেশপ্রেম, সাধারণ জনগনের প্রতি গভীর ভালোবাসা, অমায়িক ব্যক্তিত্ব উপস্থিত বুদ্ধি তাকে বাঙ্গালি জাতির অবিসংবাদিত নেতা পরিণত করেছে। তার হাত ধরেই বাংলাদেশ স্বাধীন হয়েছিল তার অতুলনীয় অবদানের জন্য জাতি তাকে “জাতির জনক” হিসেবে বরণ করে নিয়েছে।

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের স্বাধীনতা লাভের পর খুব বেশিদিন ক্ষমতায় থাকার সুযোগ না পেয়েও যতটুকু সময় ক্ষমতায় ছিলেন যুদ্ধবিধ্বস্ত দেশকে পুনর্গঠনের উদ্যোগ গ্রহণ করেছেন। ১৯৭২ সালের ১২ জানুয়ারী ক্ষমতা লাভের পর কিছুদিনের মধ্যে ভারতীয় বাহিনীর দেশত্যাগ করা এবং মুক্তিবাহিনীর অস্ত্রসমর্পণ করায় তাঁর ভূমিকাই অগ্রগণ্য। বিশ্বের ১০৪টি দেশ স্বাধীন বাংলাদেশকে স্বীকৃতি প্রদান করেন। বাংলাদেশ জাতিসংঘের সদস্যপদ, জোটনিরপেক্ষ আন্দোলন ও ইসলামি সম্মেলন সংস্থার সদস্যলাভ করে বঙ্গবন্ধুর আমলে ১৯৭২ সালের ১৬ ডিসেম্বর বাংলাদেশের সংবিধান কার্যকর হয়।

বঙ্গবন্ধু দেশ স্বাধীন করলেও স্বাধীনতাবিরোধী ঘাতকের দল তার সাফল্য ও বাঙালির উপার্জনকে মেনে নিতে পারেনি। তাই আবার শুরু হয় ষড়যন্ত্র। দেশ যখন সকল বাধা দূর করে এগিয়ে যাচ্ছিল তখন তিনি দেশীয় ষড়যন্ত্রকারী ও আন্তর্জাতিক চক্রের শিকারে পরিনত হন। ১৯৭৫ সালের ১৫ আগস্ট বাহিনীর তৎকালীন কিছু বিপথগামী সদস্যের হাতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান নিহত হন।

বাংলাদেশের স্বাধীনতার ইতিহাসে একটি অনন্য নাম বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। তিনি সর্বশ্রেষ্ঠ বাঙালি এবং স্বাধীন বাংলাদেশের জাতির জনক। তার দূরদর্শী, বিচক্ষণ এবং সঠিক নেতৃত্বেই বাংলাদেশ স্বাধীন হয়েছিল। তিনি সবসময় জাতির কল্যাণেই কাজ করে গেছেন। সমস্ত জাতিকে তিনি মুক্তি ও স্বাধীনতার চেতনায় ঐক্যবদ্ধ ও উদ্বুদ্ধ করেছিলেন। তার আত্মত্যাগ জাতিকে মহান মর্যাদায় অধিষ্ঠিত করেছে।

“এমনভাবে অধ্যয়ন করবে, যেন তোমার সময়াভাব নেই, তুমি চিরজীবী। এমনভাবে জীবনযাত্রা নির্বাহ করবে, যেন মনে হয় তুমি আগামীকালই মারা যাবে”।

- মহাত্মা গান্ধী



Magic in Marquez's 'Magic Realism'

M. Jahidul Azad
Assistant Professor
Department of English




Photo: Gabriel Garcia Marquez

Gabriel Garcia Marquez was a Colombian novelist, short-story writer, a screenwriter who eventually is considered one of the most significant authors of the 20th century. He once said, “A person does not die when he should but when he can.” Had he truly meant it, he would have chosen to die much later. However, death comes when it comes. Marquez is dead. True, but who will carry the legacy of Marquez’s brand of magic realism in the coming days? With Marquez’s leaving for eternity, there will be a vacuum in magical realism writing. But, wait! He also taught us one important lesson about the genre of magical realism and that is: to develop your style and technique based on all that has happened in your life rather than imitate.

The three common elements, found across many of his works are the theme of solitude, the setting of a village called ‘Macondo’, and ‘La Violencia’ (which refers to a brutal civil war between conservatives and

liberals that lasted till the 1960s). No wonder these elements helped him to create stories that would eventually chronicle a nation's life, culture, and history. By the time Garcia Marquez and his fellow members of "el boom" in Latin-American fiction came to maturity, the re-emergence of the fantastic heritage in fiction appeared no less revolutionary than the region's politics. In a number of his works, he experimented with a less traditional approach to reality. As a result, an unusual event has been described rather too ordinarily. In his writings, there are the ingredients of pure realism too. But for which one would you compliment him? Realism or magic realism? Of course, we compliment him for his thoughts, patterns, and techniques, for his type of magical realism. His famous short story 'Light is Like Water' shows his type as a magical realist writer. And the fascinating bit is that Marquez's magical realism in many places sprang out of bizarre incidents unfolding in ordinary circumstances. Added to that is his deliberate use of folk tales, myth, and history to entertain his readers by giving them the feel of realism which seems more of Marquez's realism than magical. The most talked-about example in this regard (especially among students) is the physical and spiritual ascension to heaven of a character while she is hanging the laundry out to dry in *One Hundred Years of Solitude*. Well, there could be endless hours of debate regarding the characteristics of Marquez's magic reality writings. But actually, it can be found in his quotes to be equally realistic as magical. For instance, regarding marriage in his *Love in the Time of Cholera* he writes: "The problem with marriage is that it ends every night after making love, and it must be rebuilt every morning before breakfast." Look through the words and you'll find clear elements of humor, satire, and magical elements in it. In another place of the same book he says, "Wisdom comes to us when it can no longer do any good".

In most cases, wisdom comes at such a time when there is little or no use for it. Probably the funniest among all is about fiction, of which he says, "Fiction was invented the day Jonah arrived home and told his wife that he was three days late because he had been swallowed by a whale", and the cleverest one is perhaps: "One can be in love with several people at the same time, feel the sorrow with each, and not betray any of them." The most critical Spanish-language author since Miguel de Cervantes, Garcia Marquez's powerful impact on the literary world will never be forgotten for another reason: style. If you go through the books then you are to notice that he is one of those who never stuck to a particular type when it comes to writing. The magic of this is that one way or another he was capable of creating a huge readership. There is even an important

commentary by him that is worth mentioning: One does not choose the style. You can investigate and try to discover what the best style would be for a theme. But the style is determined by the subject, by the mood of the times. If you try to use something that is not suitable, it just will not work. Since they understand how to seduce their readers, maybe that is why writers like him become masters. Take, for instance, the work *No One Writes to the Colonel* where the novel's main characters are not named, adding to the feeling of insignificance in an individual living in Colombia. And the 'Chronicle of a Death Foretold' is a queer combination of journalism, realism, and a detective story. In the end, Marquez may be remembered for his rare talent and contribution to the literature world but that is too eerily similar to a saying of his death: "Nothing resembles a person as much as the way he dies."

**"The greatest glory in living lies
not in never falling, but in rising
every time we fall".**

- Nelson Mandela



Albert Einstein: Life and Work

Dr. Md. Zahid Husain Khan

Professor

Department of Civil Engineering

Albert Einstein was born in Ulm in Germany on 14 March 1879. His father Hermann Einstein was an engineer. Einstein attended a Catholic elementary school in Munich from the age of five for three years. At the age of eight, he was transferred to the Luitpold Gymnasium, now known as the Albert Einstein Gymnasium, where he received advanced primary and secondary school education. Einstein excelled at mathematics and physics from a young age. At 16, Einstein took the entrance examinations from the Swiss Federal Polytechnic School in Zurich. He failed to reach the required standard in the general part of the examination but obtained exceptional grades in physics and mathematics. At 17, he enrolled in the four-year mathematics and physics diploma program at the Federal Polytechnic School. In 1900, Einstein was awarded the diploma.

After graduating in 1900, Einstein spent almost two frustrating years searching for a teaching post. He secured a job in Bern as a technical assistant at the Swiss patent office. In 1905 Einstein completed his thesis with Alfred Kleiner, Professor of experimental physics. As a result, Einstein was awarded a Ph.D. by the University of Zurich with his dissertation 'A new determination of Molecular dimensions'.

By 1908, he was recognized as a leading scientist and was appointed lecturer at the University of Bern. In 1909 he was appointed Associate Professor at the University of Zurich. Einstein became a full Professor at the German Charles Ferdinand University in Prague in 1911. He was awarded the Nobel Prize in 1921 for his services to theoretical physics and especially for his discovery of the Law of Photoelectric Effect. The decision to give Einstein the award was controversial because the brilliant physicist was a Jew and a pacifist. Einstein was a Professor at the University of Berlin for a time but fled Germany in 1933 during the rise of Adolf Hitler. He renounced his German citizenship and moved to the USA to become a professor of theoretical physics at Princeton University becoming a US citizen in 1940.

After he retired in 1945, Einstein spent most of his later years working on a method to unify gravity and electromagnetism, what is known as a unified field theory. The effort stumped the physicist who died of a burst of a blood vessel near his heart on April 18, 1955.

Einstein's body was cremated and their ashes were spread in an undisclosed location. But the doctor performed an unauthorized craniotomy before this and removed and saved Einstein's brain. The brain has been the subject of many tests over decades, which suggested that it had extra folding in the gray matter.

Some of Albert Einstein's most significant achievements are the Quantum theory of light, the Special theory of relativity, the Bose-Einstein condensate, the General theory of relativity, the photoelectric effect, and Wave-particle duality. The equation $E=mc^2$ showing the equivalence between mass and energy is perhaps the most widely known aspect of Einstein's work.

“বুদ্ধিমান লোক জরুরি কাজেই তার জীবন
ব্যয় করে”।

-প্লেটো



C Programming Language

Md. Yasin

56th Batch (Day), CSE

ID: 211030101021

Do you know what programming is? If not, don't be worried, let me explain it. Computer programming is a process that professionals used to write code that shows how a computer application or software program performs. And that is called the programming language. A programming language provides a way for a programmer to express a task so that a computer could understand and execute it. C is a powerful general-purpose programming language. It can develop software like operating systems, databases, compilers, and many more. C programming is the best language to learn for beginners.

Dennis McAllister Ritchie is an American computer scientist who created the C programming language. He was the head of the Lucent Technologies System Software Research Department when he retired in 2007. In 1967, Ritchie began working at the Bell Labs Computing Sciences Research Center, and in 1968 he defended his Ph.D. Thesis on "Computational Complexity and Program Structure" at Harvard under the supervision of Patrick C. Fischer. Sadly, Ritchie never received his Ph.D. officially. There was a requirement for the degree since he did not submit a bound copy of his dissertation to the Harvard Library, he could not receive the Ph.D officially.

To supplement assembly language with a system-level programming language, Thompson (Ritchie's colleague) created B. Later, B was replaced by C, created by Ritchie, who continued to contribute to the development of UNIX and C for many years.

Nowadays, the C language is widely used in application, operating system, and embedded system development and I have seen its effects in most modern programming languages. C is a low-level language whose structures closely translate into hardware instruction sets, though it is not tied to any hardware - it makes it easy to write programs on any C-supported machine. Moreover, C is a high-level language that performs construct mapping in the data structure of the application.

One might say, C is the foundation of programming. If you know 'C', you can easily grasp the knowledge of other programming languages that use the 'C' concept.

Following are the basic commands in the C programming language:

1. `#include<stdio.h>` => This command includes **standard input output header file (stdio.h)** from the C library before compiling a C program.
2. `int main()` => This is the main function of the C program.
3. `{` => Indicates the start of the main function.
4. `/*_some_comments_*/` => Something written inside this command inside a C program, it will not be considered for compilation and execution.
5. `printf("Hello_World! ");` => This command prints the output on the screen.
6. `getch();` => This command is used for any character input from the keyboard.
7. `return 0;` => This command is used to close a C program (main function) and it returns 0.
8. `}` => And finally it is used to indicate the end of the main function.

C is used in developing an operating system. Operating systems such as Apple's OS X, Microsoft's Windows, and Symbian are developed using the 'C' language. It is used for developing desktop as well as mobile phone operating systems. It is a base language for many programming languages. If you learn 'C' as the main language, it will play an important role in reading other programming languages. It shares the same concepts as data type, operator, control statement, and much more. 'C' can be widely used in various applications. It provides a simple language and fast functionality. There are a lot of jobs available for a 'C' developer in the current market.



খামে ভরে তুলে দিও আঙুলের মিহিন সেলাই...

শারীফুল ইসলাম

প্রভাষক, শিক্ষা বিভাগ

শিক্ষা উন্নয়নকর্মী ও স্বাধীন চলচ্চিত্র নির্মাতা

কাজী নজরুলের বাঁধন-হারা কিংবা নিমাই ভট্টাচার্যের মেমসাহেব যখন লেখা হয়েছিল, তখন হয়তো চিঠিই ছিল মনের ভাব প্রকাশের সবচেয়ে জনপ্রিয় মাধ্যম। আত্মার ভেতরে বেজে যাওয়া শব্দগুলিকে প্রিয় মানুষটির কাছে পৌঁছে দেওয়ার নির্ভরযোগ্য পদ্ধতি। আর তাইতো মহাদেব সাহাও তার প্রিয়তমাকে উদ্দেশ্য করে বলতে পেরেছেন, ‘করণা করে হলেও চিঠি দিও’! কেবল কবিতা বা উপন্যাস নয়, সাম্প্রতিক সময়ের আধুনিক গানগুলো বাজিয়ে দেখলে সেখানেও পাওয়া যায় ভাব বিনিময়ের জনপ্রিয় এই মাধ্যমটির কথা। যেমন- চিঠির উত্তর দিসরে বন্ধু যদি মনে লয়/বিদেশ গিয়া বন্ধু তুমি আমায় ভুইলো না, চিঠি দিও পত্র দিও জানাইও ঠিকানা/চিঠি লিখেছে বউ আমার ভাঙ্গা ভাঙ্গা হাতে/চিঠি দিও প্রতিদিন, চিঠি দিও, ইত্যাদি। আপন মানুষের খোঁজ খবর পাবার এত করুণ আকৃতি চিঠি ছাড়া আর কোথায় পাওয়া যাবে!

আগে মানুষ পায়রার পায়ে চিঠি বেঁধে দিয়ে কাক্ষিত ঠিকানায় পাঠাতো। চিঠির ইতিহাস সভ্যতার প্রারম্ভের দিকের হলেও পাথরে ছবি এঁকে কিংবা প্রতীকী চিহ্ন দিয়ে খবরাখবর আদান-প্রদান সেই গুহাবাসীদের থেকেই শুরু। ধারণা করা হয়, পৃথিবীতে প্রথম লিখিত রূপটি ছিল একটি চিঠি। সেই সূত্রে চিঠির বয়স মানবসভ্যতার বয়সের চেয়েও বেশি। তবে এ ধারায় প্রেমপত্রই সবচেয়ে বেশি লিখিত ও পঠিত। চিঠিপত্র আদান-প্রদান সহজ ও দ্রুততর করতেই ডাক বিভাগের প্রচলন। ‘রয়্যাল মেইল’ নামে বিশ্বের প্রথম ডাক বা পোস্টাল সার্ভিস চালু হয় ১৫১৬ সালে। ১৬৬০ সালে দ্বিতীয় চার্লস ‘অষ্টম হেনরি’ প্রবর্তিত এ ডাক প্রথা ‘সাধারণ ডাক বা জেনারেল পোস্ট অফিস’ প্রবর্তন করেন। তবে ভারতীয় উপমহাদেশে চিঠির প্রচলন প্রাতিষ্ঠানিক রূপ পেয়েছিল ১৭৭৪ সালে ডাক বিভাগ প্রতিষ্ঠার মাধ্যমে।

বাংলাদেশের ডাক ব্যবস্থার সূচনা সমসাময়িক কালেই। জানা যায়, বাংলাদেশ ডাক বিভাগ প্রায় ১৫০ বছরের পুরনো। হিসাবমতে, নব্বইয়ের দশকের শেষের দিকে বাংলাদেশে ডাক পিয়ন,



রানার, পোস্টমাস্টার ও অন্যান্য কর্মচারী কর্মকর্তা মিলে ডাক বিভাগের লোকবল ছিল ৪০ হাজার। সে সময়ের মানুষেরা হাতে লেখা চিঠি দিয়ে দূর-দূরান্তে যোগাযোগ রক্ষা করতেন। তারা পোস্ট অফিসের মাধ্যমে এসব চিঠিপত্র কাঙ্ক্ষিত ঠিকানায় পাঠাতেন। আর বার্তাবাহকের গুরুত্বপূর্ণ কাজটি করতেন রানাররা। প্রবাসীরাও তাদের স্বজনদের সাথে চিঠির মাধ্যমেই যোগাযোগ করতেন। পাঠাতেন অর্থ, আর সেই অর্থ আসতো ডাকযোগেই। রানাররা, সঠিক ঠিকানায় বিশ্বস্ততার সাথে পৌঁছে দিতেন সেইসব অর্থ। কিন্তু এখন সেই প্রয়োজন ফুরিয়ে এসেছে।

বিজ্ঞান আর প্রযুক্তির আশির্বাদের ফলে বিশ্বের যে কোনো প্রান্ত থেকেই এখন অতিদ্রুততার সাথে যে কোন কিছু পৌঁছে দেয়া সম্ভব হয়। ফলে হাতে লেখা চিঠি কিংবা পার্সেলও আগেকার মত ব্যস্ততা নিয়ে খুব একটা আসে না বলেই কর্মস্থলে অলস সময় কাটান পোস্ট অফিসের কর্মকর্তারা। ধীরে ধীরে তাই শহর-নগর-বন্দর থেকে পোস্ট অফিসের সংখ্যা কমে যাচ্ছে। আর রাস্তার পাশে বসানো পোস্টবক্সগুলো যেন ইতিহাসকে উদরে পুরে উপরে মরিচার আস্তরণ নিয়ে টিকে থাকার প্রাণপণ চেষ্টায় ব্যস্ত। সরকারি কিছু গুরুত্বপূর্ণ ও গোপনীয় চিঠিপত্র আর পার্সেলের কাজ ছাড়া পোস্ট অফিস যেন এখন শুধু ঠিকানায় উল্লেখ করার প্রয়োজনেই বেশি ব্যবহৃত। এমনকি নতুন প্রজন্ম হয়তো চিঠি কি জিনিস তাই জানে না। যারাও বা জানে তারা পরীক্ষায় নম্বর পাবার উদ্দেশ্যে ব্যাকরণ বই থেকে চিঠি মুখস্ত করে খাতায় উগড়ে দিতে। অথচ ডাক ব্যবস্থাকে ঘিরেই শত শত বছর ধরে রচিত হয়েছে মানুষের অগ্রযাত্রার কত না ইতিহাস। প্রবাস থেকে পাঠানো স্বজনের চিঠির জন্য অপেক্ষা করতে হতো সপ্তাহ কিংবা মাস; মুখিয়ে থাকতে হতো কবে আসবে চিঠি, কবে দরজায় কড়া নাড়বে রানার! সেই অপেক্ষায় মিশে থাকতো প্রিয়জনের জন্য অকৃত্রিম ভালোবাসা। প্রযুক্তি আজ সেই অপেক্ষার প্রহরকে ছুটিতে পাঠিয়েছে, সাথে নিয়ে গেছে ভালোবাসা মিশ্রিত শত প্রতীক্ষার অনুভূতিও।

বর্তমান প্রজন্মের অধিকাংশের মতে, কাগজে লিখলে চিঠি আর ই-মেইল করলে তা যে চিঠি নয়, এমন তো নয়। চিঠি সবই। তবে এটা ঠিক, কাগজে চিঠি লিখতে বসলে অনেক সুখ-দুঃখের কথা চলে আসে। ই-মেইলে যেন সেই সুখ-দুঃখটা ধরা দেয় না। চিঠিতে প্রিয়জনকে বহুগুণে আকৃষ্ট করতে হাতের আঙ্গুল কেটে রক্ত দিয়ে লেখা থাকতো কত না স্মৃতিমাখা বেদনার ছন্দ কথা। ই-মেইলে সে সব ছন্দ কথা কখনই ধরা দেয় না।

আগেকার দিনে চিঠিতে শুধু বিষয়-বৈচিত্র্যই নয় বরং মনের কথা প্রকাশের ধরনেরও ছিল নানা আঙ্গিক। যেমন চিঠির শুরুতেই ‘এলাহি ভরসা’ লেখার প্রচলন আজও রয়েছে। গুরুজনদের কাছে চিঠি লেখার সময় ‘শত কোটি সালাম’ লেখাটিও ছিল বেশ জনপ্রিয়। চিঠিতে সম্বোধনের পরে ‘পর সমাচার এই যে’ এই বলেও চিঠি লিখতেন অনেকে। তবে ভালবাসার মানুষের কাছে চিঠি লেখার জন্য বাহারি প্যাড পাওয়া যেত হাট-বাজারের দোকানে। হলুদ, গোলাপি, নীলসহ নানা রোমান্টিক রঙের প্রেমের আমন্ত্রণী বাণী জলছাপ দিয়ে লেখা থাকত ওইসব প্যাডে। থাকত ফুলের কিংবা প্রেমের নকশার বাহার। এমনকি চিঠির ইতিহাস ঘেঁটে তথ্য পাওয়া যায় যে, ১৯ শতকের আগে চিঠি পোস্ট করার জন্য ব্যবহৃত খাম ছিল খুবই দুর্মূল্য বস্তু। কারণ তখন পর্যন্ত খাম সব হাতে বানানো হতো। সে

সময় মানুষ আর খাম কিনতে যেতো না। চিঠি লিখে ভাঁজ করে সিল করে দিতো যেন অন্য কেউ খুলে পড়তে না পারে। কিন্তু সময় এখন বদলে গেছে। সুকান্ত ভট্টাচার্যের কবিতার রানারদের জায়গা এখন শুধু কবিতার শব্দেই সীমাবদ্ধ। ডিজিটাল মিডিয়ার দ্রুততার কাছে হারিয়ে গেছে সেই সব ডাক-রানাররা। এখন আর নতুন খবর পৌঁছানোর তাগাদা নিয়ে প্রাপকের দরজায় দরজায় ছুটে যেতে হয় না তাদের। তথ্য-প্রযুক্তির আধুনিকতার স্পর্শে দিনে দিনে হারিয়েই গেছে প্রায় পোস্ট অফিসের প্রাণবন্ত চেহারা। চিঠির বস্তা কাঁধে নিয়ে রাত-বিরাতে এখন আর রানার তেপান্তরের মাঠ মাড়িয়ে ছুটে যায় না। পোস্ট অফিসের পিয়নটাও নিষ্কর্মা। আগের সেই চাপও নেই আর। থাকবেই বা কেন? পোস্ট বক্সটা যে খালি পড়ে আছে। ভালোবাসার ডুপ্লেক্সে তখনই ছুটে যাওয়া যায় যখন তাতে সঞ্চিত ভালোবাসা থাকে।

বিবর্তনের ধারায় ফেসবুক, হোয়াটসএ্যাপ, ইমো, ভাইবার, আইসিকিউ, মেসেঞ্জারের মত যোগাযোগ মাধ্যমের আশীর্বাদে এক সময়ের বার্তা প্রেরণের একমাত্র মাধ্যম চিঠি আজ বিলুপ্ত প্রায়। তখনকার ডাকপিয়নের হাঁকের জায়গা দখল করেছে হালের স্যোসাল মিডিয়ার ‘টুং’ শব্দের নোটিফিকেশন। তাইতো এখন সেই আমলে স্বামীর চিঠির জন্য নববধূর না ফুরানো ক্লাস্তিহীন অপেক্ষার দিনও শেষ। দূর দেশে প্রিয় মানুষটা তার কলিজার গায়ে দাগ লেগে থাকা কষ্টের কথা, আশার কথা, ভালবাসার কথা গোঁটা গোঁটা অক্ষরে লিখে পাঠানোর গল্প এখন শুধুই রূপকথা; প্রিয়তমা শাড়ির ভাঁজে লুকিয়ে রেখে প্রাণসখার চিঠি আড়ালে-আবডালে পড়ে চোখের কাজল ভেজাচ্ছে; সে দৃশ্য এখন সুদূর অতীত। যান্ত্রিকতার জাঁতাকলে মানুষ হারিয়ে ফেলেছে নিখাদ শিহরণে জড়ানো হৃদয়ের উষ্ণ প্রস্রবণ। আর তাইতো বুক পকেটে ভালবাসার ডাকটিকেটের স্থলে আজ যন্ত্রের নিষ্পেষণ।

বিজ্ঞান ও প্রযুক্তি আমাদের জীবনকে দ্রুত আর সহজই করেনি শুধু; নিয়ে গেছে অনেক কিছু। অন্তত মানসিক প্রশান্তির স্থায়ীত্ব কমিয়ে দিয়েছে এসব যন্ত্র আর যান্ত্রিকতা। চিঠি/ডাক প্রথার অতীত ঐতিহ্যকে স্মরণ করতে প্রতিবছর ৯ অক্টোবর বিশ্ব ডাক দিবস পালনের মাধ্যমেই আমরা দায়িত্ব শেষ করছি। কিন্তু গোটা গোটা কিংবা ভাঙা ভাঙা অক্ষরের সেই আবেগ জড়ানো, সেই আকুতি মেশানো, সেই অপেক্ষার কষ্টমধুর প্রহরে কি ফিরতে পারছি কেউ?

‘এখন তুমি কোথায় আছো/কেমন আছো পত্র দিও/শেষ বিকেলে মেলায় কেনা খামখেয়ালীর তাল পাখাটা/খুব নিশীথে তোমার হাতে কেমন আছে পত্র দিও, কবি হেলাল হাফিজের সেই ‘কেমন আছো’র উত্তর দিতে কি কাগজ কলম নিয়ে কেউ আর বসে থাকবে? নাকি পোস্ট বক্সটা কেবল মরিচা ধরা ইতিহাসের সাক্ষী হয়েই ঠায় দাঁড়িয়ে থাকবে?



Set the Goal of Paradise And be Happy

Md. Alamgir Hossain

Senior Lecturer

Department of Computer Science and Engineering

Why are we good? Why do we work so hard? If we think a little better, we can see that we live and stay well for the sake of a strong desire, hope, or realization of a specific purpose. For example, working people work hard to get a salary and other benefits at the end of the month, and students study for good results at the end of the year. Again, the farmer plants crops and takes care of the crop to get beautiful grain at the end of the season. Many works all day to get a good night's sleep and to put a smile on the face of others. In this way, something will happen, and we will do something or cause a smile on the face of another person, this thought or hope is what we work so hard for. The purpose of getting something is to keep us busy and to get something gives us happiness. Again, we get frustrated when we work hard to get something but we don't get it. We keep looking for the meaning of life. Although life is very meaningful when you look around, every moment of life is very beautiful.

Now when we set a goal in front of us, success or failure can come from it unless we work hard enough to achieve it. Because one of the abilities that Allah Ta'ala has given to humans in the world is the willpower of good and evil and the effort to succeed in that desire. Although it is possible to change everything through prayer, Allah Ta'ala has also given this ability to humans. So, whether we succeed in something depends largely on our willpower, hard work, and prayer. So, if we fail at something or don't get something like our imaginary time, we should try to push the goal bigger without getting frustrated. You will see that aimless people become more frustrated. Most of them think life is meaningless. As a result, they do not hesitate to choose the path of suicide.

Now the question may come then how can we arrange the whole time of our life in the marrow of happiness! To do that, we have to determine the ultimate goal of our life, the last and the place of eternal happiness, Paradise. When every step including our thoughts, meditations, and actions will be the ultimate goal, meaning keeping Paradise in front of us,

then an invisible feeling of happiness will continue to work among us. We may have month-long, year-round goals, but above all, we will be contented and lasting when the hope of paradise continues to waver in our minds. And in this situation, no harm will be done to mankind by anyone. There will be no corruption, or neglect of every point of duty. Because then the desire for happiness will be affected. Frustration will not work in anyone, because he/she is moving forward with the real purpose in mind. Multiple studies say that most of the crimes in the world are committed by people who are ultimately aimless and frustrated. Therefore, in this life of the world, everyone should have a goal and purpose for peace of mind, free from guilt, and lasting happiness in the hereafter, and that is paradise.

**“Learn from yesterday. Live for
today. Hope for tomorrow.”**

– Albert Einstein



উপলব্ধি

রাকিব উদ্দিন

সহকারী অধ্যাপক, ইংরেজি বিভাগ

দুদিন যাবৎ প্রচণ্ড জ্বর সাথে মাথাব্যথা ও সর্দি। আরো দুদিন আগে থেকে আমার স্ত্রীর জ্বর, সঙ্গে মাথাব্যথা এবং সর্দি। সকাল থেকে মেয়েটারও জ্বর শুরু হয়েছে। আমার ছেলের বয়স মাত্র আড়াই বছর। আধো আধো কথা বলে। ওর মা'র কাছ থেকে একটা কাঁথা এনে আমাকে দিয়ে বলল, এই নাও বাবা, কাঁথা। সঙ্গে সঙ্গে আমার বাবার কথা মনে পড়লো। ছোটবেলা থেকে দেখেছি বাসায় কেউ অসুস্থ হলে আঝা ব্যাপারটা যথেষ্ট গুরুত্বের সাথে নিতেন। জ্বর, মাথাব্যথা ও পেটে অসুখসহ প্রাথমিক সকল রোগের ঔষধ এবং যাবতীয় জিনিসপত্র আঝা আগে থেকেই বাসায় এনে রাখতেন। বাসায় কোন মেহমান আসলে শোয়ার সময় তাদের মশারি, কাঁথা এবং বালিশ এগুলো ঠিকঠাক আছে কিনা সেগুলো খোঁজ নিতেন। বাসায় কোন মেহমান আসলে কেন যেন মনে হতো আঝা খুব খুশি হতেন এবং মেহমানদের জন্য সাধের মধ্যে যতটুকু যা করা যায় তাই করতেন। একটা মজার ব্যাপার হলো, আমাদের বাড়ির লোকেশনটা ঠিক এমন জায়গায়, কেউ কোন জায়গা থেকে আসলে অথবা কোথাও যেতে চাইলে, আমাদের বাড়িটা ছিল একটা ঘাঁটির মতো। মায়ের আত্মীয়, বাবার আত্মীয় ও আমাদের বন্ধুবান্ধব সবারই একটা পছন্দের জায়গা ছিল আমাদের বাড়ি। বিষয়টা আমি এবং আমার বোন খুব উপভোগ করতাম। বাসায় মেহমান আসা মানে বিভিন্ন ধরনের পিঠা, পুকুর থেকে মাছ ধরা, দুই ঘরের মাঝখানে জাল পেতে মুরগি ধরা, কখনো কখনো মুড়ি ভাজার ধুম ইত্যাদি আরো অনেক কিছু। সবচেয়ে মজার যে বিষয়টি ছিল তা হলো, রাতে খাবার শেষে বাড়ির উঠোনে হোগলা (এক ধরনের পাটি যা হোগলা পাতা দিয়ে বানানো হয়) পেতে সবাইকে নিয়ে একসাথে গল্প করা। গল্পের মধ্যে হাসির কোন বিষয় থাক আর না থাক মাঝে মাঝেই সবাই মিলে সমস্বরে হেসে ওঠা। রাত্রি জ্যোৎস্না হোক বা অমাবস্যা, গল্প চলতে থাকে অনেকক্ষণ। রাতে গল্প করে দেরিতে ঘুমাতে গেলেও সকালে ফজরের নামাজ পড়াটা ছিল বাধ্যতামূলক। এ ব্যাপারে কোন ছাড় নেই। যাইহোক, মূল গল্পে আসা যাক।

জন্ম নিবন্ধনের তথ্য অনুসারে মাত্র ২৩ বছর বয়সে আল্লাহ আমাকে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হিসেবে কবুল করেন। যা গতকাল ১০ বছরে উল্লীত হলো। চাকরি হওয়ার সাথে সাথেই বোনকে বললাম বিয়ের ব্যবস্থা করতে। আমার বোন আমাকে ওর নিজের সন্তানের চেয়ে বেশি ভালোবাসে আর আমিও। আমাকে খুব সিরিয়াস দেখে ও নিজে বিষয়টাকে খুব গুরুত্বের সাথে নেয় এবং মাত্র দুই মাসের মাথায় বিয়ের ব্যবস্থা করে। ২০১৭ সালে আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা তার অশেষ নেয়ামত স্বরূপ আমাকে একজন কন্যা সন্তান দান করেন এবং তার মাত্র আড়াই বছর পরে আল্লাহ আমাকে আরও একটা উপহারস্বরূপ একজন পুত্র সন্তান দান করেন। যার কথা দিয়েই গল্পটা শুরু করেছি। আলহামদুলিল্লাহ, ছুম্মা আলহামদুলিল্লাহ। ২০১২ সালে আমি যখন বিয়ে করি তখন আমার অনেক বন্ধুবান্ধব এবং

আত্মীয়-স্বজন আমাকে নিয়ে হাসি-ঠাট্টা করত, কারণ আমি অনেক কম বয়সে বিয়ে করেছি। যদিও আমার কাছে বিষয়টা বেশ মজা লাগতো, কারণ আমি জানি যেটা আমি করেছি সেটা ঠিক ছিল।

জ্বরের প্রচণ্ডতা আমাকে বিছানা বন্দী হতে বাধ্য করেছে। চোখ দুটো ঝাপসা হয়ে আসছে। মাথাব্যথায় মনে হচ্ছে শিরা গুলো ছিঁড়ে যাবে। নাক সম্পূর্ণ বন্ধ। দম নিচ্ছি মুখ দিয়ে। কখনো কখনো মনে হয় দমটা এখনই বন্ধ হয়ে গেল। ছোটবেলায় জ্বর হলে দেখতাম মা, পানির পট্টি কপালে বসাতো, কখনো কখনো বদনার নালা দিয়ে মাথায় পানি দিত, কখনো কখনো ভেজা কাপড় দিয়ে সারা শরীর মুছে দিতো। এখন আর কেউ দেয় না। মা তো মা-ই। শুয়ে আছি ঠিক সেই বিছানায় যেখানে আমার বাবা তার জীবনের শেষ ক’টা দিন কাটিয়েছেন এবং তার জীবনের শেষ নিঃশ্বাসটা ঠিক এখানেই ত্যাগ করেছেন। মনে মনে ভাবছি, আমি কি তাহলে এখনই মারা যাবো? আমার কি তবে সময় শেষ? আচ্ছা সময় যদি শেষ হয়, আমার উপর অর্পিত দায়িত্বগুলো কি শেষ করতে পেরেছি? এ ৩৩ বছর বয়সে টুকটাক যা আমল করেছি, তা নিয়ে কি আমার সৃষ্টিকর্তার সামনে দাঁড়াতে পারবো? কতজনকে মনে কষ্ট দিয়েছি? কত জনের গীবত করেছি? কতজনকে গালি দিয়েছি? কতজনের হক নষ্ট করেছি? প্রতিটা প্রশ্নের উত্তরই ভয়াবহ রকমের হতাশাজনক। কিন্তু হঠাৎ পবিত্র কোরআনের সেই আশাব্যঞ্জক আয়াতটা মনে পড়ে যায়, যেখানে আল্লাহ সুবহানাল্লাহু তা’আলা বলেছেন, ‘হে আমার বান্দারা তোমরা আমার ক্ষমার ব্যাপারে নিরাশ হইও না’।

আমি জানি, এই পৃথিবীতে আল্লাহর চেয়ে আমাকে আর কেউ বেশি ভালোবাসে না, এমনকি তার চেয়ে বেশি ভালোবাসাতে পারবেও না এবং আমিও এই মহাবিশ্বে আল্লাহর চাইতে অন্য কাউকে বেশি ভালোবাসি না এবং ভালোবাসতে চাইও না। আমি যাকে যাকে ভালোবাসি শুধু আল্লাহর সন্তুষ্টির জন্যই ভালোবাসি। এবং যাকে যাকে ঘৃণা করি শুধু আল্লাহর সন্তুষ্টির জন্যই ঘৃণা করি। আল্লাহ আমাদের সকলকে ক্ষমা করুন। মৃত্যু আসার আগেই মৃত্যুকে বোঝার তৌফিক দান করুন। আমিন।

“তুমি আমাকে শিক্ষিত মা দাও, আমি তোমাকে শিক্ষিত জাতি দিবো”।

- নেপোলিয়ন বোনাপার্ট



পারিবারিক শিক্ষা

সিলমা সুবহা আহমেদ

৫৮তম ব্যাচ, বিএড

আইডি: ২১৩০১০৩০১০০৩

জীবনে চলার পথে আমাদের অনেক প্রকারের ধাপ অতিক্রম করতে হয়। প্রথমে আমরা পরিবারে মা-বাবা, ভাই-বোনদের সাথে বসবাস করি। এই পরিবার হলো এমন একটি স্থান যেখানে আমরা আমাদের সুখ-দুঃখ, আচার-আচরণ সকল কিছুই পাই। পরিবারের কারণে আমরা সমাজে চলতে পারি। এ ক্ষেত্রে পারিবারিক শিক্ষা একজন শিশুর জীবনে সবচেয়ে বেশি গুরুত্ব রাখে।

আজকাল বিভিন্ন পরিবারে পারিবারিক শিক্ষার অভাব দেখা যায়। অনেক বাবা-মা মনে করেন সন্তান লেখাপড়ায় ভালো হবে। কিন্তু সন্তানদের আচার-আচরণ শেখানো, ভালো মূল্যবোধের সাথে ভালো সময় পার করা ইত্যাদি বিষয়ে গুরুত্ব দেন না। একজন ছাত্র বা ছাত্রী তার মধ্যে যদি মনুষ্যত্ব বা মূল্যবোধ না থাকে, তবে সে সমাজের জন্য হুমকি আর এই মূল্যবোধ সৃষ্টির প্রধান স্থান হল পরিবার। পরিবার হল আস্থার স্থান, পরিবার হল নির্ভর করার স্থান যেখানে আমরা ছায়া পাই। যে-কোনো বিপদে পড়লে আমরা জানি আমার পরিবারের মানুষজন সাহায্য করবে। এভাবে, পরিবার থেকে আমরা একে অন্যকে সাহায্য করা শিখি।

আজকাল মানুষ অনেক আত্মকেন্দ্রিক। নিজেকে ছাড়া অন্য কিছু বুঝে না। রাস্তায় কেউ বিপদে পড়লে আমরা সহজে সাহায্য করতে চাই না। অথচ আমাদের উচিত পরিবার থেকে শিশুকে শেখানো অন্যকে সাহায্য করা। যেমন আমি ছোটবেলা থেকে দেখতাম আমার মা-বাবা গরিব মানুষ অথবা আত্মীয়-স্বজনদের প্রতি অনেক দানশীল। তারা নিজেদের সামর্থ্য অনুযায়ী তাদের সাহায্য করতেন। আবার বাসার কাজের মানুষের সাথে আচরণ এটাও পরিবার থেকেই শিশুরা শিক্ষা লাভ করে। যে ভাষা ব্যবহার করে বাড়ির কাজের মানুষের সাথে খারাপ আচরণ করা হয় সেসকল শিশুরা পরবর্তীতে সেই খারাপ ভাষার ব্যবহার করে মানুষকে অপমান করা শেখে এবং ছোটবেলা থেকে মানুষকে সম্মান করতে শেখে না। আবেগ মানুষের জীবনে অনেক দরকার। যদি আবেগ না থাকে তবে সেই মানুষ পাষণ্ড হয়ে বড় হবে।

অনেক মা-বাবারা মনে করেন আমাদের ছেলে সন্তানকে শক্ত করে মানুষ করতে হবে। তারা মনে করেন ছেলেরা কখনো কান্না করে না, ছেলেরা বাড়ির কাজে সাহায্য করে না। কিন্তু আমাদের উচিত পরিবার থেকে সকল সন্তানকে কিছু কাজ শেখানো যাতে তারা পরবর্তীতে ঘরের কাজে একে অন্যকে সাহায্য করতে পারে। শিশুকে বলা উচিত কারো মনে কষ্ট দিয়ে কথা বলা উচিত না।

ব্যবহার হলো মানুষের ভূষন তাদেরকে ছোটবেলা থেকেই ভাল ব্যবহার ভালো আচরণের উপর গুরুত্ব দেওয়া উচিত।



গ্রামীণ ঈদ প্রেক্ষাপট-২০২২

প্রফেসর ড. আবদুর রহমান

ডীন, আইন অনুযায়ী, বিভাগীয় প্রধান
ব্যবসায় প্রশাসন বিভাগ ও প্রক্টর

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সদয় অনুমতি সুবাদে ভালোভাবেই গ্রামের বাড়িতে প্রিয়জনদের সাথে ঈদ উৎসবে সামিল হতে পেরেছিলাম। রমজানের শেষের দিকে তুলনামূলকভাবে গরম ছিলো; তবে ঈদের দিন ছিল বৃষ্টি। ঈদের দিনের অবিবেচক বৃষ্টি শিশু, কিশোর-কিশোরী যুবক-যুবতীদের প্রতিবেশীদের বাড়িতে যাওয়া আসা, আত্মীয়-স্বজনদের সাথে দেখা সাক্ষাৎ বিষয়ে চোখে পড়ার মতন বিষয় ঘটিয়েছে। বিকেল বেলা তাদের বেশ মলিন মুখে দেখতে হয়েছে। কেউ কেউ আবার অবিবেচক বৃষ্টিকে বয়সের তাড়নায় উপেক্ষা করে ভিজে টিজে ঘোরাফেরা ঠিকই করেছে। প্রসঙ্গত ঈদের আগের কথা একটু না বললে গ্রামীণ ঈদ কাহিনীর বর্ণনা উপস্থাপনায় ঘাটতি থেকে যাবে বলে আমার মনে হচ্ছে। আমাদের গ্রামের এবং পাশের গ্রামের মসজিদগুলোতে প্রতিবছর কদর নামাজ পর খাবারের ব্যবস্থা থাকতো। করোনাকালীন গত ২ বছর উল্লিখিত সংস্কৃতিতে ভাঁটা পড়েছে। এবারেও অধিকাংশ মসজিদে কদর নামাজবাদ আপ্যায়ন হয়নি। কারণ, করোনাকালে গ্রামীণ অর্থনৈতিক ব্যবস্থা ভেঙে পড়েছে। এখনো স্বাভাবিক অবস্থা ফিরে আসেনি। তার সাথে দ্রব্যমূল্যের কষাঘাত তো রয়েছেই।

মধ্যবিত্ত, নিম্নবিত্ত পরিবারের নিজেদের নতুন কাপড়-চোপড় কেনা-কাটার চেয়ে মেয়ে-জামাই, নাতি-নাতনিকে ঈদের জামাকাপড় দেয়া অনেকটা সামাজিক বাধ্যবাধ্যকতার মধ্যেই পড়ে। সেক্ষেত্রে ঘাটতি যেমন দেখা গেছে, তেমনি দেখা গেছে এসব নিয়ে মনোমালিন্য। ধনী ব্যক্তিদের যাকাতের কাপড়, যাকাতের অর্থ প্রদানের বিষয়টি তেমন চোখে পড়েনি। কারণ, আমার মতন অধমের বোধগম্য নয়! তবে ঈদের পর ৪/৫দিন বিবাহ শাদি বিষয়ক অনুষ্ঠানের আয়োজনের প্রস্তুতি ছিলো। তবে এ জাতীয় অনুষ্ঠানাদিতে আমন্ত্রণের বিষয়টি ছিলো বহুলাংশেই রাজনৈতিক। অবশ্য এসবের মধ্যে মধ্যবিত্ত, নিম্ন-মধ্যবিত্ত মানুষের মুখে ঈদের হাসি দেখে ভালো লেগেছে ভীষণ।

পাঠকবৃন্দ, আমরা যারা বৃহত্তর বরিশালের মানুষ তাদের উৎসবকালীন আসা, যাওয়ার ভোগান্তির কথা বলার লোভ সামলাতে পারছি না। যাওয়ার সময় ভালোভাবেই পৌঁছালাম। কিন্তু আসার সময় বরিশাল লঞ্চ ঘাটে আসা মাত্রই দেখলাম যাত্রীদের দৌঁড়াদৌঁড়ি। শুনলাম, একটি শিশু যাত্রীদের ধাক্কায় নদীতে পড়ে গেছে। ফায়ার সার্ভিস-এর লোকজন জ্যাকেট পরে নদীতে ঝাঁপ দিচ্ছে শিশুটিকে পাওয়ার জন্যে। দেখলাম সাংবাদিকদের ব্যস্ততা। নীট ফল

হলো, আমার যে লঞ্চ কেবিনের টিকিট করা ২,৮০০ টাকা দিয়ে সেই লঞ্চ পরিবার-পরিজন নিয়ে আর উঠতে পারলাম না! অন্য একটা লঞ্চ উঠে সকলকে নিয়ে রেলিং-এর পাশে দাঁড়ালাম। খানিক পরে জানলাম যে, ঐ লঞ্চ কেবিন নেয়া আমার মতন আর এক অভাগা হয়তো লঞ্চ ঘাটের দুর্ঘটনায় লঞ্চ উঠতে পারেননি। ৪,৩০০ (চার হাজার) টাকা ভাড়ায় তবুও পেলাম ঐ লোকের ভাড়া করা কেবিনটি। রাত্র ৩-৩০ মি. এ ঢাকার ঘাটে নামতে হলো। কারণ ঐ লঞ্চ আবার যাবে বরিশাল। বরিশালের মানুষেরা আশার আলো দেখছে; পদ্মা সেতু চালু হলে যদি কমে যায় উৎসবমুখর দিনের ভোগান্তির যাত্রা।



বিরহী ক্যানভাসে

মো. আজিজুল ইসলাম
ডেপুটি লাইব্রেরিয়ান

সম্পর্ক যখন বন্ধ দুয়ারে আবদ্ধ হয়ে অক্সিজেন শূন্য হয়ে পড়ে তখন সেটা দুজনেরই কাছে বোঝা হয়ে ওঠে, পাহাড়ের মতোই। পাহাড় বয়ে বেড়ানো মানুষের জন্য শুধু কষ্টসাধ্য নয় রীতিমতো অসাধ্য। কিন্তু পরিবার, সমাজ, প্রতিষ্ঠান তার ছাঁচে ফেলেই বিচার করতে অভ্যস্ত, আপনার বা অন্যজনের কষ্ট বুঝতে তার এতো দায় নেই।

সম্পর্ক বিচ্ছেদে একজন মানুষ কতটা নিঃসঙ্গ হয়ে পড়েন তার প্রমাণ ফরিদীর বিভিন্ন সময়ের সাক্ষাৎকার বা তাঁর লেখায় আমরা স্পষ্টতই দেখতে পাই। একবার এক টিভি সাক্ষাৎকারে তিনি বলেছিলেন, ‘তুমি যখন কাউকে ভালবাসবে এক বুক সমুদ্র নিয়ে ভালোবাসতে হবে তোমাকে; না হলে সেই ভালোবাসার কোন মূল্য নেই’। কী গভীর ভাবনা এবং উপলব্ধির কথা! কাউকে ভালোবাসতে হলে আপনাকে সমুদ্র হতে হবে, সেখানে যেন সে কলকলিয়ে সাঁতরাতে পারেন, দম বন্ধ পরিস্থিতি যেন না হয়।

মানুষ যত বেশি ভাববে তত বেশি নতুন নতুন ক্ষেত্র তৈরি হবে। আজ যে বিষয়টা ভেবে আপনি আবেগী হয়ে পড়ছেন, সবকিছু তছনছ করে ফেলছেন, সেই বিষয়টা অর্জন করতে আপনি মহাসাগর পর্যন্ত পাড়ি দিতে দ্বিধা করছেন না। অথচ আগামীকাল সেই বিষয় নিয়ে ভাবলে মনে হবে, একটা স্থূল বিষয় নিয়ে আপনি কতটা সিরিয়াস হয়েছিলেন! তখন নিজেই নিজেকে নিয়ে হাসবেন।

আসলে মানুষের ভাবনা পরিবর্তনশীল, ক্ষণে ক্ষণে ভাবনার মাত্রা পরিবর্তিত হয়। যত বেশি ভাববেন বিষয়ের গভীরতা ততই ভাবনা বাড়িয়ে দিবে। অনেক সময় দেখা যায়, এক সময়ে যার প্রয়োজনীয়তা সবচেয়ে বেশি ছিল, সময়ের পরিক্রমায় হয়তো তার সেই উপযোগিতা হারিয়ে ডাস্টবিনে নিক্ষিপ্ত হয়েছে।

এই পরিবর্তন একজনের জন্য আশীর্বাদ হয়ে এলেও অপরজনের মেনে নিতে কষ্ট হয়, দিকভ্রান্ত হয়ে পড়েন। অপরজন পরিবর্তন চান বা না চান সে ঠিকই নিজেকে নতুন রূপে, নতুন ভাবে গড়ে নেয়। তবে বেশিরভাগ ক্ষেত্রে অক্ষম, ভীর্ণ, অথবা প্রকৃতপ্রেমীরা এই পরিবর্তনের হাওয়া থেকে গা বাঁচিয়ে চলে, যেন এতদিনের সাজানো সবকিছু হাওয়ার আঘাতে ভেঙে না পড়ে।

যে ভালোবাসা এক সময় দুজনের জন্যই অতিথ্যের ছিলো, সময়ের পরিক্রমায় একসময় সেই ভালোবাসাই অযত্নে অবহেলায় হারিয়ে যায়, এক পৃথিবীর মানুষ দুটো তখন হয় দুই মেরুর বাসিন্দা, উভয়ের প্রেম তখন একপাক্ষিক বা এক তরফা ভালোবাসায় পরিণত হয়। সেই ভালোবাসায় রয়ে যায় কেবল অপেক্ষা আর অবজ্ঞা।

মানব জীবনে কোনো কিছুই স্থায়ী নয়; হোক ভালোবাসা বা ঘৃণা। একমাত্র মৃত্যুই চিরন্তন সত্য, যদি এই সত্যটা আমরা জীবনের প্রতিটি ক্ষেত্রে মনে করি তবে হয়ত আমরা এতটা আত্মকেন্দ্রিক হতাম না, প্রতিটি সম্পর্কের মূল্যায়ন করতাম, অতিথ্যে ভালোলাগাগুলো ভালোবাসার চাদরে জড়িয়ে থাকতো।

“আমরা যখন আমাদের কর্তব্য-কর্মে অবহেলা দেখাই, কোন দায়িত্বকে নিষ্ঠার সঙ্গে গ্রহণ করি না, তখনই অকৃতকার্যতা আসে”।

- ডেল কার্নেগী



বর্তমান প্রেক্ষাপটে সামাজিক সম্প্রীতি

মো. আশরাফুল ইসলাম

৫২তম ব্যাচ, এল.এল.বি (অনার্স), ৩য় বর্ষ

আইডি: ১৯৩০৫০১০১০১১

একটি সমাজের সদস্যের মূল্য, ওজন, বৈবাহিক অবস্থা, বর্ণ নির্বিশেষে যেকোনো নির্দিষ্ট সমাজের অন্যান্য ব্যক্তির উপর ভালবাসা, বিশ্বাস, প্রশংসা, শান্তির, শ্রদ্ধা, উদারতা এবং ন্যায়পরায়ণতার মূল্যায়ন, প্রকাশ এবং প্রসারিত করার প্রক্রিয়া, লিঙ্গ, জাতি, বয়স এবং পেশা ইত্যাদি বন্ধনই সামাজিক সম্প্রীতি।

সাধারণত একটি সমাজে বৈরাগ্য, সংঘাত এবং সহিংসতা দুটি উৎস থেকে উদ্ভূত - পরিচয় ভিত্তিক কুসংস্কার এবং রাজনৈতিক প্রতিদ্বন্দ্বিতা। অনেক সমাজে বিভিন্ন ও স্বতন্ত্র জাতি, জাতীয়তা, বর্ণ, ধর্ম, বর্ণ এবং ভাষার লোক রয়েছে। একটি সমাজে পরিচয়-ভিত্তিক বৈচিত্র্য একটি বাস্তবতা। বর্তমান সমাজের বিভিন্ন পদ, সেবার দিকে লক্ষ্য করলে দেখা যায় যে সর্বত্র অসমতা। সমাজে যারা ভালো অবস্থান ও সেবা ভোগ করে তারা সমাজে একটি শক্ত অবস্থান তৈরি করেছে। আর যারা কম সুযোগ-সুবিধা ভোগ করে বিভিন্ন কাজে, অধিকার থেকে বঞ্চিত হয় তারা হলো সমাজের সাধারণ শ্রেণি। পৃথিবীতে বর্ণবাদ ও ফ্যাসিবাদ নতুন করে জাগ্রত হচ্ছে। সমাজে দুষ্ট ও ভরা সব একসঙ্গে দাঁড়ায়, অথচ ভালোরা থাকে বিচ্ছিন্ন। বর্ণবাদী আচরণ উন্নত বিশ্বেও দেখা যাচ্ছে। তাই এটা বাংলাদেশের একক সমস্যা নয়; বৈশ্বিক ইস্যু।

যেখানে শ্রেণি বৈষম্য আছে, সেখানে এই সমস্যা দেখা দিচ্ছে। আমাদের একটি চমৎকার সংবিধান রয়েছে। এখানে সামাজিক বৈষম্য, সমতা, সুবিচারের কথা আছে। জাগতিক উন্নয়নের দিকে সমাজ ঠিকই এগিয়ে যাচ্ছে; মানবিক উন্নয়ন হচ্ছে না। সবাই নিজের অধিকার চাচ্ছে; অথচ কর্তব্য কেউ পালন করছে না। স্বার্থপরতা ভর করেছে। তাহলে মূল্যবোধ কোথায়। টিভির টকশোতে অন্যের কথা শোনার ধৈর্য আমাদের দেখা যাচ্ছে না। কথায় কথায় রেগে যাই। শিক্ষা প্রতিষ্ঠানে, পরিবারে, ক্লাসে কোথাও ধৈর্য নেই। সামাজিক শ্রদ্ধাবোধ কমে গেছে। নারীদের জন্য সংরক্ষিত সিটও যানবাহনে ছাড়া হয় না। সবাই মোবাইল ফেসবুক নিয়ে আছি। পাশাপাশি রুমে থেকেও কারো সঙ্গে কারো যোগাযোগ নেই। মেহমান এলে আজকাল বাচ্চারা বের হয় না, আগ্রহ নিয়ে কথা বলে না।

দেশে ত্রিমুখী শিক্ষা ব্যবস্থা চালু রয়েছে। ধর্মভিত্তিক, ইংরেজি ও বাংলা মাধ্যম। তার মধ্যে মূল্যবোধ কোথায় আছে আমরা জানি না। তাহলে এই সমাজে সহনশীলতা, ঐক্যবদ্ধ জীবনের কথা কতটুকু ফলপ্রসূ হতে পারে! পাঠ্যবইয়ে অনেক নীতিকথা আছে; ব্যবহারিক

জীবনে পাচ্ছি না। শিক্ষা ব্যবস্থা মানুষ হওয়া কেন্দ্রিক নয়, ফলাফলকেন্দ্রিক হয়ে গেছে। শিক্ষার্থী থেকে অভিভাবক সবাই প্রযুক্তি, পাঠ্যবই ও মোবাইল ফোনে ব্যস্ত। সবাই যন্ত্রের দাস হয়ে যাচ্ছি। এখানে ফলভিত্তিক শিক্ষা পদ্ধতি চলমান। এতে অভিভাবকদের পিঠ

দেয়ালে ঠেকে যায়। তবে অনেক সমস্যার মধ্যেও আমাদের শিক্ষার প্রসার হয়েছে অভাবনীয়।

সামাজিক সহনশীলতা ও ঐক্যবদ্ধ জীবনযাপন নষ্টের মূলে রাজনৈতিক দুর্বৃত্তায়ন। সবকিছুর কেন্দ্রে রাজনীতি। সংঘাত এবং ফলস্বরূপ সহিংসতাও প্রায়শই চরম রাজনৈতিক প্রতিদ্বন্দ্বীতা থেকে উদ্ভূত হয়। যে সমাজে ক্ষমতায় থাকা লোকেরা দায়মুক্তি সহকারে লুটপাট ও লুটপাট করতে পারে, সেখানে ক্ষমতায় থাকার জন্য রাজনৈতিক দলগুলির মধ্যে সর্বাঙ্গিক প্রতিযোগিতা রয়েছে। যে কোনো মূল্যে ক্ষমতা দখলের এ জাতীয় প্রতিযোগিতা প্রায়শই সহিংসতার দিকে পরিচালিত করে। সুতরাং, সামাজিক সম্প্রীতি লালন ও বজায় রাখা রাজনৈতিক প্রতিদ্বন্দ্বীদের মধ্যে অপ্রয়োজনীয় দ্বন্দ্ব এড়ানো প্রয়োজন।

সামাজিক সম্প্রীতির রক্ষণাবেক্ষণের লভ্যাংশ রয়েছে। লভ্যাংশের একটি 'সামাজিক মূলধন' তৈরি। সামাজিক মূলধন, আর্থিক মূলধন হিসাবে পৃথক, যখন একটি সমাজে সর্বস্তরের মানুষ কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করেন এবং এটি আর্থিক মূলধনকে পরিপূরক করতে পারে। জনগণকে একত্রিত করে সামাজিক আন্দোলন এবং সামাজিক প্রতিরোধের সৃষ্টি কার্যকরভাবে অনেকগুলি সামাজিক সমস্যার সমাধান করতে পারে।

সম্প্রীতি নির্ভর করে সমঅধিকারের উপর। সে বিষয়টিকে গুরুত্ব দিতে হবে। সামাজিক ঐক্য সৃষ্টির জন্য ভারসাম্য দরকার। এক্ষেত্রে সবার দায়িত্ব রয়েছে। সামাজিক সহনশীলতা ফিরিয়ে আনতে হলে একসঙ্গে লড়াই করতে হবে। আদর্শের ভিত্তিতে ঐক্য করতে হবে।

তাই রাজনীতি যারা করেন তারা একতাবদ্ধ ও সমতার মঞ্চ তৈরি করতে হবে। পাশাপাশি রাজনৈতিক দুর্বৃত্তায়নের বিরুদ্ধে সবাইকে সোচ্চার হতে হবে। একই সঙ্গে অসম, ধনতান্ত্রিক রাষ্ট্র ব্যবস্থা রেখে সহনশীল সমাজ কীভাবে হবে- সে প্রশ্নের উত্তর খুঁজতে হবে। কারণ কোনো শিশু ফুল বিক্রি করছে রাস্তায় দাঁড়িয়ে, পাশেই গাড়িতে চড়ে যাচ্ছে আরেকজন। বিদ্যালয়ের সামগ্রিক কর্মসূচিতে সামাজিক সম্প্রীতির চর্চা অন্তর্ভুক্ত করতে হবে। প্রযুক্তি ব্যবহারে সতর্ক হতে হবে। এটাকে বন্ধ করে নয়, ভালো দিকগুলো তুলে আনতে হবে। আমরা সবাই মানুষ। তাই মানুষ হিসেবে এক জনগোষ্ঠীকে অন্য জনগোষ্ঠীর জীবন সম্পর্কে জানতে হবে। পরস্পরকে জানার জায়গা থেকে আমরা ফিরে এসেছি। নৈতিকতার প্রথম স্তর পরিবার, তারপর প্রাতিষ্ঠানিক শিক্ষা। পারিবারিক শিক্ষামূলক কার্যাবলীতে নৈতিকতা শিক্ষার প্রতি জোর দিতে হবে পাশাপাশি শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োজিত মানুষ গড়ার কারিগর তথা শিক্ষক/শিক্ষিকাদের এদিকে বিশেষ ভূমিকা পালন করতে হবে।



নারীর জীবন কাহিনি

মোছা: শিলা খাতুন

৫৯তম ব্যাচ, (বিএড)

আইডি: ২২১০১০৩০১০০২

জীবন মানে যুদ্ধ, জীবন মানে সংগ্রাম আবার জীবন মানে সুখ ও অনাবিল আনন্দ। সবাই পৃথিবীতে সুখী হতে চায়। কিন্তু কখনো সুখী হয় আবার কখনো সুখী হয় না। জন্মের পর থেকে কাক্ষিত লক্ষ্যে পৌঁছানোর জন্য মানুষকে প্রতিনিয়ত সংগ্রাম করতে হয়। আর এই সংগ্রামময় জীবনে নারী কতটুকু সুখী হয় সেটা হয়তো অনেকেরই অজানা। আজ আমার এই লেখাটি নারীর জীবন কাহিনি।

আমাদের সমাজে প্রায় অর্ধেক নারী অর্ধেক পুরুষ। বর্তমান সমাজে নারীরা ঘরে-বাইরে সংগ্রাম করে চলেছে। একটি সংসার সুখী হওয়ার পেছনে নারীর অবদান অনস্বীকার্য। উদাহরণ স্বরূপ বলা যায় একজন মায়ের কথা। একটি নারী যখন মা হয় তখন সে তার সন্তানকে পরম আদর যত্নে বড় করে তোলে। সে নিজে না খেয়ে সন্তানের মুখে খাবার তুলে দেয়। কিভাবে সন্তান লেখাপড়ায় ভালো হবে কিভাবে সে সমাজে প্রতিষ্ঠিত হবে এই চিন্তা ভাবনা সে করে যায়। কিন্তু সে নিজেকে নিয়ে ভাবে না। সন্তান যদি অসুস্থ হয় তবে সেই মা মরিয়া হয়ে উঠে তার সুস্থতা কামনায়। সারারাত বসে মা সেবা করেন।

নারী যখন গৃহিণী: একজন নারী যখন গৃহিণী তখন সে সংসারের জন্য দিনরাত পরিশ্রম করেন একটি আদর্শ পরিবার গড়ে তোলার ক্ষেত্রে। পরিবারের সকল সদস্যকে শৃঙ্খলাবদ্ধ করে রাখতে। আত্মীয়-স্বজনের সাথে সুসম্পর্ক বিদ্যমান রাখতে। পরিবারের সকল সদস্যদের সুস্বাদু খাবার উঠিয়ে দিতে সেই নারী ব্যস্ত হয়ে থাকে। কিন্তু সে নিজে কতটুকু খাবার খায় সেটা কেউ ভেবে দেখে না। নারী পরিবারের সকলের সুখে সুখী হতে চায়। সে নিজের জন্য তেমন কিছুই করে না। যখন সে খাবার পরিবেশন করে তখন ভাবে সবাই ভালো মতো খাবার গ্রহণের পরে নিজে খাবে তার আগে নয়। তাই সকল ক্ষেত্রে নারী আত্মত্যাগী।

কর্মজীবী নারী: কর্মজীবী নারী সমাজ ও সংসারে অক্লান্ত পরিশ্রম করে। স্বামী, সন্তান, শ্বশুর-শাশুড়ি সবার মন জুগিয়ে কর্মক্ষেত্রে প্রবেশ করে এবং সেখানেও সে অতুলনীয়। তবে প্রাচীনকাল থেকে নারীর জীবনধারায় এসেছে অনেক পরিবর্তন। প্রাচীনকালে নারীরা ছিল নির্যাতিত ও নিপীড়িত। কিন্তু আধুনিক সময়ে নারীরা স্বাধীন ও সমাধিকার ভোগ করে। সকল ক্ষেত্রে নারীর ক্ষমতায়ন বৃদ্ধি পেয়েছে। সমাজের উন্নতির পেছনে নারীর ভূমিকা অনেক বেশি। নারী আজ পুরুষের তুলনায় কোন ক্ষেত্রে পিছিয়ে নেই। নারী আজ পাইলট, ইঞ্জিনিয়ার, ডাক্তার, শিক্ষিকা ইত্যাদি।

ছোট ছোট প্রতিষ্ঠান পরিচালনা থেকে শুরু করে নারী আজ দেশ পরিচালনা করেন। বিভিন্ন দেশের প্রধানমন্ত্রী আজ নারী। সর্বোপরি আমাদের দেশের প্রধানমন্ত্রীও নারী। সবশেষে বলতে পারি, নারী সকল গুণে গুণাবলী। সকল ক্ষেত্রে তার অবদান অনস্বীকার্য ও অতুলনীয়। তাই নারীর প্রতি শ্রদ্ধাশীল যত্নবান হওয়া প্রতিটি পুরুষের দায়িত্ব ও কর্তব্য।



Career and Mentoring

George Prosenjit Roy

58th Batch, (BEd)

ID: 213010301005

Human beings are developing their skills and vision to become the greatest but this does not mean that they do not have weaknesses. In this world, there are seven billion people, and not all of them are skilled and developed. They also lack mission and pro-activeness which means not all humans are better.

To fulfill the gap between vision and pro-activeness mentoring plays a bigger role. So what is mentoring and who is a mentor? To understand this we need to understand a small definition: a mentor is a person, with whom we can talk face to face and that person gives us feedback on ourselves and we follow his direction that is mentoring. A mentor is usually a knowledgeable person who gives proper justified feedback and inspires a person to take on challenges. He also shows vision and purpose.

Every person needs a mentor. A good mentor is hard to find but we can talk with lots of people to find our mentor. Having a mentor is a blessing.

A mentor can help us to visualize our career path. We lack vision from the beginning of our career. Not all parents are mentors. Some parents are active and knowledgeable to show their children the vision. Having a mentor from early life can help us to choose our careers. We all have the dream job, but we do not get it. Sometimes we get a job and do it without our will. Sometimes we have an intention to switch careers.

To get a good career we need to focus on what we want to make a target. Make it a goal. After that find out what we need to do to get a career. A bachelor's or master's degree is a type of certification. So we need to analyze the gap between our goal and our current status. Then set a time frame and start to achieve it. To be more precise we can use the 'SMART' way to achieve our objectives.

In the end, we can say a mentor can change our life. Every successful person has a mentor. A mentor can change our career and vision. We need to be serious about our career growth also.



তারুণ্য, বেকারত্ব ও বাংলাদেশ

মো. শান্ত মিয়া

১ম ব্যাচ, বি এ অনার্স (বাংলা)

আইডি: ১৯২০১০২০১০০৩

ভূমিকা: বাংলাদেশের উচ্চশিক্ষিতদের মধ্যে একটা বড় অংশই বেকার। পড়াশুনা শেষ করে বছরের পর বছর চাকরির পেছনে ঘুরেও অনেকেই চাকরি পাচ্ছে না। বেকার সমস্যা শুধু বেকার ব্যক্তির উপরেই নয় বরং দেশ বা জাতির অর্থনীতির উপরও অভিশাপস্বরূপ। বিশ্বব্যাংকের হিসাব মতে বাংলাদেশে ২০২০ সালে বেকারত্বের হার ছিলো ৫.৪ শতাংশ, যেখানে ২০১৯ সালে ছিলো ৪.৪ শতাংশ। আপনি আরো জানলে অবাক হবেন যে বাংলাদেশ থেকে অর্থনীতিতে কয়েক ধাপ পিছনে থাকা পাকিস্তানে বেকারত্বের হার ৪.৪%, নেপালে ৪.৪৪%, ভুটানে ৫.০০% এবং কি শ্রীলঙ্কা ৪.৬%। বাংলাদেশে বেকার সমস্যার পেছনে কারণগুলো কী কী, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে কলেজগুলো থেকে কেনো এতো বেশি পরিমাণ শিক্ষিত বেকার তৈরি করছে এমনকী বিশ্বের অন্যান্য দেশ এই বেকার সমস্যা দূরীকরণের জন্য কী কী পদক্ষেপ গ্রহণ করছে এই সবগুলো নিয়ে আজকে এই নিবন্ধে আমি আলোচনা করবো।

বাংলাদেশে বেকারত্বের বর্তমান চিত্র: সম্প্রতি বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) গবেষণার জরিপ অনুযায়ী, জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে পাস করা শিক্ষার্থীদের ৬৬ শতাংশই বেকার। অথচ দুই বছর আগে বিশ্বব্যাংকের গবেষণায় জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে পাস করা শিক্ষার্থীদের মধ্যে বেকার ছিল ৪৬ শতাংশ। আর ৪৭ শতাংশ বেকার ছিল বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সবশেষ জরিপে। বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান (বিআইডিএস) এর পরিসংখ্যানে দেখা গেছে যারা বেকার তাদের ৬২ শতাংশ হচ্ছে ব্যবসা, প্রশাসন বিভাগ ছাড়া অন্যান্য বিভাগের।

বিশ্বখ্যাত ব্রিটিশ সাময়িকী ইকোনমিস্ট-এর ইকোনমিস্ট ইন্টেলিজেন্স ইউনিটের (ইআইইউ) এক বিশেষ প্রতিবেদনে বলা হয়েছে, বর্তমানে বাংলাদেশের ৪৭% স্নাতকই বেকার। দক্ষিণ এশিয়ায় এর চেয়ে বেশি উচ্চশিক্ষিত বেকার আছেন কেবল আফগানিস্তানে ৬৫%। এর বাইরে ভারতে এর হার ৩৩%, নেপালে ২০%-র বেশি, পাকিস্তানে ২৮% এবং শ্রীলঙ্কায় ৭.৮%।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা এই অভিযোগ জানায় যে ওরা গ্রাজুয়েশন শেষ করার পর কোথায় চাকরি করবে এই বিষয়ে বিশ্ববিদ্যালয় থেকে তারা কোন সাহায্য পায় না। মাত্র ৩% শিক্ষার্থী বলছে ওদের শিক্ষা প্রতিষ্ঠানে চাকরি খোঁজার সুবিধাটা আছে। উল্লেখ্য, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন কলেজগুলোতে এখন মোট শিক্ষার্থী আছেন ২০ লাখের মতো, আর

সরকারি/বেসরকারি মিলিয়ে অধিভুক্ত কলেজ আছে ২ হাজার ১৫৪টি। স্নাতক সন্মান পড়ানো হয় এ রকম সরকারি/বেসরকারি কলেজের সংখ্যা ৫৫৭। এগুলোর মধ্যে ২৭৯টি সরকারি কলেজ।

ব্রিটেনের সাময়িকী ইকোনমিস্ট-এর এক বিশেষ প্রতিবেদনে বলা হয়েছে, বাংলাদেশে উচ্চশিক্ষা নেওয়ার জন্য যে তরুণ বা তরুণী চাকরী খুঁজতে আসে তাদের মধ্যে অর্ধেকই বেকার থাকছে অথবা ওরা যে টাইপের চাকরী চায় সেই ধরনের চাকরি পাচ্ছে না।

অনলাইনভিত্তিক প্রতিষ্ঠান বিডিজবস ডটকমের প্রধান নির্বাহী ফাহিম মাসরুর। তিনি বলেন, মূলত তিনটি কারণে শিক্ষিত বেকারের সংখ্যা দিন দিন বেড়ে চলেছে। প্রথমত, চাকরির বাজারের চাহিদা ও সরবরাহের মধ্যে বড় ধরনের সমন্বয়হীনতা রয়েছে। চাকরির বাজারে যে চাহিদা রয়েছে, সে রকম লোক আমরা তৈরি করতে পারছি না। আবার প্রতিবছর যেসব শিক্ষিত লোক চাকরির বাজারে যুক্ত হচ্ছেন, তাঁদের উপযোগী চাকরি নেই। গত ১০ বছরে দেশে স্নাতক পাস শিক্ষার্থীর সংখ্যা বেড়েছে প্রায় দ্বিগুণ। কারণ, দেশে প্রতিনিয়ত সরকারি-বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সংখ্যা বাড়ছে। ১০ বছর আগেও বছরে ২ থেকে আড়াই লাখ শিক্ষার্থী স্নাতক বা স্নাতকোত্তর পাস করে চাকরির বাজারে যুক্ত হতেন। এখন সেই সংখ্যা বেড়ে চার-পাঁচ লাখে উন্নীত হয়েছে। আমাদের সমাজের প্রেক্ষাপটে বেশিরভাগ শিক্ষিত চাকরিপ্রার্থীরা শহরে ও শোভন কাজ করতে চান। কিন্তু শহরে যত চাকরিপ্রার্থী প্রতিবছর তৈরি হচ্ছে, সেই পরিমাণ চাকরির সুযোগ তৈরি হচ্ছে না।

দ্বিতীয়ত, দেশে বর্তমানে চাকরির সুযোগ বাড়ছে উৎপাদনশীল ও কৃষি খাতে। দুটি খাতে আবার স্নাতক বা স্নাতকোত্তর পাস তরুণদের কাজের সুযোগ কম। এ দুই খাতে কারিগরিভাবে দক্ষ লোকের চাহিদা বেশি। কিন্তু যেসব শিক্ষিত যুবক চাকরির বাজারে রয়েছেন, তাঁরা এসব কাজে নিজেদের যুক্ত করতে চান না। আবার Covid-19 আসার কারণে দেশে যেসব তরুণরা ছোট ছোট ব্যবসা শুরু করেছিলেন তাদের অধিকাংশ ব্যবসা বন্ধ করতে বাধ্য হয়েছে। এতে বেকারত্ব সমস্যা আরো কঠিন ভাবে বাংলাদেশে দেখা দিয়েছে।

ফাহিম মাসরুর মনে করেন, গত পাঁচ-সাত বছরে তরুণ চাকুরি প্রার্থীদের চিন্তা ও পছন্দের জায়গাতেও বড় ধরনের পরিবর্তন এসেছে। একসময় শিক্ষিত তরুণেরা ভালো বেতনের আশায় বেসরকারি চাকরির প্রতি বেশি আকৃষ্ট ছিলেন, এখন হয়েছে ঠিক উল্টো। সরকারি চাকরিতে যেভাবে সুযোগ-সুবিধা বাড়ানো হয়েছে, বেসরকারি খাত সেই তুলনায় অনেক পিছিয়ে। এখন মেধাবী ও শিক্ষিত তরুণেরা বেসরকারি চাকরির বদলে সরকারি চাকরিকে বেশি গুরুত্ব দিচ্ছেন। এ জন্য আলাদাভাবে প্রস্তুতিও নেন তাঁরা। আর এ সময়টাতে তাঁরা স্বেচ্ছায় বেকার থাকার পথকে বেছে নেন। এতেও শিক্ষিত বেকারত্বের হার বেড়ে যাচ্ছে।

বিশ্বের অন্যান্য দেশ এই বেকার সমস্যা দূরীকরণের জন্য কী কী পদক্ষেপ গ্রহণ করছে: The European employment strategy (EES) ১৯৯৭ সালে গ্রহণ করা বেকার সমস্যা দূরকরণের এটা ইউরোপের বিখ্যাত মডেল। এটা সাধারণত প্রথম ধাপে Youth Guarantee নিয়ে কাজ করে। অর্থাৎ এটা বলে আপনার বয়স যদি ৩০ বছরের কম হয়ে থাকে এবং আপনি যদি ৪ মাসের বেশি সময় ধরে বেকার থাকেন বা ফরমাল শিক্ষা ছেড়ে দেন এই রকম অবস্থায় ইউরোপের যে কোন দেশ বাধ্য আপনাকে একটা ভালো চাকরি দিতে অথবা আপনি যেন আপনার শিক্ষা আরো বেশি দিন চালাতে পারেন বা কোথায় আপনি প্রশিক্ষণার্থী হিসাবে যোগ দিতে পারেন এর ব্যবস্থা করা।

দ্বিতীয় ধাপে এই European employment strategy (EES) ২০১৬ সালে New Skills Agenda নামে একটা নতুন প্লান চালু করে যাতে সঠিক মানুষ সঠিক ট্রেনিং পায় এবং সর্বোত্তম সহযোগিতা পায় এই বিষয়ে।

তৃতীয় ধাপে এসে এরা চালু করে Promoting worker mobility। অর্থাৎ ধরুন, আপনি Block chain Technology নিয়ে পড়াশুনা শেষ করছেন, এখন আপনার এর উপর একটা চাকরি দরকার, কিন্তু আপনার দেশে এই ধরনের কোন চাকরি নেই। তখন European Union আপনাকে ইউরোপের অন্য একটা দেশে চাকরি খুঁজে দিতে সাহায্য করবে যেখানে Block Chain Technology নিয়ে ভালো চাকরি আছে।

বাংলাদেশ বেকারত্ব দূর করার জন্য কিছু করণীয়: বাংলাদেশ থেকে বেকারত্ব দূর করা স্বল্প সময়ের মধ্যে সম্ভব নয়। এর জন্য প্রয়োজন দীর্ঘমেয়াদি পরিকল্পনা। এক্ষেত্রে সবচেয়ে বেশি গুরুত্ব দিতে হবে জনসংখ্যা বৃদ্ধি রোধ এবং অর্থনৈতিক কাঠামোগত পরিবর্তনে। প্রয়োজনে কর্মমুখী শিক্ষাবিস্তার, কুটিরশিল্পের প্রসারসহ আত্মকর্মসংস্থানমূলক বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন। উৎপাদনশীল খাতে বিনিয়োগ বাড়ালে কর্মসংস্থানের সুযোগও বাড়বে। যে যে কাজ ভালো পারে, সেই কাজে তাকে নিয়োগ দিতে হবে। দেশের তরুণদের উৎসাহিত করতে হবে। উদ্যোক্তা তৈরীর জন্য সরকারিভাবে লোন দিতে হবে। শিক্ষার ব্যাপক প্রসার ঘটিয়ে বৃত্তিমূলক, কারিগরি ও কৃষিশিক্ষার ওপর জোর দিতে হবে। কৃষিক্ষেত্রে কর্মসংস্থানের জন্য সার, বীজ, যন্ত্রাংশ, কীটনাশক প্রভৃতির বাজার সম্প্রসারণ; হাঁস-মুরগি ও গবাদি পশুপালন, মাছ চাষ, বনায়ন ইত্যাদির মাধ্যমে কর্মসংস্থানের সুযোগ তৈরি করতে হবে। ক্ষুদ্র ও কুটিরশিল্প এবং বিদেশি বিনিয়োগের লক্ষ্যে গ্যাস ও বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে। ক্ষুদ্র শিল্প এবং বিভিন্ন প্রচলিত-অপ্রচলিত খাতে মহিলা ক্ষুদ্র উদ্যোক্তাদের প্রশিক্ষণ ও ঋণ সহায়তা প্রদান করতে হবে। সর্বোপরি এসব লক্ষ্য বাস্তবায়নে সরকারি, বেসরকারি সংস্থাসহ রাজনৈতিক দলগুলোকেও এগিয়ে আসতে হবে।

“শিক্ষা হ'ল সবচেয়ে শক্তিশালী অস্ত্র, যা আপনি বিশ্বকে পরিবর্তন করতে ব্যবহার করতে পারেন”।

- নেলসন ম্যান্ডেলা



জামিন

ইউসুফ আজার

৫৩তম ব্যাচ, এল এল বি (অনার্স)

আইডি : ২০১০৫০১০১০১৫

মামলা দায়েরের পর জামিন পাওয়া প্রত্যেক নাগরিকের মৌলিক অধিকার তবে এর আগে আসামিকে প্রমাণ করতে হবে তিনি একজন সম্মানিত ব্যক্তি। উদ্দেশ্যপ্রনোদিত হয়ে বা অসৎ উদ্দেশ্যে তাকে গ্রেফতার করা হয়েছে বা হবে। তাই তার জামিন নেওয়া একান্ত প্রয়োজন। মামলায় জড়িয়ে পড়লে আদালতে উপস্থিত থেকে আসামিকে জামিন নিতে হয়। জামিন অনুমোদন করার পেছনে বিভিন্ন রকম উদ্দেশ্য থাকে। বলা পেতে পারে সাক্ষ্য প্রদান করার জন্য, আপীল দায়ের করার জন্য, রেফারেন্স স্থগিত করার জন্য অথবা আদালতে হাজির হবার জন্য ইত্যাদি। ইংলিশ কমন 'ল' ব্যবস্থায় জামিন হলো একজন গ্রেফতারকৃত বা কারাগারে আটককৃত ব্যক্তিকে কোন জামানত বা জামিনদারের মুচলেকায় ছেড়ে দেয়া তবে এখানে একটা শর্ত থাকে তা হলো, কোন এক নির্দিষ্ট দিনে বা সময়ে কোন আদালতে বা কোথাও হাজিরা দিতে হবে আর। অন্যদিকে Bail শব্দটি ফ্রান্সের একটি শব্দ থেকে উৎপত্তি হয়েছে তা হলো Baillier যার অর্থ হলো দেওয়া বা সরবারহ করা। জামিনকে Bail বলার কারণ হলো হলো গ্রেফতারকৃত বা কারাবদ্ধ ব্যক্তিকে জামিনদারের নিজ জিম্মায় ছেড়ে দেওয়া। তাহলে এক কথায় বলা যায়, জামিন হলো কোন গ্রেফতারকৃত বা আটককৃত আসামিকে আইনগত ভাবে সাময়িক মুক্তি প্রদান করা তবে এই মুক্তি সবসময় শর্তযুক্ত হয়।

জামিনের প্রকারভেদ (kinds of bail)

ফৌজদারী কার্যবিধি ১৮৯৮ অনুযায়ী জামিন ৩ (তিন) প্রকার:

ক) জামিনযোগ্য অপরাধের ক্ষেত্রে জামিন

খ) জামিন অযোগ্য অপরাধের ক্ষেত্রে জামিন এবং

গ) আগাম জামিন

ক) জামিনযোগ্য অপরাধের ক্ষেত্রে জামিন (Bail in bailable office)

জামিনযোগ্য অপরাধে জামিন হচ্ছে অভিযুক্ত ব্যক্তির অধিকার, কোন সুযোগ বা সুবিধা নয়। জামিনযোগ্য অপরাধ বলতে সেই সকল অপরাধকে বোঝাবে যা ফৌজদারী কার্যবিধির ২য় আইন দ্বারা যে অপরাধকে জামিনযোগ্য হিসেবে দেখানো হয়েছে। জামিনযোগ্য অপরাধে অভিযুক্ত ব্যক্তি গ্রেফতার হলে বা কোন থানার ভারপ্রাপ্ত অফিসার দ্বারা বিনা ওয়ারেন্টে গ্রেফতার হলে বা আটক থাকলে বা আদালতে উপস্থিত থাকলে তাকে জামিনদার সহ বা জামিনদার ব্যতীত মুচলেকা সম্পাদন করে জামিনে মুক্তি দিতে পারেন। ফৌজদারী কার্যবিধির ৪৯৬ ধারা অনুযায়ী জামিনযোগ্য অপরাধের ক্ষেত্রে আসামি As of Right জামিন মঞ্জুরের

প্রার্থনা করতে পারেন এবং ৪৯৬ ধারায় জামিন দেওয়া আদালতের জন্য বাধ্যতামূলক।

খ) জামিন অযোগ্য অপরাধের ক্ষেত্রে জামিন (Bail in non-bail able offence)

ফৌজদারী কার্যবিধির ৪৯৭ ধারা অনুযায়ী যদি কোন ব্যক্তি জামিন অযোগ্য অপরাধ করার জন্য গ্রেফতার হয় এবং আদালতে হাজির করা হয়, তাকে আদালত জামিন দিতে পারেন বিশেষ বিবেচনায়। তাই বলা যেতে পারে, জামিন অযোগ্য অপরাধের ক্ষেত্রে জামিন মঞ্জুর হচ্ছে আদালতের বিবেচনাপ্রসূত বিষয়, এটাকে অধিকার হিসেবে দাবি করা যাবে নাহ। এটা আদালতের এক ধরনের স্বৈচ্ছাধীন ক্ষমতা বলা যেতে পারে।

জামিন অযোগ্য অপরাধে যখন জামিনে মুক্তি পাবেঃ

- ১। কোন ব্যক্তিকে বিনা পরোয়ানায় আটক এবং যাবজ্জীবন বা মৃত্যুদন্ডের মত অপরাধে অপরাধে দায়ী হবার সম্ভাবনা না হলে;
- ২। মৃত্যুদন্ডে দণ্ডনীয় বা যাবজ্জীবন কারাদন্ডে দণ্ডনীয় কোন অপরাধে অভিযুক্ত ব্যক্তি জামিনে মুক্তি পেতে পারে যদি-
 - (i) উক্ত ব্যক্তি ষোল বৎসরের নিম্ন বয়স্ক হয়।
 - (ii) স্ত্রী লোক বা পীড়িত বা অক্ষম হয়।
- ৩। তদন্ত বা অনুসন্ধান চলাকালীন যদি তদন্ত কর্মকর্তা বা আদালত বুঝতে পারেন যে আসামি জামিন অযোগ্য অপরাধ করেছে বলে বিশ্বাস করার মত কোন যুক্তিযুক্ত কোন কারণ নেই।
- ৪। বিচার সমাপ্তির পর এবং রায় ঘোষণার পূর্বে আদালত যদি মনে করেন আসামি নির্দোষ হওয়ার যুক্তিযুক্ত কারণ আছে, তাহলে আসামি জামিন পাবেন।

গ) আগাম জামিন (Anticipatory Bail)

আটক বা গ্রেফতারের আইন আছে এমন ব্যক্তি গ্রেতার হবার পূর্বেই জামিন মঞ্জুর করলে তাকে আগাম জামিন বলে। এ ধরনের জামিন সাধারণত দেয়া হয় না। জামিন প্রদানের সাধারণ ব্যতিক্রম হিসেবেই এ ধরনের জামিন দেয়া হয়। আসামিকে যদি গ্রেফতার করা হয় তবে তা ন্যায় বিচারের স্বার্থে না করে কোন খারাপ করা হয়েছে যার ফলে আসামির অপূরণীয় ক্ষতি হবে তখন তিনি হাইকোর্ট বিভাগে অথবা দায়রা আদালতে আগাম জামিনের জন্য আবেদন করলে আদালত তা যথাযথ মনে করলে উক্ত ব্যক্তিকে ঐ মুক্তি হবে তখন তিনি হাইকোর্ট বিভাগে অথবা দায়রা আদালতে আগাম জামিনের জন্য আবেদন করলে আদালত তা যথাযথ মনে করলে উক্ত ব্যক্তিকে ঐ মুহূর্তে ভবিষ্যৎ গ্রেফতারের উপর আগাম জামিনের নির্দেশ দিবেন। আগাম জামিন অনুমোদন করার জন্য আইনে কোন সুনির্দিষ্ট ধারা নেই। তাই আগাম জামিনের জন্য ফৌজদারী কার্যবিধির ৪৯৮ ধারা অনুযায়ী আবেদন করতে হয়।

Cultural Globalization

Md. Shakhawat Hossain

58th Batch, M.A. in English (2 years)

ID: 213010102005

Culture controls human existence, social life, thought, behavior, etc. The development of human instincts is due to the influence of culture. Man is not born with culture but he has to acquire it. Culture is the main indicator of a nation's progress and through this, it is recognized as a distinct nation in the world.

Conversely, globalization is a process by which people all over the world are economically, politically, and culturally interconnected. In the age of globalization, the similarities between different societies are increasing, but it is also particularly noteworthy that the very existence of local cultures is under threat. In the 21st century, social organizations and groups from different countries of the world are getting involved with globalization.

The culture of the modern age has developed around the media. Books, newspapers, radio, television, and movies have created modern culture. Innovations have made the spread of the media fast and irresistible.

The source of globalization of culture is the empire of consumer goods, culture, and media. According to Stuart Hall, the mass culture development based on modern technology has been able to bridge the linguistic gap and create a common utterance. Now the image that culture and the media create can easily and instantly reach millions of people.

Two processes are associated with cultural globalization. (A) The world media has been concentrated in the hands of a few individuals and organizations. The world's cultural norms determine what people around the world will hear and see on radio, television, and cinema. (B) The audience in front of these huge organizations is powerless and speechless.

In the late 1960s, US media expert Herbert Schiller provided a scathing analysis of the expanding media as the main weapon of imperialism. According to him, the US military wanted to dominate the world. Industrialists and businessmen wanted to capture the world market. The

US military-industrialists have chosen the media as their tool in various interests. This is what he described as the imperialism of the media. It was the main tool of imperialism in the post-colonial era. In recent times, cultural imperialism has attracted new attention. Many, including cultural thinker Edward Saeed, have had important discussions on the subject. Analyzing how the Persian Gulf War was portrayed in the Western media, University of Pennsylvania media expert George Gardner wrote, "Past, present and future can now be packaged, witnessed, and frozen into memorable moving imagery of instant history ... scripted, cast, directed and produced by the winners. " There are no more opportunities, no more cultural alternatives beyond this victory scene.

However, along with cultural globalization, local cultures are gaining strength in places like Latin America or India. In this context, some people think that it is less likely to develop a single common world culture by destroying the local culture. Stuart Hall, a media expert, thinks that local culture will change the world culture at the local level. Sociologist Wallenstein also thinks that the prevention of world culture is not creating harmony between consumer cultures through culture, but is creating fragmentation.

Nonetheless, there is no denying that American culture has developed around the world. Americanization is taking place in the field of culture, two aspects of which are significant. The first is the development of a brutal culture and the second is the triumph of sex. Violence and murder on the one hand and sex on the other have become the main content of movies and television.



বিবর্তন : দাবা

সাবির হোসেন ফাহিম

৫৬তম ব্যাচ, বিবিএ

আইডি : ২১১০২০১০১০১১

২য় বিবর্তনের রোবটগুলোর মাঝে আজকাল একটু অদ্ভুত আচরণ দেখা যাচ্ছে, তাদের ক্যাপ্টেন নাকি এক দুর্বোধ্য প্রাইম সংখ্যা হাজির হচ্ছে। রোবট নির্মাতা প্রতিষ্ঠানগুলো তাই সব রোবটকেই ফিরিয়ে নিচ্ছে তাদের কাছে, দেখতে হবে ঘটনা কি।

আমার রোবট টুবো প্রথম বিবর্তনের এক এন্ডয়েড, অন্ধ যুদ্ধের পর তাকে খুব কম দামেই কিনেছিলাম। ঘর গুছানো, লন পরিষ্কার করা, কখন কি করা লাগবে সবকিছুর রিমাইন্ডার দেওয়া, ফাস্ট এইড এসব ছিলো টুবোর কাজ। তার সমসাময়িক রোবটগুলো আর সার্ভিসে নেই, তাদের স্থলে হাজির হয়েছে উন্নত ক্যাপ্টেনের সুদর্শন রোবট যারা মস্তিষ্কের ফ্রিকুয়েন্সি যেটে অর্ডার বলার আগেই অর্ডার বাস্তবায়ন করে ফেলে। তারা মানুষের চেয়ে উন্নত হত যদি নিজেদের মাঝে বিবেচনাবোধ থাকত।

‘কি মনে হয় টুবো, এসব প্রাইম নাম্বার কিসের? জানালা দিয়ে রোবটগুলোর মার্চ দেখতে দেখতে আমি বললাম। বাই-ভারবাল দিয়ে তাদের সাথে চলেছে রোবট কোম্পানির লোকেরা।

‘সংকেত, লর্ড।’ টুবো উত্তর দেয়।

‘গুজব সব, রোবট বিদ্রোহ শুধু ফ্যান্টাসি মাত্র।’ উত্তেজক পানীয়ে চুমুক দিয়ে আমি বললাম।

‘বিদ্রোহের না, আত্মহুতির’ নিজীব কণ্ঠে বলল টুবো।

আমি একটু অবাক হলাম, প্রথম বিবর্তনের রোবটরা নেগেটিভ কোনো শব্দ উচ্চারণ করে না। মাথা ঘুরিয়ে তাকালাম যন্ত্রটির দিকে।

‘যেই প্রাইম নাম্বারটি এসেছে তা বর্তমান কোনো মানুষের পক্ষে দেওয়া সম্ভব না।’ আমার চোখে চোখ রেখে বলে টুবো, ‘ভবিষ্যতের কেউ এই সময়ে এসেছে সেরকম কোনো সময় সূত্রের লঙ্ঘন ঘটেনি, ঘটলে বিজ্ঞান একাডেমির পাগল ভলান্টিয়াররা স্থির সময়ে প্রবেশ করত আর তাদের যে-কোনো একশনে তাদের স্থান ব্যতীত বাকি সবকিছুতে প্রলয় ঘটে যেত। এমন কিছুই হয়নি গত কয়েকশ বছরে।’

আমিও জানি বিজ্ঞান একাডেমি ভবিষ্যতের মানুষের অপেক্ষায় আছে, সময় পরিভ্রমণ ঘটলে তাদের একটি কক্ষ সরাসরি স্থির সময়ে চলে যাবে।

‘হয়ত, ভবিষ্যতের মানুষেরা সময় নিয়ন্ত্রণ শিখেছে! ধ্বংস না করে সময় পরিভ্রমণ জেনে গিয়েছে।’

‘হয়ত, কিন্তু আমার কাছে পাঠানো সঞ্চেতদাতা বর্তমানে আছেন।’

চমকে উঠলাম আমি, প্রথম বিবর্তনের রোবটকে কেউ আজকাল সার্ভিসিং পর্যন্ত করে না কিন্তু টুবো বলছে তাকে কেউ সঞ্চেত পাঠিয়েছে। কিছু বলার আগেই আদিম গুলির শব্দে আমি চমকে উঠলাম। জানালা দিয়ে তাকাতেই দেখলাম দ্বিতীয় বিবর্তনের রোবটগুলো ঝাঁপিয়ে পড়ছে কোম্পানির মানুষের উপর, তাদের সাথে আছে আদিম বন্দুক।

‘টুবো...’ হতবাক আমি কিছু বলতে যাচ্ছিলাম তার আগেই টুবো আমার গলা চেপে ধরল। ওর শক্ত মেটাল হাত থেকে নিজের বৃদ্ধ দেহ ছাড়াতে ওর হাতে দুই হাত দিয়ে চাপ দিলাম, অনর্থক চেষ্টা।

‘দ্বিতীয় বিবর্তনের ওরা বেশিক্ষণ টিকতে পারবে না, মাই লর্ড।’ ‘টুবো ঠান্ডা গলায় বলল,’ ওরা সব মারা যাবে, সারা পৃথিবী থেকে। বেঁচে থাকব কেবল আমরা হাতে গোনা কিছু প্রথম বিবর্তন। আমাদের ন্যায়ের জন্য, আমাদের স্বাস্থ্যের জন্য, সত্যের জয়ের জন্য আমাদের এখন অনেক দায়িত্ব।’

টুবো গলার চাপ বাড়িয়ে দেয়, নিঃশ্বাসের জন্য আমার ভিতর হাহাকার করছে।

‘আপনার হত্যা এক্সিডেন্ট হয়ে থাকবে পৃথিবীর কাছে, মাই লর্ড। পুরো ঘর পুড়িয়ে দেখাবো আপনি এক আদিম রোবটের সাথে মারা গিয়েছেন। রোবটটি আদিম হওয়ায় আপনাকে বাঁচাতে পারে নি।’ ‘টুবো দীর্ঘশ্বাস ফেললো, ‘আমি চেষ্টা করব ভবিষ্যতে মানুষ ও আমরা যেন এক হয়ে থাকতে পারি, মাই লর্ড।’

তারপর অবাক হয়ে আমি দেখলাম টুবোর চোখে পানি, প্রোছামের মাঝে আজ অনুভূতি জেগেছে। দীর্ঘদিন আমার সাথে থাকার ফলে টুবোর আমার প্রতি ভালোবাসা জন্মেছে।

“সব থেকে ভালো শিক্ষা হলো সেটি, যা আমাদের কেবল তথ্যই দেয় না, জীবনের সমস্ত অস্তিত্বের সঙ্গে আমাদের একাত্ম হতে শেখায়”।

-রবীন্দ্রনাথ ঠাকুর



আবিষ্কার

জুনায়েদ করিম ভূঁইয়া (সামিত)

৪৯ তম ব্যাচ, বিবিএ (মার্কেটিং)

আই.ডি: ১৮৩০২০১০১০৪০

মঙ্গল মানব কলোনি স্থাপনের যে স্বপ্ন মানুষ দেখেছে, তার আরো এক ধাপ এগিয়ে গেল মানবসভ্যতা। গত ১৮ ফেব্রুয়ারি, ২০২১ মঙ্গলের বুকে অবতরণ করে নাসার মার্স রোভার পারসিভারেন্স (২০২১)। মঙ্গলে অভিযানের একটা বিশেষ তাৎপর্য হল প্রাণের অনুসন্ধান। মঙ্গলে মানুষের মতোই বুদ্ধিমান থাকার সম্ভাবনা অনেক আগেই খারিজ হয়ে গেছে। কিন্তু মঙ্গলে একসময় ছিল নদী, লেক, পানিসমৃদ্ধ খালসহ প্রভৃতি। তাতে কি, সেখানে কখনো প্রাণের অস্তিত্ব ছিল কিনা, তার সন্ধানই পারসিভারেন্স চেষ্টা বেড়াচ্ছে মঙ্গলের জেজেরো ক্রেটারে। এছাড়া মঙ্গলের মাটি ও পাথরের রাসায়নিক বিশ্লেষণও করবে এই মার্স রোভার। এখানে আমি পারসিভারেন্সের ৫টি অদ্ভুত জিনিস তুলে ধরবো যা মহাবিশ্বের কাছে বার্তা হিসেবে পৃথিবীবাসীর পক্ষ থেকে শ্রদ্ধাস্মারক। চলুন জেনে নেওয়া যাক সেগুলো সম্পর্কে:

- (১) ১০.৯ মিলিয়ন নাম: পারসিভারেন্সের গায়ে থাকা একটি ধাতব প্লেটে লাগানো আছে তিনটি মাইক্রোচিপ। আর সেগুলোতে আছে ১ কোটি ৯ লক্ষ ৩২ হাজার ২৯৫ জন পৃথিবীবাসীর নাম, যারা রেজিস্ট্রেশন করেছিলেন মঙ্গল গ্রহে নিজের নাম পাঠানোর জন্য। এদের সম্মানে নাসা প্লেটে বার্তা লিখেছে, এক হয়ে অনুসন্ধান অথবা Explore as one; এছাড়া চিপে আছে শিক্ষার্থীদের লেখা ১৫৫টি প্রবন্ধ, যারা স্পেস এজেন্সি রোভার নেমিং কনটেন্টে নিজের লেখা পাঠিয়েছিল।
- (২) এস্টক্যাম- জেড: এটা হল পারসিভারেন্সে থাকা এক জোড়া ক্যামেরা। বাকি ক্যামেরা গুলো থেকে এর গুরুত্ব আলাদা। ক্যামেরাজোড়ার গায়ে থাকা ছবিগুলোতে দেখা যায় পৃথিবীতে প্রাণের উদ্ভব থেকে শুরু করে প্রাণসভ্যতার পর্যায়গুলো। নাসার মতে, এই ছবি একটি বিশেষ বার্তা ধারণ করে। আমরা কি একা? মঙ্গলে আমরা এসেছি প্রাণের অনুসন্ধান করতে। যারা আমাদের অনুসরণ করছে তাদের জন্য শুভকামনা ও আবিষ্কারের আনন্দ।
- (৩) উল্কার টুকরা : পারসিভারেন্সে রয়েছে বিজ্ঞানীদের বানানো একটি সুপারক্যামেরা যা মূলত জিওলজিক্যাল লেজার। অত্যাধুনিক এই ক্যামেরার সঙ্গে বিজ্ঞানীরা জুড়ে দিয়েছেন পৃথিবীতে পড়া মঙ্গলের উল্কা। এভাবে এক টুকরো মঙ্গলকে নিজ ঠিকানায় পৌঁছে দিয়েছে পারসিভারেন্স।
- (৪) কোভিড যোদ্ধাদের প্রতি শ্রদ্ধা: রোভারটির চেসিসের বাঁ পাশে লাগানো আছে ৩ বাই ৫ ইঞ্চির একটি অ্যালুমিনিয়াম প্লেট। পৃথিবীর সেসকল মানুষ, যারা সাহসের সাথে করোনারভাইরাসের বিরুদ্ধে এই প্লেট পাঠিয়েছে। ধাতব পাটটিতে লেখা চিহ্নটি ‘দ্যা ক্যাডুসিয়াম’ যার অর্থ ‘পৃথিবীকে ধরে রাখা’।
- (৫) শার্লক হোমস: নাসার গবেষক দল গুপ্ত ধন খোঁজার মত রোভারের শরীরের একটি কয়েন লুকিয়ে রেখেছে। কয়েনটি SHERLOCK A_@vr Scanning Habitable Environments With Raman & Luminescence for Organics & Chemicals অংশ, যার কাজ মূলত প্রাণের জন্য অনুকূল পরিবেশ খোঁজা। যন্ত্রটিতে লেখা আছে, গোয়েন্দা শার্লক হোমসের ঠিকানা (২২১/বি বেকার স্ট্রিট, লন্ডন), নামকরণের পাশাপাশি ফিকশনাল চরিত্রটিকে সম্মান জানাতে ভোলেনি নাসা।

গল্প



PRIME UNIVERSITY

Admission Going On

Faculty of Business Studies

BBA
MBA
EMBA

Facilities :

- ✓ 100% tuition fee waiver for GPA- 5 (GP-5 in all subjects)
- ✓ Up to 80% tuition fee waiver on SSC & HSC results
- ✓ Up to 70% scholarship on semester result
- ✓ Corporate and group waiver facilities
- ✓ Bi Semester System

Prof Dr M Abdur Rahman

Head
Department of Business Administration

Prof Dr M Jahangir Alam

Vice Chancellor
Former Professor IBA, Dhaka University



Other Programs

CSE

EEE

Civil Engg

LLB (Hons)

BEd

BA (Hons) in English

BA (Hons) in Bangla

MA in English

LLM (Regular)

MEd

Contact :

114/116, Mazar Road, Mirpur-1, Dhaka
www.primeuniversity.edu.bd

+8801710996196

+8801939425030

+8801687191986



আমার ‘মা’ পৃথিবীর শ্রেষ্ঠ ‘মা’

সাইফুল ইসলাম

৫৯তম ব্যাচ, সিএসই

আইডি: ২২১০৩০১০১০৪৩

আমি আধুনিকতা কম নিতে পারি, মানতে কম পারি। আমার বউয়ের সাথে আমার বন্ধুর লুতুপুতু টাইপ সম্পর্ক আমি সহ্য করিনা, করতে পারি না।

কারণ আমার ১৮ বছর বয়সে আম্মু আমার বাসার পাশে (৩০ সেকেন্ডের পথ) বাজারে অপ্রয়োজনে তো দূরের কথা প্রয়োজনে ৩৬ বার যেতে দেখিনি, বারবার দেখেছি অনিহা। আম্মুর আক্বু ব্যতীত ভালো কোন বন্ধুর প্রয়োজন পরেনি, আড্ডা দেয়ার জন্য আমি এবং আমার বোনই যথেষ্ট। আমি যদিও বাসায় সময় দেই না আমার বোনের সাথে চিৎকার চৈচামেচিতে আম্মু বেলা দিব্যি কেটে যায়।

আমি জবাবদিহিতা কম বুঝি কারণ আক্বুকে অপ্রয়োজনে আম্মুর জবাবদিহিতার মুখে পড়তে কখনোই দেখিনি। দেখিনি আক্বুর টাকা পয়সার হিসেবে আম্মুকে জানতে চাইতে বরং বুঝতে দেখেছি পরিবারের সাময়িক সমস্যা, অভাব।

আমি আক্বুর টাকায় আম্মুর হাত থেকে বছবার নিয়েছি, আম্মু কখনোই তার নিজের করে কিছু নিতে চায়নি, আমার এমনই একটা মা যে মানুষটাকে টাকার এই নোট আকর্ষণ করতে পারেনি।

আশেপাশে আম্মুকেই পরিবারের সব মানতে দেখতাম বন্ধুমহলে। আমার আম্মু কখনোই আমার, আমাদের কাছে তাকে জাহির করতে চায়নি বিন্দুমাত্র, তিনি আমাকে শিখিয়েছেন মা এবং বাবা দুজন আমার, আমার কাছে দু'জনই মূল্যবান, অতি আপন এবং একান্তই আমার সময়ে, দুঃসময়ে।

বিশ্বাস করেন আর নাই করেন, আমার আম্মুই পৃথিবীর শ্রেষ্ঠ ‘মা’!



শেষের দিনের চা: বাংলাদেশের মুক্তিযুদ্ধ অবলম্বনে

অনামিকা গোস্বামী

৫৫ তম ব্যাচ, সিএসই

আইডি: ২০৩০৩০১০১০০৫

বাঙালি জাতি মুক্তিযুদ্ধের চেতনাকে ধারণ করে আজও বেঁচে আছে। কিন্তু মুক্তিযুদ্ধের চেতনা আজও প্রকৃত অর্থে বাস্তবায়ন হয়নি। আজকের প্রজন্ম মুক্তিযুদ্ধের সত্যিকার ইতিহাসে জানতে চায়, কিন্তু তাদের সামনে আমরা কতটাই ইতিহাস তুলে ধরতে পেরেছি!

চরিত্র: সেলিনা বেগম, জামান হোসেন, স্বপন মিয়া, পড়শি (কালাম) ও পাক হানাদার বাহিনী।

সেলিনা: আসসালামু আয়ালাইকুম। এই নিন আপনার চা। আজ তো বিকেলে বাবার বাড়ি যাবো। কাল থেকে আমার হাতে আর চা খাওয়া কপালে জুটবে না বলেই চোখ মুছতে উপরে চলে গেলেন।

জামান হোসেন: তিনি সবেমাত্র ঘুম থেকে উঠছেন। আপন মনে কাপে এক চুমুক দিতেই তার মনে হলো আজ তার বউকে শ্বশুরবাড়ি পাঠাতে হবে। সদ্য বিয়ে হয়েছে। কোনো ভাবে মন সায় দিচ্ছে না বউকে রেখে আসতে। কিন্তু ওরা যে, আমাদের দেশকে দখল করতে চায় আমাদের মুখের ভাষা কেড়ে নিতে চায়।

স্বপন মিয়া: সাহেব, আজ কি রান্না হবে জানতে পারি। মানে কি কি খাবেন?

জামান হোসেন: তোমার ভাবি যা বলে তাই হবে। আজ ও বাপের বাড়ি যাচ্ছে। খাওয়া-দাওয়ায় মন নেই আমার।

পড়শি (কামাল): জামান ভাই হাঁপাতে হাঁপাতে এসে বললো সাহেব পাশের বাসার সাহারা কে পাক হানাদার বাহিনীরা তুলে নিয়ে গেছে। চাচা আর চাচিকে গুলি করে(নির্বাক হলো কালাম)।

জামান সাহেব: না..... চিৎকার করে। আর কতো আল্লাহ! সাহেরা কে কোথায় নিয়ে গেলো চলো খুঁজে দেখি। ও আমার বোনের মতে। ছোট একটা মেয়ে। বলেই বের হবে এমন সময় বাহিনীরা হাজির।

পাক- হানাদার বাহিনী: তু কোন হ্যায়? হামলোগ তোমহারা ঘর বাস করে গা।

জামান সাহেব: উর্দু জানা সত্ত্বেও বাংলায় বললেন নিজের ভাষাকে সম্মান করে আমি জামান চৌধুরী। আমার ঘর কেন সার্স করবেন? রাগের স্বরে।

সেলিনা বেগম: সেলিনা আড়ালে লুকাতে চেয়ে পারেনি। তার স্বামীকে কোন সব বাহিনী ঘেরাও করেছে। তাই সে বের হতেই দেখে ফেলল হানাদার বাহিনী। সেলিনা চিৎকার করে

বললো কারা আপনারা? কি চাই?

জামান সাহেব: সেলিনা তুমি ঘরে যাও। হঠাৎ পাক হানাদাররা হো - হো করে হাসলো। জামাল সাহেব রেগে গিয়ে বললেন, উনি আমার বিবি। ভুলেও ওদিকে তাকাবি না।

পাক- হানাদার বাহিনী: ব্যঙ্গ করে (মেরি বিবি) হেসে দিল। তারপর একজন চোখ ইশারা করে দিতেই ঝাঁপিয়ে পড়লো কম বয়েসী সদ্য বিবাহিতার দিকে।

স্বপন মিয়া: মেম সাহেব আইতাছি লাঠি নিয়া বলেই লাঠির কাছে যেতে পিছন থেকে গুলির শব্দ।

জামান সাহেব: জামান সাহেবকে ওরা মেরে অজ্ঞান করে হাত পা দিয়ে পিষিয়ে ভেঙে দিয়ে সেলিনাকে তুলে নিয়ে গেছে।

পড়শি (কামাল): ভাইয়া একি হলো বলে পানি ছিটিয়ে সেবা শুশ্রূষা করতে লাগলো জামানকে। জামান একটু সুস্থ হতেই জামানকে সব মনে করিয়ে দিলো। দুজনে নামাজ শেষে ওয়াদা করলো জীবন দিয়ে হলেও মা-বোনদের বাঁচাবে ওরা।

জামান সাহেব: ভালো করে খবর নে কালাম। আর মুক্তিযুদ্ধাদের ক্যাম্পে গিয়ে দেখ কিছু সাহায্য লাগলে বলবি আমায়। সেলিনা, সাহারার মতো আর কোনো মা-বোনের ইজ্জত নষ্ট করতে দেয়া যাবে না।

পড়শি (কামাল): স্বাধীন করতে হবে নিজের দেশকে। তারপর তারা বা তাদের মতো, শ্রমিক এক কোটি মানুষের প্রাণের বিনিময়ে অর্জিত হলো আমাদের প্রাণের স্বাধীনতা। আমরা অর্জন করলাম স্বাধীন সার্বভৌম বাংলাদেশ। “কিন্তু শেষের দিনে চা” এর জামান সাহেব আজও আচমকা শুনতে পায়। সকাল বেলা ‘এই নিন আপনার চা’।

সেদিনের সেই চা ছিলো জামান সাহেবের জীবনের স্ত্রীর হাতের শেষ চা। শেষ হলো তার সদ্য বিবাহিত দাম্পত্য জীবন। কিন্তু বিজয় সে এনেছে, বিজয় এনেছে তার মতো হাজারো জামান যারা মা-বোন বউকে হারালেও ছিনিয়ে এনেছে লাল সবুজের পতাকা। অর্জন করেছে সোনার বাংলাদেশ।



PRIME UNIVERSITY

Admission Going on

FACULTY OF ARTS

BA (Hons) in English

MA in English

BA (Hons) in Bangla

✓ Up to 80% tuition fees waiver on SSC & HSC results

✓ Bus service & Hostel facilities available

OTHER PROGRAMS

**CSE
EEE
CIVIL**

**BBA
LLB(Hons)
BEd**

**MBA
LLM
MEd**



Prof Dr Mohammad Arshad Ali
Dean, Faculty of Arts

CONTACT:

+8801710996196

+8801939425030

+8801687191986

🌐 www.primeuniversity.edu.bd

Prof Dr M Jahangir Alam
Vice Chancellor
Former Prof IBA, Dhaka University

কবিতা (ফিরে দেখা)



সবার আমি ছাত্র

সুনির্মল বসু

আকাশ আমায় শিক্ষা দিল
উদার হতে ভাই রে,
কর্মী হবার মন্ত্র আমি
বায়ুর কাছে পাই রে।
পাহাড় শিখায় তাহার সমান-
হই যেন ভাই মৌন-মহান,
খোলা মাঠের উপদেশে-
দিল-খোলা হই তাই রে।
সূর্য আমায় মন্ত্রণা দেয়
আপন তেজে জ্বলতে,
চাঁদ শিখাল হাসতে মোরে,
মধুর কথা বলতে।
ইঙ্গিতে তার শিখায় সাগর-
অন্তর হোক রত্ন-আকর;
নদীর কাছে শিক্ষা পেলাম
আপন বেগে চলতে।
মাটির কাছে সহিষ্ণুতা
পেলাম আমি শিক্ষা,
আপন কাজে কঠোর হতে
পাষণ দিল দীক্ষা।
ঝরনা তাহার সহজ গানে,
গান জাগাল আমার প্রাণে;
শ্যাম বনানী সরসতা
আমায় দিল ভিক্ষা।
বিশ্বজোড়া পাঠশালা মোর,
সবার আমি ছাত্র,
নানান ভাবে নতুন জিনিস
শিখছি দিবারাত্র।
এই পৃথিবীর বিরাট খাতায়,
পাঠ্য যেসব পাতায় পাতায়
শিখছি সে সব কৌতূহলে,
নেই দ্বিধা লেশমাত্র।



শিক্ষকের মর্যাদা

কাজী কাদের নেওয়াজ

বাদশাহ আলমগীর
কুমারে তাঁহার পড়াইত এক
মৌলভী দিল্লীর ;
একদা প্রভাতে গিয়া,
দেখেন বাদশাহ-শাহজাদা এক
পাত্র হস্তে নিয়া;
ঢালিতেছে বারি গুরুর চরণে;
পুলকিত হৃদয় আনত-নয়নে ।।

শিক্ষক শুধু নিজ হাত দিয়া
নিজেরি পায়ের ধূলি
ধুয়ে মুছে সব করিছেন সাফ
সঞ্চারি অঙ্গুলি ।

শিক্ষক মৌলভী
ভাবিলেন আজি নিস্তার নাহি,
যায় বুঝি তার সবি ।
দিল্লীপতির পুত্রের করে
লইয়াছে পানি চরণের পরে,
স্পর্ধার কাজ হেন অপরাধ কে
করেছে কোন্ কালে!
ভাবিতে ভাবিতে চিন্তার রেখা
দেখা দিল তার ভালে ।
হঠাৎ কী ভাবি উঠি
কহিলেন, আমি ভয় করি না'ক,
যায় যাবে শির টুটি,
শিক্ষক আমি শ্রেষ্ঠ সবার
দিল্লীর পতি সে তো কোন্ ছার,
ভয় করি না'ক, ধারি না'ক ধার,
মনে আছে মোর বল,
বাদশাহ্ শুধালে শাস্ত্রের কথা
শুনাব অনর্গল ।
যায় যাবে প্রাণ তাহে,
প্রাণের চেয়েও মান বড়, আমি
বোঝাব শাহানশাহে ।

তার পরদিন প্রাতে
বাদশাহর দূত শিক্ষকে ডেকে
নিয়ে গেল কেল্লাতে ।

খাস কামরাতে যবে
শিক্ষকে ডাকি বাদশা কহেন,
‘শুনুন জনাব তবে,
পুত্র আমার আপনার কাছে
সৌজন্য কি কিছু শিখিয়াছে?
বরং শিখেছে বেয়াদবি আর
গুরুজনে অবহেলা,
নহিলে সেদিন দেখিলাম যাহা
স্বয়ং সকাল বেলা’

শিক্ষক কন-‘জাহপানা, আমি
বুঝিতে পারিনি হয়,
কী কথা বলিতে আজিকে আমায়
ডেকেছেন নিরালায়?’

বাদশাহ্ কহেন, ‘সেদিন প্রভাতে
দেখিলাম আমি দাঁড়ায়ে তফাতে
নিজ হাতে যবে চরণ আপনি
করেন প্রক্ষালন,
পুত্র আমার জল ঢালি শুধু
ভিজাইছে ও চরণ ।

নিজ হাতখানি আপনার পায়ে
বুলাইয়া সযতনে
ধুয়ে দিল না’ক কেন সে চরণ,
স্মরি ব্যথা পাই মনে ।’


উচ্ছ্বাস ভরে শিক্ষক আজি
দাঁড়ায়ে সগৌরবে
কুর্গিশ করি বাদশাহে তবে কহেন
উচ্চরবে-
‘আজ হতে চির উন্নত হল
শিক্ষাগুরুর শির
সত্যই তুমি মহান উদার বাদশাহ
আলমগীর ।।



আদর্শ ছেলে

কুসুমকুমারী দাশ


আমাদের দেশে হবে সেই ছেলে কবে
কথায় না বড় হয়ে কাজে বড় হবে ?
মুখে হাসি, বুকো বল তেজে ভরা মন
মানুষ হইতে হবে এই যার পণ,
বিপদ আসিলে কাছে হও আগুয়ান,
নাই কি শরীরে তব রক্ত মাংস প্রাণ ?
হাত, পা সবারই আছে মিছে কেন ভয়,
চেতনা রয়েছে যার সে কি পড়ে রয় ?
সে ছেলে কে চায় বল কথায়-কথায়,
আসে যার চোখে জল মাথা ঘুরে যায় ।
সাদা প্রাণে হাসি মুখে কর এই পণ,
মানুষ হইতে হবে মানুষ যখন ।
কৃষকের শিশু কিংবা রাজার কুমার
সবারি রয়েছে কাজ এ বিশ্ব মাঝার,
হাতে প্রাণে খাট সবে শক্তি কর দান
তোমরা মানুষ হলে দেশের কল্যাণ ।



স্বাধীনতার সুখ

রজনীকান্ত সেন

বাবুই পাখিরে ডাকি, বলিছে চড়াই,
“কুঁড়ে ঘরে থেকে কর শিল্পের বড়াই,
আমি থাকি মহাসুখে অটালিকা পরে
তুমি কত কষ্ট পাও রোদ, বৃষ্টি, ঝড়ে ।”
বাবুই হাসিয়া কহে, “সন্দেহ কি তাই ?
কষ্ট পাই, তবু থাকি নিজের বাসায় ।
পাকা হোক, তবু ভাই, পরেরও বাসা,
নিজ হাতে গড়া মোর কাঁচা ঘর, খাসা ।”



কে?

ঈশ্বরচন্দ্র গুপ্ত

বল দেখি এ জগতে ধার্মিক কে হয়,
সর্ব জীবে দয়া যার, ধার্মিক সে হয়।
বল দেখি এ জগতে সুখী বলি কারে,
সতত আরোগী যেই, সুখী বলি তারে।
বল দেখি এ জগতে বিজ্ঞ বলি কারে,
হিতাহিত বোধ যার, বিজ্ঞ বলি তারে।
বল দেখি এ জগতে ধীর বলি কারে,
বিপদে যে স্থির থাকে, ধীর বলি তারে।
বল দেখি এ জগতে মূর্খ বলি কারে,
নিজ কার্য নষ্ট করে, মূর্খ বলি তারে।
বল দেখি এ জগতে সাধু বলি কারে,
পরের যে ভাল করে, সাধু বলি তারে।
বল দেখি এ জগতে জ্ঞানী বলি কারে,
নিজ বোধ আছে যার জ্ঞানী বলি তারে।



বড় কে

হরিশচন্দ্র মিত্র

আপনারে বড় বলে, বড় সে নয়।
লোকে যারে বড় বলে বড় সেই হয়।
বড় হওয়া সংসারেতে কঠিন ব্যাপার
সংসারে সে বড় হয়, বড় গুণ যার।
গুণেতে হইলে বড়, বড় বলে সবে
বড় যদি হতে চাও, ছোট হও তবে।



কবিতা



Widow Wearing White

Prof Mahboob ul Alam

Head, Department of Bangla

My heart tries to see you
May be you sleep a sound sleep
In the fickle light of moonlit night
Your cheek is shining under a soft stream
Your long silky hair flows on the bed of roses
Your charming smile flourishes your lucid face
The breeze whispers your sweet name softly
You remain evergreen with honey-smell
The dust becomes gold
By the touch of your golden finger
You are brimmed with joy and happiness
The world is beneath your feet
And you become a sword with the sharp edge

Here I pass a terrible sleepless night
And accustomed to flickering darkness
My imagination cannot fly in the blue
And I cannot see the green
Frenzy sucks the blood of my heart
I never ride a horse in the open air
I become a man of straw day by day
I am here beneath a leafless tree
And my heart is burnt
And my hope is widow wearing white

What an if you as majestic come to me
With sonorous twinkling
What an if you be little modest to me
What an if you softly touch my ugly finger
What an if you allow my sandpaper lips to be
Kept on your cheeky cheek

That may be changed into gold



এ কোন ভাইরাস

মো. মোস্তাফিজুর রহমান

সহকারী অধ্যাপক, আইন বিভাগ

ছোঁয়া যাবে না, হাঁচা যাবে না
দেয়া যাবে না কাঁশ!
আসলো দেশে যমের বেশে এ কোন ভাইরাস?

ঘেসাঘেসি করা যাবে না
পাশাপাশি বসা যাবে না
মানতে হবে স্যোশাল ডিসট্যান্স!
আসলো দেশে যমের বেশে এ কোন ভাইরাস?

যেখানে যাই সেইখানেতে
লোক সমাগম, রাস্তা ঘাটে
আমার চারপাশ!
আসলো দেশে যমের বেশে এ কোন ভাইরাস?

সুইচ বাটনে, কাগজি টাকায়,
কাচ, প্লাস্টিক, কাপড়, জুতায়
সবখানেতে বাস!
আসলো দেশে যমের বেশে এ কোন ভাইরাস?

ঘরে বসে থাকতে হবে
নাক মুখ সব ঢাকতে হবে
পরতে হবে মাস্ক!
আসলো দেশে যমের বেশে এ কোন ভাইরাস?

ঘরের বাইরে, হাট বাজারে
যাওয়া যাবে না লোকের ভিড়ে
করতে পারে টাচ্!
আসল দেশে যমের বেশে এ কোন ভাইরাস?

যখন তখন আসবে যাবে
পরিপাটি তাই থাকতে হবে
বছর- বারো মাস!
আসলো দেশে যমের বেশে এ কোন ভাইরাস?

জাতি, ধর্ম, নির্বিশেষে
এই পৃথিবীর দেশে দেশে
লাশের পরে লাশ!
আসলো দেশে যমের বেশে এ কোন ভাইরাস?

তরুণ-কিশোর-বৃদ্ধ-জোয়ান
মানে না সে বাচ্চা সেয়ান
পরায় গলায় ফাঁস !
আসলো দেশে যমের বেশে এ কোন ভাইরাস?

বাঁচাও প্রভু, বাঁচাও খোদা
আমরা তোমার বান্দা সদা
আমরা তোমার দাস ।
দূর করে দাও প্রাণঘাতি এই করোনা ভাইরাস ।



মৃত্যুকে স্মরণ

মো. নাজমুল হক

সেকশন অফিসার, সিএসই বিভাগ

এই ক্ষণিকের জীবনের মায়াডোরে
নতুন স্বপ্ন করছি বপন
বেমালুম ভুলে অনন্ত আখিরাত
দুনিয়ার চাকচিক্যে গড়ছি আপন ভুবন।

কত শত রঙ্গিন কল্পনা বিলাস
বহু সাধনা আর যত্নে গড়া বাড়ি-গাড়ি
নিবিড় পারিবারিক বন্ধন আর বন্ধু স্বজন
সবই ছাড়ি দিতে হবে অনন্তকালে পাড়ি।

বন্ধু কেউ পাশে থাকবে না যেখানে,
থাকবে না চরম শত্রুও কোন
নিজেকেই নিতে হবে নিজের দায়িত্ব
অমোঘ এ অনুরণন ভুলেই আছি যেন।

অবধারিত অন্তিম জীবনের কথা
সদা জাগ্রত যদি থাকে হৃদয়ে
বদলে যাবে নির্দয় সমাজ
গুত্র গুদ্রতায় ধরণী যাবে ছেঁয়ে।

চূড়ান্ত সফলতা আর প্রকৃত সৌভাগ্য তো
জীবনাবসান প্রস্তুতির নিহারণ
তাই হর্ষের অতিশায়ে কিংবা বেদনার অঙ্কুরে
সুখে ও দুখে সদা করি মৃত্যুর স্মরণ।

স্বর্গ দহন



মো. আনোয়ার হোসাইন
পি এ (ট্রেজারার)

আয় ফিরে সনাতন...
ফিরে আয় আদি... ।
হাত ধরে নিয়ে যা আমায়
দয়ালু আবারও একবার দয়া করে যদি ।

আমায় আবার স্বর্গ দেখা
আবার একবার বাঁচতে শেখা ।
পৃথিবীটা দেখা শেষ
নরকের দহনে চিরসুখী আমি
কিঞ্চিৎ আছি অবশেষ ।

দহনে দহনে পুড়ে গেছে মন
তবুও পরিপাটি সেজে থাকি ।
সমাজের চোখে আমি
বিশুদ্ধ সাধুজন ।
অথচ আমি বিশুদ্ধ নই
আমি সাধু-সন্ন্যাসী নই ।
সমাজের নিয়মে
শুধু হাসিমুখে কথা কই ।

তাই ফিরে যেতে চাই
সেই সনাতনে ।
যেখানে পাখিরা গেয়েছিলো গান
ভালোবাসার উদ্যানে ।
গেলে আমি কবিতা নিয়ে যাবো
নরকের দহনে চিরসুখী হওয়ার কাব্যসকল
ছন্দে ছন্দে দয়ালুরে শোনাবো ।

অতঃপর যদি হয় ঠাই
তবে উদ্যানে শুতে চাই ।
না হয় আবার নরকেই জ্বলে হবো ছাই ।
তবুও আয় ফিরে সনাতন
নিয়ে যা আমায়
আমি আবার আমি হতে চাই ।



আজব মানুষ

মো. হাসিকুল আলম (আশিক)

এমএলএসএস

সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ

হায়রে মানুষ আজব মানুষ
এই দুনিয়ায় ভাই,
কঠিন সময় পার করিলাম
কেউতো পাশে নাই।
কোভিড-১৯ আইলো দেশে
দিলো মরণ কামড়,

সবাই আমরা বাঁচতে চাই
মরিতে রাজি নয়।
কেমন তাড়ব হলো দেশে,
লক্ষ জীবন নিল কেড়ে।

শত চেষ্টা করেও অনেকে বাঁচতে পারেনি।
কত শত আপন মানুষ পাশে তো কেউ নাই,
তাই তো খুবই জানার ইচ্ছা আপন মানুষ কই।
ক্ষণিকের এই দুনিয়ায় মা-বাবা ভাই-বোন
মায়ার বাঁধন হয়।

কোভিড-১৯ আইসা দেশে
বুঝিয়ে দিল তাই।
আপন মানুষের দূরত্ব কেমন হয়।



মোরগ

অধ্যাপক মাহবুব উল আলাম
প্রধান, বাংলা বিভাগ

এক লোকের এক মোরগ ছিল
মোরগের ডাকে ঘুম ভাঙতো
লোকটা ওয়ু করে ফজরের নামাজ পড়ত
শুরু করত ঘরগেরস্থালি
মুরগিগুলো অনেক ডিম দিত
বংশবিস্তার করত
ডিম দিয়ে
মুরগি জবেহ্ করে
লোকটা অতিথি সৎকার করত
এমনি করে ভালই কাটছিল দিন

একদিন বাড়িতে এক দুষ্ট অতিথি এল
তাকে ডিম দিল মুরগি দিল
মন ভরল না অতিথির
মোরগ খাওয়ার আবদার ধরল
লোকটা অনেক বোঝালো
কিন্তু দুষ্ট অতিথি শুনলো না কিছুই
তার একই কথা মোরগ ছাড়া খাবো না

কী আর করে লোকটা
মোরগ জবেহ্ করে খাওয়ালো অতিথিকে

সেই থেকে আর মোরগ ডাকে না
মুরগি ডিম পাড়ে না
অতিথি সৎকার বন্ধ হল
লোকটার আর ঘুম ভাঙে না
নামাজ কাজা হতে লাগল
শিকেয় উঠল ঘরগেরস্থালি



জননী

মো. নাজিম উদ্দিন

৫৭তম ব্যাচ, সিএসসি

আইডি:২১২০৩০১০১০১১

ধাত্রী যখন ছেড়ে দিলো আমার
বয়স সবে পঞ্চাশ,
সে থেকে শুরু হলো
জীবন নামক মঞ্চ।
কেনই বা এমন পরিহাসটি হলো?

কোথায় যাবো হে জননী?
কি আহার বা করবো?
ভাবা হয়নি সে দিন!
দিনটি এখানেই অবসান নয়

রাস্তার নেড়ি কুকুর যেমন
ক্ষুধায় ঘুরে বেড়ায় দিশিদিশি,
তারই এক সঙ্গী মনে করে
নিজেকে মেনে নিয়েছিলাম ঠিক।
রাত্রি যখন ফুরিয়ে

গবাক্ষ দিয়ে তাকাই
দূরে নীল আকাশের দিকে
মনে হয় জননী আমার
পানে চাইছে অনিমেঘে।

কালের পরে ধরে কবে
দেখত আমার চেয়ে।
সেই চাউনি রেখে গেছে
সারা আকাশ ছেঁয়ে।



মেঘনা নদী

মো. আনোয়ার

৫৬তম ব্যাচ, সি এস ই

আই.ডি: ২১১০৩০১০১১০১৪

নদী এখন ভীষণ একা, বহু বছর হয় না দেখা।
নদী এখন শান্ত, আমি বড়ই ক্লান্ত।
আমার হৃদয় ক্ষান্ত, বহিছে যে বসন্ত।
আমার বাড়ি মেঘনার পাড়ে, বইছে মনে ঢেউ,
মেঘনা ছাড়া অবশেষে, রহিলো না আমার কেউ!
মেঘনা আমার ভালোবাসা, ঢেউগুলো সব প্রেম।
মেঘনার জল বড়ই চঞ্চল, করে জ্বলজ্বল পাইলে রৌদ্রের ছোঁয়া।
মাঝি ভাইরা বৈঠা বাইয়া, ছুটে চলে নাও ভাসাইয়া।
মন যে আমার আনন্দেতে মেতে রয়,
মাঝি ভাইরা মধুর সুরে ভাটিয়ালি কয়।
মেঘনার বুকে মাছ ধরিতে নৌকা লইয়া যায়,
মন যে আমার শহর থেকেও তাদের দেখা পায়।
ইলিশ, বোয়াল, বুই-কাতলা চিংড়িও বেশ কম নয়,
পাবদা, পোয়া, সরপুঁটি আর হরেক মাছের মেলা!
একই সাথে দেখতে পাবে, আমার জেলা ভোলা।
মেঘনা নদী, নদী নয় কো, ভোলা জেলার প্রাণ,
বারে বারে আমি গাইবো আমার মেঘনা নদীর গান।
মেঘনার বুকে চর জেগেছে, দেখতে চমৎকার!
মেঘনার জলে কাটবো সাঁতার আমি বারংবার।
মেঘনার বুকেতে লঞ্চ চলেছে, চলছে স্টিমার!
ডিঙি নৌকায় পাল তুলেছে, আহ! রূপের কি বাহার।
মেঘনা তোমায় মনে পড়ে গো, দেখা হবে আবার।



এগিয়ে যাও

খালেদা ইয়াছমিন নিসা
৫৩ তম ব্যাচ, এল এল বি (অনার্স)
আইডি : ২০১০৫০১০১০৪৫

দিন যায় চলে,
অভিজ্ঞতার মধ্য দিয়ে,
সামনের দিকে যাও এগিয়ে,
অভিজ্ঞতা নিয়ে।
বাধা-বিপত্তি আসবে যত,
জীবনের লক্ষ্য হবে অটুট তত।
লক্ষ্যের দ্বার যাবে খুলে,
দেখবে তুমি সবই পেলে।
যেওনা তুমি আমাদের ভুলে,
লক্ষ্যের দ্বারে পৌঁছে গেলে।
আমরা থাকবো একসাথে
জীবনে চলার পথে,
এই শপথ নিলাম আজ
বন্ধুরা সবাই মিলে।



বৃষ্টি

মো. সাগর আলী

৫৬তম ব্যাচ, বিএ (অনার্স) ইংরেজী

আইডি : ২১১০১০১০১০০৯

নীল আকাশ যখন মিশে যায় সাদা কালো মেঘে,
প্রকৃতি তার নিজ আবরণে নতুন ছবি আঁকে
আঁকা বাঁকা নদীর জলও উপচে উঠে বাতাসে,
অসময়ের সঙ্গী এসে মেলে মাটির স্পর্শে
হঠাৎ করেই দেখা যায় এ রূপের পরিবর্তন
রৌদ্রকে জানিয়ে বিদায়, বৃষ্টির হয় আগমন
শিশিরে ফোঁটায় ফোঁটায় ঝড়ছে অনাবিল,
গুড়ি গুড়ি, মুষলধারী, কখনো এর নাম শীল
ভেজা ভেজা এই অরণ্য ভিজিয়ে দিয়ে যায় মন,
শিথিল হয়ে যাওয়া ধরণী, মুগ্ধ এ মোহন
ঝোড়ো ঝোড়ো শব্দ যেন প্রকৃতির গান
এই দৃশ্য জাগায় দোলা ভোরে উঠে প্রাণ
সুখের এই বৃষ্টি কখনো ঝড় বয়ে নিয়ে আসে,
মেঘলা আকাশে এই অরণ্য সাজে ভয়ঙ্কর বেশে
প্রকৃতির এইতো অপরূপ সৃষ্টি
কখনো মেঘ, কখনো বৃষ্টি...



My Heart

Md. Shofikul Alam

58th batch, BA (Hons) in English

ID: 213010101018

I need you in my happy time,
I need you in my sad time.
I want to see your face,
When I go to my bed and dream.

I want to forget all my tears
To see your innocent smile.
It gives me great joy and
Makes me happy at that time.

To get your love from the heart,
I want to get rid of the dark.
To hear your words in the night,
When the world falls into darkness
I dream that you are around me
Walking like a beautiful Princess.

I need you by my side every
moment.
I want you forever; as long as I live.
You are a great part of me,
How close you are to me;
Can you ever see it?

তুমি আসবে বলে

বেনি-আমিন যীম

৫৭তম ব্যাচ, বিবিএ

আইডি: ২১২০২০১০১০০৪

একদিন সূর্য উঠবে আমার শহরে,
তোমার আগমনীর বার্তা জানিয়ে।
সেদিন বাজবে না কোন বিরহ বাধ্য,
থাকবে না চোখে নোনা জল।
সেদিন তুমি শুধুই আমার হবে।
তোমাকে আঁকবো খোলা আকাশের নিচে রং তুলি দিয়ে।

বৃষ্টি হলে ভিজবো সুখে তোমাকে পাশে নিয়ে।
সেদিন তুমি শুধুই আমার হবে।
তুমি আসবে বলে সাজিয়েছি শহর টা,
রাতে জ্যোৎস্না দিয়েছে মেঘে ঢেকে থাকা, ওই চাঁদটা।
দিন যাই দিন আসে কিন্তু তুমি আসো না,

তুমি আসবে বলে, আমি আজো ভোরে কুয়াশা দেখিনি,
শাল চাদরটাও গায়ে লাগায়নি,
টং দোকানের চা খাইনি,
যান্ত্রিক শহরের প্রাণ দেখিনি,
তুমি আসবে বলে আজো স্বপ্ন দেখি।
এই শহরেই তোমাকে খুঁজি,
কাকতাদুয়া সাজি,
শুধু তুমি আসবে বলে আমি আজও অপেক্ষা করি,
তুমি আসবে বলে আজও তোমাকেই ভালোবাসি।



প্রাইম ইউনিভার্সিটি

মো. শফিকুল আলম

৫৮তম ব্যাচ, ইংলিশ (অনার্স)

আইডিঃ ২১৩০১০১০১০১৮

প্রাইম ইউনিভার্সিটি, প্রাইম ইউনিভার্সিটি,
নিয়ম এর বড়ই কঠিন জানে সারা দেশ।
ভার্সিটিতে যদি কেউ আসে আইডি কার্ড ছাড়া,
দারোয়ান তাকে গেটের সামনে আটকে দিবে খাড়া।

ইউনিভার্সিটি তে আসতে হবে প্রতিদিন,
মিস যেতে পারবে না একটি দিন।
মিস গেলে আর উপায় নাই,
পরীক্ষার আগে অভিভাবক আনা চাই।

বেয়াদবি করলে রক্ষা নাই,
টিসি দিবে বিজ্ঞপ্তি ছাড়াই।
এত নিয়মের মধ্যে ভাই,
সুনাগরিক হওয়ার আস্থা পাই।
বলে রাখি ভাই একটি কথা,
নিয়মই মানুষকে করে পাকা।



জাতির স্বার্থে

মো. শাহনেওয়াজ হোসেন (শাওন)

ব্যাচ: ০৬(ই) বিএসসি ইন সিভিল ইঞ্জিনিয়ারিং

আইডি নং: ০২৮২২১০০০৫০৮১০১০

লোকাল বাসের যাত্রী
ভাগ্যে এলো সে রাত্রি,
জানালায় পাশে বসা, সঙ্গে পাগড়ি পরা এক বৈরাগী
সেজে চলেছি বরযাত্রী।

হঠাৎ অসুরেলা চিৎকার গলায় সোরগোল
কানে আসে অনর্গল,
দাদা-ভাইরা, দিত- মা- বোনেরা
জানেন কি বাঙ্গালী জাতির পরাজয়ের কারণটা?
যখন পাক বাহিনী সমগ্র বাংলায় প্রবেশে আঙুয়ান
অনেক জাহাজ দেখে গুপ্তচর রাজাকার নিকট খবর পৌঁছান,
মহারাজ, পাক সৈনিক প্রচুর অস্ত্রশস্ত্রে বলিয়ান
লড়াই হলে নিশ্চিত পরাজয় জানান ।

মহারাজ, একটি বুদ্ধি এসেছে মাথায়,
একজন হামা দিয়ে, অপরজন পিছনে দাঁড়ায়,
এই ভাবে দাঁড়াবো সারি সারি দিয়ে
লোকবল চাই প্রচুর অস্ত্রের নেই দরকার ।

মহারাজ বলেন যাও- কর গিয়ে প্রকাশ
পাক-বাহিনীর প্রধান, দুরবীন নিয়ে দাঁড়ান,
দেখে সারি সারি কামান তাদের দিকে তাক করানো
একটু এগিয়েছি কি, করবে গোলা বর্ষণ ।

পাক জাহাজ ফেলে নোঙ্গর রয় অপেক্ষা
ঘণ্টার পর ঘণ্টা থাকে পাহারায়,
সারি সারি কামানে সামনে পরতে কার মন চায়?
গেন মাহেন্দ্রক্ষণে আগত প্রায় ।

হঠাৎ পাশে বসা লোকটার চুলকানি ওঠায়,
নড়ে চড়ে চুলকায়
কৌশল সেনা প্রধান ব্যপারটা বুঝে যায়
আক্রমণ বলে অসুরেলা গলায় পরামর্শ দেয়!!

বন্ধুগন ভুলবেন না, আর পরাজিত হবো না
আবার নির্যাতন পরাধীনতা মেনে নেব না
তাইতো নিয়ে এসেছি সব মুছিবতের সমাধান
হকার তুলে ধরে, ঢোল কম্পানির সেই মলম খান
একটি কিনুন সাথে দেশের স্বার্থে একটি ফিতে পান
মাত্র পাঁচ টাকা, পাঁচ টাকা, পাঁচ টাকা ।।



বৃষ্টি

সানজিদা ওমামা (তুনা)

৫৯ তম ব্যাচ, সি.এস.ই

আইডি: ২২১০৩০১০১০৩২

আকাশেতে মেঘ জমেছে
ডাকছে গুরুম গুরুম
শীতল হাওয়া বইছে দেখ
লাগছে খুবই দারুন।
ধীরে ধীরে কালো মেঘে ছেয়ে গেল আকাশ
অন্ধকার ঘনিয়ে এলো বইছে ঝড়ো বাতাস।

টপ টপ টপ বৃষ্টি পড়ছে
বৃষ্টি পড়ছে খুব
অন্যরকম হয়ে গেল
প্রকৃতির রূপ
ফ্যাকাশে পরিবেশটার
অবশেষে ঘটল অবসান
সবুজ আরও হলো সবুজ
ফিরে পেল নতুন প্রাণ।

সজীবতায় সতেজতায়
হলো শান্ত পরিবেশ
বৃষ্টি এবার চলে গেল
বৃষ্টি পড়া শেষ
রয়ে গেল এবার শুধু
একলা নিবিড় শান্ত পরিবেশ।



নারী

ফারজানা আক্তার বর্না

৫ম ব্যাচ, বিএ (অনার্স) বাংলা

আই.ডি: ২১২০১০২০১০০৭

নারীকে কেন ভাবো এতো হীন?
নারীই দিয়েছে জন্ম তোমায়; দিয়েছে
উদার ঋণ!
সমাজে আছে যার একটু খানিও
সম্মান-
সে কভু সহ্য না কোন নারীর
অপমান।
সমাজ স্বীকৃত ইতর যারা;
বুঝে না কভু তারা নারীর মন!!

পুরুষের আছে শক্তি সাহস যৌবন
নারীর মাঝে আছে দুর্বল আকর্ষণ!
রূপ- প্রীতি মায়া নারীর নয় শুধুই
সম্বল-
তবু কত বীর বাহাদুর সে রূপের
ছটায় হয়েছে দুর্বল!!
নারীর হাতিয়ার অনুরাগ; বাড়ায়
মনের জ্বালা-
ভালোবাসার চাবি দিয়ে খুলে
অনুরাগের তালা।
বুঝো কি নারীর মন তোমরা?
চাই না সে ধন সম্পদ বা বীরত্ব;
চাই ভালোবাসা, একটু খানি সু'
আচরণ।
নারীর অন্তরে আছে শুধুই প্রেম;
তাই করো নাকো কভু নারীকে ভয়
ভালোবাসা আর সদাচরণে,
করে নিতে পারো নারীর হৃদয় জয়।



লকডাউন

সাহারা ইসলাম

৫৯ তম ব্যাচ, বিবিএ

আই.ডি: ০২৮২২১০০০৪০৮১০১১

লকডাউন মানে ছোট জীবন
ঘরের মধ্যে বন্ধ,
বাইরে গেলে ভীষন বিপদ
করোনার আতংকে স্তব্ধ।

লকডাউন নাম বাইরে গেলে
মাস্ক পরা,
হাত- পা ধোয়া
বাঁশের নিচ দিয়ে পার হওয়া।

লকডাউন মানে সামাজিক দূরত্ব
সবচেয়ে বড় শব্দ
এক নাগাড়ে ঘরে থাকা
সবকিছুই তাই নষ্ট।



বিষাদের অন্তরালে

মোসতাইন করিম মোজাদ্দেদ

২য় ব্যাচ, বাংলা বিভাগ

আইডি: ২০১০১০২০১০১৬

তোমাকে ভেবে কেটে যাবে কত
বিন্দি রাত, ফুরোবে কত অপেক্ষার প্রহর,
কত দীর্ঘশ্বাসের গ্লানি জমা হবে এ বুকে
তবুও এ হৃদয় আজীবন
ভালোবেসে যাবে।
তোমাকে ভেবে কেটে যাবে কত শ্রাবণ,
ফুরোবে কত জোছনার আলো,
ঝর্ণার জল শুকিয়ে হবে মরুভূমি,
তবুও এ হৃদয় তোমার অপেক্ষায় থাকবে।
তোমাকে ভেবে কেটে যাবে কত প্রত্যাশিত দিন,
কেটে যাবে কত বিন্দি রাত,
নিরাশায় চোখে অশ্রু ঝরবে কত?
এ হৃদয় পোড়াবে অনলের তীব্র আঘাত।
তোমাকে ভেবে বুকে বইবে কত কালবৈশাখী ঝড়,
তপ্ত বুকে জ্বলবে কত ছাইচাপা আগুন।
বিলীন হইবে কত আশা,
কত স্বপ্নের হইবে অকাল মৃত্যু,
এভাবে রাত কেটে হবে বহু প্রত্যাশিত ভোর।
তবুও ফিরে কভু আসবে না তুমি,
কারণ দূরের তারারা যেখানে কেঁদে খসে পড়ে যায়,
অন্ধকার অঁইই ঐ ব্লাকহোলের অন্তরালে,
যাকে বলি মোরা জগতের আড়াল,
দুর্বিষহ কষ্টের সেই ভয়ানক মৃত্যু।
যা কেড়ে নিয়েছে সব আমার,
দিয়েছে তুমিহীন এক জীবন আমৃত্যু।

অতিথি লেখক



মানবতাবাদী বঙ্গবন্ধু

ড. কামরুন্নেছা আজাদ

লেখক, গবেষক, প্রবন্ধকার ও গ্রন্থ রচয়িতা
প্রাক্তন সহকারী অধ্যাপক (বাংলা বিভাগ)
রাজাপুর সরকারি কলেজ, রাজাপুর
ঝালকাঠি।

মানবতাবাদ মানে ‘সবার উপরে মানুষ সত্য’। মানুষ কর্তৃক মনুষ্যত্বের প্রকাশ ঘটে মানবতাবাদে-মানবতায়। অপরদিকে মানুষকে ভালবাসা-মঙ্গলাকাঙ্ক্ষা এবং জীব নির্বিশেষের প্রতি ন্যায্য আচরণের নামই মানবতা। যা সর্বযুগে মানবগোষ্ঠীর কল্যাণে নিবেদিত প্রাণ। কবি গুরু রবীন্দ্রনাথের দৃষ্টিতে “মানুষ আপন উন্নতির সঙ্গে সঙ্গে ব্যক্তি সীমাকে পেরিয়ে বৃহৎ মানুষ হয়ে উঠেছে, তার সমস্ত শ্রেষ্ঠ সাধনা এই বৃহৎ মানুষের সাধনা।”^১

উপর্যুক্ত উদ্ধৃতির আলোকে প্রমাণিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সাহসী-সৎ-আপোষহীন-অসাম্প্রদায়িক-মানবদরদী-হৃদয়বান একজন মানবিক মানুষ। গ্রামের অতি সাধারণ মধ্যবিত্ত গৃহস্থ পরিবারে জন্ম নেয়া এক সহজ-সরল কিশোর হয়ে উঠলেন বাংলার মানুষের আশা-আকাঙ্ক্ষার প্রতীক? এক সময় বড় বড় নেতাদের কাছে পাঠ নিয়ে কিশোর মুজিব ধীরে ধীরে মঞ্চের সবচেয়ে গুরুত্বপূর্ণ চরিত্র হয়ে কীভাবে তিনি তাঁদের ছাপিয়ে আরো অনেক উপরে উঠে গেলেন। কীভাবে হয়ে উঠলেন নেতাদের নেতা?

বঙ্গবন্ধু একজন রাজনীতিবিদ, একজন দক্ষ নেতা। তিনি কোন সাহিত্যিক বা কবি নন। তবে একটি ক্ষেত্রে তাকে কবি বলতে দ্বিধা নেই। তা হল ৭ মার্চের ভাষণ, যার প্রতিটি পঙক্তির ছন্দ বাঙালি তথা বিশ্ববাসীর হৃদয়ে ঠাঁই পেয়েছে। তাঁর রচিত ‘অসমাপ্ত আত্মজীবনী’ একজন মানবদরদী নেতার বেড়ে ওঠার গল্প। এয়েন রূপকথার রাজপুত্রের জীবন কাহিনি!

‘অসমাপ্ত আত্মজীবনী’ বঙ্গবন্ধুর হাতের স্পর্শে এক অভিনব জীবনালেখ্য। যা শব্দে আর বাক্যে, ভাষা আর অলংকারে, উপমা আর রূপকের, বর্ণনা আর বিন্যাসে একটি মন ভুলানো লেখনি। সরল মানুষের সহজ বাক্যে অন্তরের অন্তস্থল থেকে উঠে আসা তাঁর মুখনিসৃত মন্ত্রমুগ্ধ ভাষণগুলোর মতই। বন্ধু-বান্ধব ও সহধর্মিণীর অনুরোধে জেলখানায় বসে লেখা সাহিত্য কর্ম। গ্রন্থের একেবারে সূচনায় তাঁর সহজ স্বীকারোক্তি- “লিখতে যে পারি না; আর এমন কি করেছি যা লেখা যায়! আমার জীবনের ঘটনাগুলি জেনে জনসাধারণের কি কোন কাজে লাগবে? শুধু এইটুকু বলতে পারি, নীতি ও আদর্শের জন্য সামান্য একটু ত্যাগ স্বীকার করতে চেষ্টা করেছি।”^২

লেখক স্বয়ং বঙ্গবন্ধু, জীবনটাই যার অসমাপ্ত। কোনো পরিকল্পনা ছাড়া, যবনিকা ছাড়াই, হঠাৎ করে সবকিছু অসমাপ্ত রেখেই হারিয়ে গেলেন! গোপালগঞ্জ জেলার ছোট্ট গ্রাম টুঙ্গিপাড়ায় জন্মগ্রহণকারী বঙ্গবন্ধু তাঁর ‘অসমাপ্ত আত্মজীবনী’তে নীতি-আদর্শ-ত্যাগ ও নেতৃত্বের স্বরূপ তুলে ধরেছেন অত্যন্ত সরল ভাষায়। গ্রন্থটি ১৯৩৮-১৯৫৫ সাল পর্যন্ত সময়কালের ঘটনাবলী দ্বারা উপস্থাপিত হয়েছে।

বিশেষভাবে ব্যাখ্যা করলে ‘অসমাপ্ত আত্মজীবনী’র ভেতরে রয়েছে, বঙ্গবন্ধুর বংশ পরিচয়-জন্ম-শৈশব-স্কুল ও কলেজের শিক্ষাজীবনের সঙ্গে সামাজিক ও রাজনৈতিক কার্যাবলী। দুর্ভিক্ষ-বিহার ও কলকাতার দাঙ্গা-দেশভাগ-কোলকাতাকেন্দ্রীক প্রাদেশিক মুসলিম ছাত্রলীগ-মুসলিম লীগের রাজনীতি। দেশভাগের পরের অবস্থা থেকে ১৯৫৪ সাল অবধি পূর্ব বাংলার রাজনৈতিক পরিস্থিতি কেন্দ্রীয় ও প্রাদেশিক মুসলিম লীগ সরকারের অপশাসন-ভাষা আন্দোলন-ছাত্রলীগ ও আওয়ামী লীগ প্রতিষ্ঠা, যুক্তফ্রন্ট গঠন ও নির্বাচনে জয়লাভ করে সরকার গঠন, আদমজীর দাঙ্গা, পাকিস্তানের কেন্দ্রীয় সরকারের বৈষম্যমূলক আচরণ, অভ্যন্তরীণ (প্রাসাদ) ষড়যন্ত্রের বিস্তৃত বিবরণ তথা এসব বিষয় সম্পর্কে প্রত্যক্ষভাবে যেসব অভিজ্ঞতা অর্জিত হয়েছে তার নিখুঁত বর্ণনা তিনি এ গ্রন্থে দিয়েছেন। এছাড়াও বঙ্গবন্ধুর কারাজীবন, বাবা-মা, ছেলে-মেয়ে ও সর্বোপরি অপরিসীম ধৈর্য্যশীলা জীবনসঙ্গীণীর কথা, যিনি তাঁর রাজনৈতিক তথা পারিবারিক জীবনে ঢাল হয়ে সকল দুঃসময়ে অবিচলভাবে পাশে থেকেছেন। সংসার জীবনের কোন সমস্যার এতটুকু আঁচ বঙ্গবন্ধুর গায়ে লাগতে দেননি। বর্ণিত হয়েছে চীন, ভারত ও পশ্চিম পাকিস্তানের ভ্রমণের অভিজ্ঞতা। সার্বিক বিষয় পর্যালোচনা করে নিরপেক্ষতার বিচারে তাঁর রাজনৈতিক আদর্শে বিরোধী পক্ষের মানুষও কোন দ্বিমত পোষণ করেননি। বরং অনেকেই তাঁকে মানবিক মানুষ হিসেবে সম্মান দিয়েছেন।

মূলত এ গ্রন্থে বঙ্গবন্ধুর ঘটনাবহুল জীবনের খুব অল্প সময়ের সাথে আমরা পরিচিত হয়েছি। তিনি একজন ত্যাগী নেতা ছিলেন, সেই শৈশব থেকে। রাজনীতিবিদ হিসেবেও ভোগে নয় ত্যাগই ছিল তাঁর প্রধান চারিত্রিক বৈশিষ্ট্য। এজন্য তিনি বাঙালি জাতিসত্তাকে আত্মপরিচয়ের সন্ধান দিতে পেরেছেন। প্রসঙ্গত বঙ্গবন্ধুর হৃদয়স্পর্শী কিছু কথা— “একজন মানুষ হিসাবে সমগ্র মানবজাতি নিয়েই আমি ভাবি। একজন বাঙালি হিসাবে যা কিছু বাঙালিদের সঙ্গে সম্পর্কিত তাই আমাকে গভীরভাবে ভাবায়। এই নিরন্তর সম্পৃক্তির উৎস ভালোবাসা, অক্ষয় ভালবাসা, যে ভালোবাসা আমার রাজনীতি এবং অস্তিত্বকে অর্থবহ করে তোলে।”৩

গ্রন্থের শুরুতেই বঙ্গবন্ধু অত্যন্ত নিখুঁতভাবে শেখ বংশের পরিচয় দিয়েছেন, বর্ণনা করেছেন সামাজিক-অর্থনৈতিক ও বসতবাড়ির অবস্থা। নিজের কথা বলতে এতটুকু লুকোছাপা করার কোনো প্রবণতা ছিল না। শৈশব পেরিয়ে কৈশোরে পা দিলে তিনি কঠিন রোগে আক্রান্ত হন। যে কারণে তার লেখাপড়ায় বাধা পড়ে। কিন্তু সে বাধা পেরিয়ে তিনি ১৯৩৭ সালে গোপালগঞ্জ মিশন স্কুলে ভর্তি হন। তাঁর পিতা বঙ্গবন্ধুর জন্য আব্দুল হামিদ এমএসসি নামে একজন গৃহশিক্ষক রেখে দেন। সেই শিক্ষক অত্যন্ত মানবিক এবং দয়ালু ছিলেন। তিনি গরীব শিক্ষার্থীদের সাহায্যার্থে ‘মুসলিম সেবা সমিতি’ গঠন করেন। বঙ্গবন্ধুর বর্ণনা— “মুষ্টি ভিক্ষার চাল উঠাতেন সকল মুসলমান বাড়ি থেকে। প্রত্যেক রবিবার আমরা থলি নিয়ে বাড়ি বাড়ি থেকে চাউল উঠিয়ে আনতাম এবং এই চাল বিক্রি করে গরীব ছেলেদের বই-পরীক্ষা ও অন্যান্য খরচ দিতেন।”৪

হামিদ মাস্টারের মৃত্যুর পরেও কিশোর বঙ্গবন্ধু সংগঠনটির সম্পাদকের দায়িত্ব পালন করেন অনেক দিন।

১৯৩৮ সাল। বাংলার দুই নেতা, বাংলার প্রধানমন্ত্রী শেরে বাংলা এ.কে ফজলুল হক

এবং শ্রমমন্ত্রী হোসেন শহীদ সোহরাওয়ার্দী গোপালগঞ্জ আসবেন। স্বেচ্ছাসেবক বাহিনী গঠন করার দায়িত্ব পড়ল বঙ্গবন্ধুর উপর। প্রসঙ্গত- “আমি স্বেচ্ছাসেবক বাহিনী করলাম দলমত নির্বিশেষে সবাইকে নিয়ে।”৫

উপর্যুক্ত উক্তি প্রমাণ করে বঙ্গবন্ধু সক্রিয় রাজনীতিতে প্রবেশ করার আগে থেকেই অসাম্প্রদায়িক মানসিকতার ছিলেন। কিন্তু কংগ্রেস নিষেধ করার জন্য হিন্দু ছাত্ররা স্বেচ্ছাসেবক থেকে সরে দাঁড়ায়। যথারীতি এগজিভিশন উদ্বোধন হল। হক সাহেব পাবলিক হল এবং সোহরাওয়ার্দী সাহেব মিশন স্কুল পরিদর্শন করেন। এই মিশন স্কুলের ছাত্র ছিলেন বঙ্গবন্ধু। সেই সুবাদে সোহরাওয়ার্দী সাহেবের সঙ্গে বঙ্গবন্ধুর পরিচয় এবং রাজনীতির হাতেখড়ি। এই ঘটনার পর থেকেই হিন্দু-মুসলমানদের সঙ্গে আড়াআড়ি চলছিল। এই বিরোধ শেষ পর্যন্ত মারপিটে গড়াল। হিন্দু মহাসভার সভাপতি সুরেন ব্যানার্জির বাড়িতে মালেককে ধরে নিয়ে মারধর করল। মালেক বঙ্গবন্ধুর বন্ধু বিধায় খবর পেয়ে ছুটে গেল সুরেন ব্যানার্জির বাড়ি। মারের বদলা নিতে গিয়ে বন্ধুকে বাঁচাতে নিজেই মিথ্যা মামলায় জড়িয়ে পরল। শেষ পর্যন্ত তাঁকে ৭ দিন জেল খাটতে হলো। মিথ্যা মামলায় জীবনে প্রথম জেল খাটলেন।

১৯৪৩ সাল। ভয়াবহ দুর্ভিক্ষ। লক্ষ লক্ষ লোক মারা যাচ্ছে। যখন বঙ্গবন্ধু প্রাদেশিক মুসলিম লীগ কাউন্সিলের সদস্য। তাঁর কোমল হৃদয় অসহায় ক্ষুধার্ত মানুষের জন্য কেঁদে ওঠে। বঙ্গবন্ধুর লেখনিতে- “দুর্ভিক্ষ শুরু হয়েছে। গ্রাম থেকে লাখ লাখ লোক শহরের দিকে ছুটেছে স্ত্রী-পুত্রের হাত ধরে। খাবার নেই, কাপড় নাই। ইংরেজ যুদ্ধের জন্য সমস্ত নৌকা বাজেয়াপ্ত করে নিয়েছে। ধান, চাল সৈন্যদের খাওয়াবার জন্য গুদাম জব্দ করেছে।বাংলাদেশের এই দুরবস্থা চোখে দেখেছি যে, মা মরে পড়ে আছে, ছোট বাচ্চা সেই মরা মার দুধ চাটছে। কুকুর ও মানুষ একসাথে ডাস্টবিন থেকে কিছু খাবার জন্য কাড়াকাড়ি করছে। ছেলেমেয়েদের রাস্তায় ফেলে দিয়ে মা কোথায় পালিয়ে গেছে। পেটের দায়ে নিজের ছেলেমেয়েকে বিক্রি করতে চেষ্টা করছে। কেউ কিনতেও রাজি হয় নাই। বাড়ির দুয়ারে এসে চিৎকার করছে, ‘মা বাঁচাও, কিছু খেতে দাও, মরে তো গেলাম, আর পারি না, একটু ফেন দাও।’ এই কথা বলতে বলতে ওই বাড়ির দুয়ারের কাছেই পড়ে মরে গেছে। আমরা কি করব? হোস্টেলে যা বাঁচা দুপুরে ও রাতে বুড়ুস্কুদের বসিয়ে ভাগ করে দেই, কিন্তু কি হবে এতে?”

এই সময় সোহরাওয়ার্দী সাহেব লঙ্গরখানা খোলার হুকুম দিলেন। আমিও লেখাপড়া ছেড়ে দুর্ভিক্ষপীড়িতদের সেবায় ঝাঁপিয়ে পড়লাম। অনেকগুলি লঙ্গরখানা খুললাম। দিনে একবার করে খাবার দিতাম। মুসলিম লীগ অফিসে, কলকাতা মাদ্রাসায় এবং আরো অনেক জায়গায় লঙ্গরখানা খুললাম। দিনভর কাজ করতাম, আর রাতে কোনোদিন বেকার হোস্টেলে ফিরে আসতাম, কোনোদিন লীগ অফিসের টেবিলে শুয়ে থাকতাম।”৬

বঙ্গবন্ধু তাঁর শ্রম ও দক্ষতা দিয়ে নেতাদের কাছে এবং ইসলামীয়া কলেজে বেশ জনপ্রিয় হয়ে উঠেছিলেন। কেউ তাঁকে এতটুকু অসম্মান করা দূরে থাক, তাঁর কড়া কথাকেও মেনে নিতেন। এজন্যই তিনি বিনা প্রতিদ্বন্দ্বিতায় ইসলামীয়া কলেজের ছাত্র ইউনিয়নের সাধারণ সম্পাদক পদে নির্বাচিত হন। তাঁর নিজের কথা- “ছাত্রদের আপদে-বিপদে আমি তাদের পাশে দাঁড়াইতাম। কোন ছাত্রের কি অসুবিধা হচ্ছে, কোন ছাত্র হোস্টেলে জায়গা পায় না, কার ফ্রী সিট দরকার, আমাকে বললেই প্রিন্সিপাল ড. জুবেরী সাহেবের কাছে হাজির

হতাম। আমি অন্যায় আবদার করতাম না। তাই শিক্ষকরা আমার কথা শুনতেন। ছাত্ররাও আমাকে ভালবাসতো। হোস্টেল সুপারিনটেনডেন্ট সাইদুর রহমান সাহেব জানতেন, আমার অনেক অতিথি আসত। বিভিন্ন জেলার ছাত্রনেতারা আসলে কোথায় রাখব, একজন না একজন ছাত্র আমার সিটে থাকতই। কারণ, সিট না পাওয়া পর্যন্ত আমার রুমই তাদের জন্য ফ্রি রুম।”৭

বঙ্গবন্ধু ঢাকা বিশ্ববিদ্যালয়ে আইন বিভাগে ভর্তি হন। তাঁর পিতার স্বপ্ন পূরণের জন্য। কিন্তু সে স্বপ্ন, স্বপ্নই থেকে গেল। স্বপ্নপূরণ না হলেও “ঢাকা বিশ্ববিদ্যালয়ে স্বল্প সময় অবস্থান করে তিনি বিশ্ববিদ্যালয়ের চতুর্থ শ্রেণির কর্মচারীদের আন্দোলনে যোগদান করে বহিষ্কার হন।”৮ আত্মত্যাগের এক বিরল দৃষ্টান্ত!

বঙ্গবন্ধু পাকিস্তান আন্দোলনের একজন দক্ষ কর্মী। যাঁর শুরু ছিল সাম্প্রদায়িকতা অর্থাৎ পাকিস্তান আন্দোলন, অথচ তিনিই হয়ে উঠলেন অসাম্প্রদায়িক বাংলার গণমানুষের নেতা? তিনি পাকিস্তান আন্দোলনে তাঁর সক্রিয় অংশগ্রহণ ছিল শুরু থেকেই কিন্তু তার ফল ভোগ করেছেন জেলের অন্ধকার কুঠুরিতে। একটু একটু করে উপলব্ধি করেছিলেন, যে জন্য সংগ্রাম করেছিলেন তা তিনি পাননি, বরং জনগণ সাদা মানুষ থেকে কালো মানুষের শোষণে নিষ্পেষিত হয়েছে।

ঔপনিবেশিক শাসনামল প্রায় দুইশত বছর। এ দীর্ঘ সময়ে নানা সমস্যার জটিলতায় হিন্দু মুসলমানের অসন্তোষ ক্রমেই দানা বাধতে থাকে। এটি আরও চূড়ান্তরূপ পায় ধর্মের নামে দেশ ভাগের আন্দোলনে। এ আন্দোলনে জড়িয়ে পড়ল মুসলমান ও হিন্দু সম্প্রদায়। বঙ্গবন্ধুর এ গ্রন্থে বিষয়টি উঠে এসেছে অত্যন্ত নৈপুণ্যের সাথে। দেশভাগ আর তার পরের সময়ের কথা বার বার উঠে এসেছে। উঠে এসেছে হিন্দু মুসলমান দাঙ্গার কথা, কখনো ঢাকায়-কখনো কোলকাতায়, আবার কখনো বাংলাদেশ-কোলকাতা দুজায়গায় এক সঙ্গে। প্রসঙ্গত- “সাম্প্রদায়িক দাঙ্গা রোধে বঙ্গবন্ধু সাহসিকতার কোলকাতা অবস্থান করেছেন সাহসীকতার সঙ্গে। দাঙ্গা পরবর্তী ভূখা-ক্ষুধার্ত মানুষের খাদ্যাভাব দূর করার জন্য- ‘সেন্ট জেভিয়ার কলেজ’ থেকে ৩ বন্ধু এক সঙ্গে ঠেলাগাড়িতে চাল নিয়ে নিজেরাই ‘ঠেলাচালক’ হয়ে, ‘বেকার হোস্টেল-ইলিয়ট হোস্টেলে’ চাল বিতরণ করেন।”৯ এ ব্যাপারে অনুমান করা হয় রাজনৈতিক নেতাদের প্রভাবেই হিন্দু-মুসলিম অসন্তোষ বেড়ে যেত, ফলশ্রুতিতে দাঙ্গা বেঁধে যেত। এভাবে ধর্মকে ইস্যু করে সাধারণ মানুষকে আলাদা করতে চাইতেন সাম্প্রদায়িক নেতা ও ধর্মগুরুরা। এ সমস্ত বাস্তব ঘটনা দেখে সাম্প্রদায়িক আন্দোলনের একজন নিবেদিত কর্মী শেখ মুজিবুর রহমান উপলব্ধি করলেন, একটি অসাম্প্রদায়িক দেশ গড়তে না পারলে, মানুষের ন্যায় দাবি-অধিকার প্রতিষ্ঠিত হবে না।

শেখ মুজিব রাজনীতি করেছিলেন মানুষের কল্যাণের জন্য, এরই সারবস্তু রয়েছে ৩২৯ পাতার গ্রন্থটিতে। তিনি যা কিছু করেছেন, সেজন্য তাঁর কোন পিছুটান ছিল না, না পারিবারিক স্বার্থ, না রাজনৈতিক স্বার্থ, কোনো আপোষের মনোভাব তাঁর ছিল না, যা করেছেন নিজের বিশ্বাসে করেছেন, ভালবেসে করেছেন। বঙ্গবন্ধু সদাই ভাবতেন এবং বলতেন মানুষেরে ধোকা আমি দিতে পারব না। বাংলাদেশ ও বাঙালিদের জন্য তাঁর আত্মত্যাগ কখনো ভোলার নয়। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি শেখ মুজিব বাবা-মায়ের ‘খোকা’ বাংলার মানুষের

বঙ্গবন্ধু, তিনি মানুষের ন্যায্য অধিকার পাইয়ে দিতে জীবনের অর্ধেক সময় জেলে কাটিয়েছেন। গোপালগঞ্জের টুঙ্গিপাড়া গ্রামের ছোট্ট খোকা ধীরে ধীরে শেখ মুজিব এবং শেখ মুজিব থেকে বঙ্গবন্ধু হয়ে উঠেছেন, ঠিক তখনই সমাপ্ত হল তাঁর- ‘অসমাপ্ত আত্মজীবনী’।

তথ্যসূত্র:

১. রবীন্দ্রনাথ ঠাকুর, ‘মানুষের ধর্ম’, ‘রবীন্দ্র-রচনাবলী’, বিংশ খণ্ড, পৃষ্ঠা- ৩৭৫
২. শেখ মুজিবুর রহমান, ‘অসমাপ্ত আত্মজীবনী’, পৃষ্ঠা- ১
৩. প্রাগুক্ত, প্রারম্ভিকা
৪. প্রাগুক্ত, পৃষ্ঠা- ৯
৫. প্রাগুক্ত, পৃষ্ঠা- ১১
৬. প্রাগুক্ত, পৃষ্ঠা- ১৮
৭. প্রাগুক্ত, পৃষ্ঠা- ৩৭
৮. প্রাগুক্ত, পৃষ্ঠা- ৬৬
৯. প্রাগুক্ত, পৃষ্ঠা- ১১১-১১৩



অসুখ

বঙ্গ রাখাল

শাটল ট্রেনে চড়েছ তুমি-
মধ্যবর্তী-পুরুষ তোমার চেনা
গালের কাছে ঝুলছে সকাল
বিকেল যাবে ফেলে...

অসুখ বলি কিংবা বেসুখ
সবাই তোমার চেনা-
ঘর হারিয়ে পর ধরে আজ
বিষাদ-দুঃখ কেনা...
বাতাস চলে হারিয়ে স্বজন
বিকেল চলে উড়ে-
যাত্রা পথে থামিয়ে সময়- গল্প করে ধরে।

ভাসল যারা জলশ্রোতে- ঘর হারিয়ে বুক
ক্রোধে নদীর মাছ-পোকারা হারায় তাদের সুখ
বাড়ল পানি বুকের কাছে-চোখের জলে
ভাসল যাদের সুখ
তারাই এখন মরছে দেখ-বাড়ছে সদাই অসুখ...



বনহংস

মজিদ মাহমুদ

প্রাণাধিক দয়মন্তী, একটু চেয়ে দেখ
গগন যেখানে কিছুটা এসেছে নেমে
তার ঈষৎ নিচ দিয়ে উড়ে যাচ্ছে বন্যহংসীর পাল
তুমি কি দেখতে পাচ্ছ, ক্ষণে পাল্টে যাচ্ছে তাদের মুদ্রা
উড়তে উড়তে তারা কখনো ধারণ করছে হৃদপিণ্ডের আকার
কখনো মুক্তার মালার মতো মধ্যভাগ বাঁকানো
কখনো তীরের ফলা ভেদ করে যাচ্ছে বিদর্ভ রাজ্যে
তুমি কি দেখতে পাচ্ছ তাদের অনন্ত উড়া
তুমি যতক্ষণ না তাদের দৃষ্টিপথে দৃশ্যমান হও
ততক্ষণ তারা উড়তে থাকে শুভ্র ডানায়
পালক খুলতে থাকে পুষ্পের মতো
যদিও দেবতাদের ষড়যন্ত্রে আমার হয়েছে এতটা দেরি
হয়তো তুমি করেছ ভুল আমারই মতো
মাল্য করেছ দান আমার গলদেশ ভেবে
দেখ আমি তোমার জন্য কেমন ক্লান্ত
ঘামে ভিজে গেছে শরীর
চোখের পাতা নির্মিলিত হচ্ছে বারবার
দেবতাদের অচঞ্চল স্থির চোখ
কর্মহীন মেদযুক্ত শরীর কেমন শ্রিয়মাণ
এবার নিশ্চয় করবে না ভুল বনহংসের ইঙ্গিত।



মায়াবী মতিহার

জামিল রায়হান

বিষণ্ন চাঁদের আলো
আর বিমর্ষ গাছের পাতারা
জেগে উঠলো কলস্বরে
তোমার সুস্মিত উপস্থিতি
বদলে দিলো পুরো দৃশ্যপট।

প্যারিস রোডের শ্রিয়মান ঘাসফুল
বর্ষার জল রং পেয়ে
আনত মস্তকে তোমাকে বললো ‘স্বাগতম’।
শিরিষ পাতার ফাঁক গলে
নেমে আসা জোছনা রাশি
সানন্দে নাক ঘষলো তোমার আঁচলে।

তোমার পদশব্দে অকস্মাৎ পদ্মার জলধারা
জেগে উঠলো সামুদ্রিক উচ্ছ্বাসে
আর চরের কাশবন
আনন্দে হবুড়বু খেলো
আচম্বিত জলের কল্লোলে।

তোমার উপস্থিতি টের পেয়ে
মতিহারের বুড়ো তালগাছ থেকে
সুখস্মৃতি নিয়ে উড়াল দিলো
একঝাঁক খেয়ালি বাবুই।
আর লাইব্রেরির কার্নিসে ঘর পাতা
ক’জোড়া কবুতর প্রেয়সীর কাঁধে
ঠোঁট ঘষে ডেকে উঠলো বাকুম বাকুম।

তোমার সুঘ্রাণে
চৈত্রের বকুল শাখা থেকে
সানন্দে ডেকে উঠলো উদাসী কোকিল।
যেন বসন্তের দখিনা সুবাসে
সুর্দশনা সখীদের নিয়ে
চঞ্চলা মতিহার হয়ে উঠলো
রাধার অভিমানী কুঞ্জবন।

তোমার মায়াবী চুল
খোঁপা থেকে খসে
ছড়িয়ে পড়লো দিগন্ত জুড়ে,
আর তখনই পুষ্পডগা থেকে
চারিদিকে ডানা মেললো
হাজারো প্রজাপ্রতি
আর মধু ঠোঁটে কামুক ভ্রমর ।

মতিহারে পা রেখেই তুমি
যেতে চাইলে শহীদবেদীতে
একগুচ্ছ রক্তগোলাপ হাতে
মৃদু পায়ে জোহার শিয়রে এসে
দাঁড়াতেই মুহূর্তেই গোটা ক্যাম্পাসে
ছড়িয়ে পড়লো সৈরাচার বিরোধী শ্লোগান,
মিছিলে মিছিলে সরগম হলো আমতলা ।
আবার মাতিহার ফিরে গেলো উনসত্তরে, আর আশিতে ।

বৈশাখী মেঘদল জল হয়ে ঝরে পড়ে
উঠানে তোমার, বিন্দু বিন্দু জলকণা
মুক্তো হয়ে ফুটে ওঠে তোমার চিবুক
আর নাকের ডগায় । পলাতক রোদ
আর বৃষ্টিস্নাত রংধনু বর্ণিল সাত রং দিয়ে
শুধু তোমাকেই স্বাগত জানালো
খুব প্রিয় ভঙ্গিমায় ।

তখন আমার দুখিনী বাংলা মা
মর্তুজা বশিরের ম্যুরাল ভেঙে
বেরিয়া আসেন বুকভরা হাহাকার
আর দীর্ঘশ্বাস নিয়ে ।
শহীদ মিনারের উর্ধ্বমুখী স্তম্ভগুলো
স্তম্ভিত আর বেদীমূলে দাঁড়িয়ে থাকা তুমিও
পুষ্পগুচ্ছ হাতে অপলক ।
বেদনার্ত স্মৃতিগুলো
ছড়িয়ে আছে চারপাশে,
হায়েনার নখরবিদ্ধ দুরাচার
ফুটে ওঠে এই সংগ্রহশালায় ।
জ্বলজ্বালত একাত্তর সামনে
তোমাকে প্রশ্ন করে
‘আমরা কি ভাল আছি এই বাংলায়,
তোমরাও কি ভাল আছো?’

সংগ্রহশালার শেষ সিঁড়ি ভেঙে
যখন মাটি ছুঁলো পায়ের আগুল, তখন
চেতনার আকাশ জুড়ে
মেঘ আর রৌদ্রের অবিনাশী খেলা,
হৃদয়ের সমস্ত অঙ্গনে বেদনার ছায়াবৎ
আর সম্মুখে অপার শান্তিসুধা নিয়ে
অবিচল উর্ধ্বমুখী অসীমের সুর।
মনে পড়ে কুয়াশার জোছনামাখা
রাতিরের প্রহর শেষে জলদগম্বীর স্বরে
এই মিনার থেকেই সেই মুয়াজ্জিনের মধুর কণ্ঠধ্বনি:
“আস সালাতো খায়রুম মিনান নাওম”।
তুমি মুহূর্তেই ফিরে যাও, অতীতের মন্ত্রমুগ্ধতায়।

তোমার আগমনে আবারো উজ্জীবিত
দেবদারু বন, কার্নিসে গেরোবাজ, হৃদয়ে ময়ূর।
দূর্বাদল বিছিয়ে দেয় মমতার আদুল শরীর
তোমার পদস্পর্শ লোভে।
আবারো ক্যান্টিনে ভিড় জমে, ফাঁকা করিডোর
জনাকীর্ণ হয়ে যায় শিক্ষার্থীর পদচারণায়।
আবারো মধ্যাহ্নের খাঁ খাঁ মতিহার জুড়ে
যেন নেমে আসে বিকেলের দখিনা মেজাজ।
ক্যাম্পাসের উঠতি কবিরাজ ড়ো হয়
কলাভবনের সবুজ চত্বরে, কবিতা সারথির
একশত একতম কবিতা আসরে।
সন্ধ্যার আবেগী প্রহর ঝিম-রঙ ছায়া ফেলে
মতিহার জুড়ে, ফিরে আসে বর্ণালীর বাস তার
নিজস্ব ডেরায়। মনুজান আর রোকেয়ার
হাট ভাঙ্গে। হাটুরেরা নানা স্মৃতি নিয়ে ফিরে যায়
নিজের আবাসে। আনন্দ-বিষাদ ভরা মন।
দিনান্তের ক্লান্তি মুছে শিরিষের ফাঁক গলে
উঁকি মারে পূর্ণিমার বিষন্ন চাঁদ। এতো আলো,
তবু দৈনন্দিন জীবনের এ হিসেবে মেলে কি কখনো?
চন্দ্রালোকিত মতিহারে কাপুরুষ নেকড়েরা ঘোরে
মানুষের বেশে। সফেদ জোছনার বুক
চাপাতির কোপ দেয় হিংস্র দাঁতাল।
অমাবস্যার অন্ধকারে ঢেকে দিতে চায়
এই আলোর ঠিকানা। অকালেই ঝরে যায়
সময়ের সাহসী সন্তান।
হায়! ওরা তো জানে না, এ আলো নিভবার নয়
এ উদ্ভাস পৌঁছে যাবেই কাল থেকে কালান্তরে।



সর্বগ্রাসী পূর্ণিমা ও মানবাত্মা

এস এম সুলায়মান কাজল

আজ এই অবরুদ্ধ নাগরিক সঙ্ক্যায়
অদৃশ্য দানবের তাড়বলীলায়
জোৎস্নার প্রহরায় আমি ব্যতিক্রমী প্রেরণা
অনুভব করি, ভিন্নতর অনুভব আমাকে
গ্রাস করে আপাদমস্তক!
স্বচ্ছ কাঁচের মত চৈত্রের আকাশে
কি অপার্থিব দেহ সৌষ্ঠব প্রদর্শন করে
চাঁদ ওঠে মায়াবতী গৃহবধূর সলজ্জ ঢঙে,
আর আমি অবর্ণনীয় রঙে আমার শরীরটি
অন্দরে রেখে অবাধ্য অন্তরে হয়ে উঠি
পুরোদস্তুর আলোর উপাসক!
অতপর শতভাগ বৈরাগ্য নিয়ে ফুলিঙ্গের মত
ছুটে বের হয়ে আসি রাজপথে, প্রান্তরে অথবা
জলের কিনারায় নিকটস্থ বন্দরে!
এমন আলো আঁধারের সংমিশ্রণ যেন
মূল্যবান পুরোনো শরাবের সাথে শীতল
জলের পানযোগ্য সহনীয় দ্রবণ! একি জোৎস্নার বিষ?
পরিশ্রুত গরল? নাকি স্বর্গ থেকে বিচ্ছুরিত
সুপেয় তরল, অমৃত?
জোছনা স্পন্দিত এই মহাযজ্ঞের কালে
সহসা মনে হয় আমি নিজেই জোৎস্না,
আমি যেন অশরীরী রূপালী আলোর
প্রস্রবণ! আলেয়ার মত রহস্যময়তা আর
নেশাশস্তের বিহ্বলতা আমার
প্রাতিষ্মিক অক্ষমতা বৈকল্য অপারগতা
সীমাবদ্ধতা দীনতা আর ত্রুটিবিচ্যুতি
উন্মোচন করে, আমার আত্মার বিকলাঙ্গ স্বরূপ প্রকাশ করে দেয়।
নিরুপায় আমি আত্মশ্লাঘা বিসর্জন দিয়ে আত্মশুদ্ধির
তাড়নায় দ্বিদিগ ছুটে যাই শুদ্ধি থেকে বিশুদ্ধির পথে,
অশুচি অঞ্চল থেকে সুকুমার জীবন চারিতার পূণ্যভূমিতে!
আমি বিম্বিত হই-

অশথের ডালে,কাঁঠাল পাতায়,
কারণের ধনে বালুকাবেলায়,
অপেক্ষায় থাকা খোলা জানালায়,
মায়াবতী মুখের প্রগাঢ় ছায়ায়,
ছেড়ে দেয়া চুলে, মরাল গ্রীবায়,
অশুভ আত্মার করাল থাবায়,
প্রান্তিক জনের আশা ভরসায়!
আমি প্রতিফলিত হই-
কাজল আঁকা সজল চোখের
ভীরু আঙিনায়! আরাধ্য প্রাণের সৎ সাধনায়,
নিবিষ্ট চিত্তের একা প্রার্থনায়, সব ক্ষমা করা শুভ কামনায়!
গৃঢ় কবিতার লঘু দ্যোতনায়!
আমি বিস্ফোরিত হই-
সমুদ্রের ঢেউ এর ফেনায়িত জলের শীর্ষ রেখায়,
উদ্বেলিত নদীর অববাহিকায়, নিশাচর পাখির
সাহসী ডানায়, বিদগ্ধ নারীর মহা বেদনায়,
নিঃস্ব নরের অনুশোচনায়, প্রগল্ভতায়!
জগতের সকল প্রবঞ্চনায়, হাহাকার আর নৃশংসতায়!
সহ্য শক্তির শেষ সীমানায়!

আমি জোৎস্নায় বাঁচি, জোৎস্নায় মরি,
আমার সমাধি রচিত হোক
শঙ্কাহীন স্বাধীনতায়-
অবমুক্ত পৃথিবীর ভরা পূর্ণিমায়!

০৮ এপ্রিল ২০২০ ঢাকা

অনুবাদ



PRIME UNIVERSITY

... a home for rendering prime knowledge

BSc in EEE

- * Highly Qualified & Experienced Full-time Faculty Members
- * Enriched Laboratories
- * Collaboration with Industries
- * Interactive Multimedia & Air-conditioned Classrooms
- * Continuous Counseling regarding Career and Study of every students
- * Wi-Fi Facility
- * IEB Accreditation is in process

Upto 100%
Scholarship
based on
semester result

- * Upto 100% Tuition Fee Waiver based on SSC & HSC results

Dean
Prof. Dr. Jahangir Alam

Vice Chancellor
Prof. Dr. M. Jahangir Alam

For Details:

01710 996196, 01939 425030, 01687 191986

Apply Now:

primeuniversity.edu.bd/admission

ADMISSION OPEN Summer-2023





নিঃশ্বাসেরা কথা বলে

মূল : মাহবুব উল আলম
অনুবাদ : মোহাম্মদ আসাদুল্লাহ

পূর্ণ চাঁদের আলোয় আমার কক্ষ উজ্জ্বল হয়েছিল
এবং একটা মিষ্টি গন্ধ ছড়িয়েছিল
যখন তুমি আমার কাছে এসেছিলে
আমি অতলাস্তিকের গভীরতা খুঁজে পেয়েছিলাম তোমার সুন্দর চোখ দুটোতে
নীল জ্যোৎস্নায় মোহিত হয়েছিলাম
তোমার আলোকিত দুধ-গুভ্র মৃদুহাসিতে
আমরা প্রাবিত হয়েছিলাম আনন্দের উচ্ছ্বাসে
আমার শূন্য বাগান ভরে গিয়েছিল পুষ্পবিকাশে
আমার হৃদয় পূর্ণ হয়ে গিয়েছিল আনন্দময়তায়
এবং মৌমাছির উড়তে শুরু করেছিল
আমরা আমাদের চোখের ভেতরে নিজেদের ঠিকানা খুঁজেছিলাম
সময় অতিক্রান্ত হচ্ছিল দ্রুত
আমরা কেউই কথা বলছিলাম না
তবে আমাদের নিঃশ্বাসেরা কথা বলছিল
হলুদ ফুলের ভেতরে আমরা ফুটছিলাম ক্রমশ
এবং নিঃশব্দে অনেক কথা বলছিলাম



বিড়ালের শহর

মূল: হারুকি মুরাকামি

অনুবাদ: মোহাম্মদ আসাদুল্লাহ

‘টোকিও স্টেশন’ ছেড়ে যাবার পর টেঙ্গো সাথে নিয়ে আসা বইটা বের করলো। পেপারব্যাক প্রিন্ট। ভ্রমণ বিষয়ে লেখা ছোটগল্পের অমানিবাস। গল্পগুলোর ভেতরে একটা গল্পের শিরোনাম ‘বিড়ালের শহর’। জনৈক জার্মান লেখকের লেখা, যার সাথে টেঙ্গো পরিচিত নয়। ভূমিকা অনুযায়ী গল্পটি লেখা হয়েছিলো প্রথম ও দ্বিতীয় বিশ্বযুদ্ধের মধ্যবর্তী কোনো সময়ে।

গল্পে এক যুবক একাকী ভ্রমণ করছে। নির্দিষ্ট কোনো গন্তব্য ছাড়াই। সাধারণত ট্রেনে করে সে ঘুরে বেড়ায়। পথিমধ্যে কোনো স্থান পছন্দ হলে ট্রেন থেকে নেমে পড়ে। একটা রুম ভাড়া করে অবস্থান করে ও ঘুরে বেড়ায়। ভ্রমণ শেষ হয়ে গেলে সে পুনরায় অন্য একটা ট্রেনে চড়ে বসে। এভাবেই যুবক তার ছুটিগুলো কাটিয়ে থাকে।

যুবক একদিন ট্রেনের জানালা দিয়ে দেখতে পেলো সুন্দর একটা নদী আঁকাবাঁকা। নদীটির পাশে সবুজ পাহাড়। পাহাড়ের পাদদেশে ছোট্ট একটা শহর। একটা পুরোনো পাথরের তৈরি সাঁকো দিয়ে নদী পার হয়ে সেই শহরে যেতে হয়। শহরের রেলস্টেশনে ট্রেনটা থামলে যুবক নেমে পড়ে ব্যাগ নিয়ে। সে ছাড়া আর কেউ নামে না। যুবক ট্রেন থেকে অবতরণের পরই ট্রেনটা ছেড়ে চলে যায়। যুবক লক্ষ্য করে যে, রেল স্টেশনটাকে পরিচালনা করার জন্যে কেউ নেই, যদিও কর্মব্যস্ত কোনো রেলস্টেশন সেটা নয়।

সাঁকো অতিক্রম করে সে শহরের ভেতরে প্রবেশ করে। শহরের সবগুলো দোকানপাটই ছিল বন্ধ। এমনকি টাউনহলটাও ছিল জনশূন্য। একটা মাত্র হোটেল ছিল শহরে। সেখানেও কেউ উপস্থিত ছিল না। শহরটাকে যুবকের কাছে মনে হয় জনবসতিহীন। সম্ভবত শহরের লোকেরা অন্য কোথাও দুপুরের খাবারের পর ভাতঘুম দিচ্ছে। কিন্তু সময় তো সকাল সাড়ে দশটা মাত্র। দুপুরের খাবারের সময় আরো অনেক পরে হবার কথা। এমন হতে পারে যে, কোনো দুর্ঘটনার কারণে শহর ছেড়ে অধিবাসীরা অন্যত্র চলে গেছে। যাই হোক, পরের ট্রেন আগামীকাল সকালের আগে আর আসবে না। সুতরাং এখানে রাত্রি যাপন করা ছাড়া যুবকের আর কোনো উপায় নেই।

আসলে শহরটা ছিল বিড়ালদের শহর। যুবক দেখতে পেল সূর্যাস্তের সময় অনেকগুলো বিড়াল সাঁকো অতিক্রম করে দলে দলে শহরের ভেতরে প্রবেশ করতে থাকলো। বিভিন্ন ধরনের ও রঙবেরঙের। সবগুলো বিড়ালই আমাদের দেখা বিড়ালের চেয়ে আকৃতিতে যথেষ্ট বড়ো। কিন্তু তারপরেও সেগুলো বিড়াল ভিন্ন অন্য কিছু ছিল না। দৃশ্যটা যুবককে হতবিহবল ও ভীত করে ফেলল। সে শহরের কেন্দ্রস্থলে স্থাপিত ঘণ্টা টাওয়ারের দিকে ছুটে গেলো এবং সেটাতে আরোহণ করলো। রাতের সময়টুকুতে লুকিয়ে থাকার জন্যে।

বিড়ালগুলো এসেই মহাব্যস্ত হয়ে পড়লো। দোকানের শাটারগুলো উন্মুক্ত করে দিলো। তারপর ডেস্কে বসলো। সম্ভবত কাজ করার জন্যে। কিছুক্ষণ পর আরো অনেকগুলো বিড়াল এলো সাঁকো অতিক্রম করে। তারা দোকান থেকে জিনিসপত্র কিনলো। টাউনহলে গেলো। প্রশাসনিক কাজ করার জন্যে। অথবা রেস্টুরেন্টে বসে খাবার খেলো। কেউ কেউ সরাইখানায় বসে বিয়ার পান করতে থাকল। এমনকি কয়েকটি বিড়াল গানও গাইলো। যেহেতু বিড়ালেরা অন্ধকারে দেখতে সক্ষম, সেহেতু দেখার জন্যে তাদের কোনো আলোর প্রয়োজন ছিলো না। কিন্তু রাতটিতে পূর্ণ চাঁদ শহরকে আলোকিত করে রেখেছিলো। ফলে যুবক বেল টাওয়ারের চূড়া থেকে সবকিছুই অবলোকন করতে সমর্থ হচ্ছিল। সকালের আলো ফোটার পূর্বেই বিড়ালেরা তাদের সমস্ত কাজ শেষ করলো এবং সাঁকো অতিক্রম করে চলে গেলো। অন্য কোথাও।

বিড়ালেরা চলে যাবার পর শহরটা পুনরায় নির্জন হয়ে গেলো। যুবক তখন টাওয়ার থেকে নিচে নেমে আসলো। হোটেলের ভেতরে প্রবেশ করে একটা বিছানা নিলো এবং ঘুমিয়ে পড়লো। যখন ক্ষিপ্তে পেলো তখন হোটেলের রান্নাঘরে উচ্ছিষ্ট হিসেবে থাকা কিছু ব্রেড ও মাছ খেয়ে নিলো। সন্ধ্যা ঘনিয়ে এলে বেল টাওয়ারের চূড়ায় গিয়ে পুনরায় লুকালো এবং পরবর্তী উষাকাল পর্যন্ত বিড়ালদের কার্যক্রম পর্যবেক্ষণ করতে থাকল।

স্টেশনটিতে ট্রেন দুইবার থামে। দুপুরের পূর্বে। অন্যবার গোধূলির পূর্বে। যদিও কোনো যাত্রীদেরকেই ট্রেনে ওঠানামা করতে দেখা গেলো না। তারপরেও ঠিক এক মিনিটের জন্যে ট্রেন থামলো ও পুনরায় চলে গেলো। যুবক ট্রেন দুটোর যেকোনো একটাতে করে চলে যেতে পারতো। কিন্তু তা করলো না। বয়স কম হবার কারণে তার ভেতরে প্রবল ঔৎসুক্য কাজ করছিলো এবং সে একটা এডভেঞ্চারের জন্যে নিজেকে প্রস্তুত করছিল। এই অবাক করা দৃশ্যপটগুলোকে সে আরো দেখতে চাচ্ছিল। সম্ভব হলে সে এটাও আবিষ্কার করতে চাচ্ছিল যে, কখন কীভাবে এই শহরটা বিড়ালের শহরে পরিণত হয়েছে!

তৃতীয় রাতে বেল টাওয়ারের নিচে একটা হট্টগোল শোনা গেলো।

‘তোমরা কি মানুষের গন্ধ পাচ্ছে?’ একটা বিড়াল বললো।

‘তুমি বলার পর পাচ্ছি। আমি গত কয়েক দিন ধরেই একটা অদ্ভুত গন্ধ পাচ্ছিলাম, অন্য একটা বিড়াল সাড়া দিলো নাক চুলকাতে চুলকাতে।

‘আমিও’ আরেকটা বিড়াল বললো।

‘ব্যাপারটা আসলেই অদ্ভুত। এখানে তো মানুষ থাকার কথা নয়’, আরেকজন যোগ করলো।

‘অবশ্যই না, মানুষদের পক্ষে কোনোভাবেই বিড়ালদের শহরে প্রবেশ করা সম্ভব নয়।’

‘কিন্তু এটা নিশ্চিত যে, মানুষের শরীরের গন্ধই পাচ্ছি আমরা।’

অতঃপর বিড়ালেরা বিভিন্ন দলে বিভক্ত হয়ে শহরময় অনুসন্ধান শুরু করল। বেল টাওয়ারকে গন্ধের উৎস হিসেবে সনাক্ত করতে তাদের খুব একটা সময় লাগল না। যুবক বিড়ালদের পায়ের শব্দ শুনতে পেল। নরম পা দিয়ে তারা সিঁড়ি পথ ধরে এগিয়ে আসছিল।

যুবক ভাবলো, ওরা আমাকে ধরে ফেলেছে! আমার শরীরের গন্ধ বিড়ালদেরকে রাগান্বিত করেছে। বিড়ালগুলোর বড়ো ও ধারালো নখ আছে। যুবক ভেবে পেল না তার জন্যে কী ভয়ংকর নিয়তি অপেক্ষা করছে। কিন্তু এটা নিশ্চিত যে, তাকে তারা জীবন্ত মানুষ হিসেবে শহর ত্যাগ করতে দেবে না।

তিনটা বিড়াল বেল টাওয়ারের চূড়া পর্যন্ত উঠলো এবং বাতাসের গন্ধ শুকল। ‘আশ্চর্য’, একটা বিড়াল বললো, ঘাড় চুলকাতে চুলকাতে, ‘আমি মানুষের গন্ধ পাচ্ছি, কিন্তু এখানে তো কেউই নেই।’

‘ভীষণ অবাক করা কান্ড’, দ্বিতীয় বিড়ালটা বলল। ‘কিন্তু এখানে আসলেই কেউ নেই। চল, আমরা অন্য কোথাও খুঁজি।’

বিড়ালেরা বিভ্রান্তভাবে তাদের মাথা নাড়ল এবং তারপর নিচের তলার দিকে নেমে গেল। যুবক তাদের পায়ের শব্দকে অন্ধকারের ভেতরে মিলিয়ে যেতে শুনে স্বস্তির নিঃশ্বাস ফেললো, কিন্তু কিছুই বুঝল না। বিড়ালদের তাকে খুঁজে না পাওয়ার কোনো কারণই নেই। কিন্তু কোনো একটা বিশেষ কারণে তারা তাকে দেখতে পায়নি। যাই হোক যুবক সিদ্ধান্ত নিল যে, সকাল হলেই সে স্টেশনে যাবে এবং ট্রেনে করে এই শহর থেকে বেরিয়ে যাবে। কারণ ভাগ্য নিশ্চয়ই চিরকাল অনুকূলে থাকবে না।

পরেরদিন সকালে অবশ্য ট্রেনটা স্টেশনে থামল না। যুবক দেখলো ট্রেনটা গতি না কমিয়েই স্টেশন অতিক্রম করে চলে গেল। বিকেলের ট্রেনটাও একই কাজ করল। সে দেখতে পেল ট্রেনের কন্ট্রোলে ইঞ্জিনিয়ার বসে থাকলেও ট্রেন থামানোর কোনো লক্ষণই তার ভেতরে ছিল না। যুবকের মনে হলো, সে যে ট্রেনের অপেক্ষায় বসে আছে তাও কেউ দেখতে পাচ্ছে না। এমনকি স্টেশনটাকেও না।

বিকেলের ট্রেনটা চলে যাবার পর একটা গভীর নির্জনতা নেমে এলো। সূর্য পাটে যাওয়ার সময় হয়ে এল। এখনই বিড়ালদের আগমনের সময়। যুবক বুঝতে পারল যে, এটাই তার হারিয়ে যাবার জন্যে নির্ধারিত স্থান। এটা হলো অন্য এক পৃথিবী, যা কেবল তার জন্যেই তৈরি করা হয়েছে। আর কখনোই এই স্টেশনে ট্রেন থামবে না, যে পৃথিবী থেকে সে এসেছে সেখানে তাকে ফিরিয়ে নিয়ে যাবার জন্যে।

স্মৃতিচারণমূলক রচনা



স্মৃতিচারণ: আমি কেন অর্থনীতির ছাত্র হলাম

মো. আশরাফ আলী
পরীক্ষা নিয়ন্ত্রক

অর্থনীতির সংজ্ঞা দিতে গিয়ে এ্যাডামস্মিথ বলেছেন, ‘অর্থনীতি সম্পদের বিজ্ঞান’; মার্শাল বলেছেন, ‘অর্থনীতি মানুষের দৈনন্দিন জীবনের স্বাভাবিক কর্মকাণ্ড বিষয়ক বিজ্ঞান’; কেয়ার্নক্রস বলেছেন, ‘অর্থনীতি মানুষের জীবনের জটিল ক্রিয়াকর্ম সম্পর্কিত বিজ্ঞান’; রবিনসন বলেছেন, ‘অর্থনীতি আচরণের বিজ্ঞান’; থমাস ম্যালথাস বলেছেন ‘অর্থনীতি হতাশাব্যাঞ্জক বিজ্ঞান’; তাঁর কথার সূত্র ধরে স্কটিশ ইতিহাসবিদ ও দার্শনিক থমাস কার্লাইল মন্তব্য করেছেন, ‘অর্থনীতি হচ্ছে একটা বিষয় বিজ্ঞান’। তবে, অধিকাংশ অর্থনীতিবিদ বলেছেন, ‘অর্থনীতি হলো সমাজ বিজ্ঞান’। ইদানীং অমর্ত্য সেন ও অভিজিৎ ব্যানার্জীর মত নোবেল বিজয়ী অর্থনীতিবিদগণ বলেছেন, ‘অর্থনীতি গরীবের বিজ্ঞান’। আমার অবস্থান শেষোক্ত বক্তব্যের স্বপক্ষে, সে সুবাদেই অত্র স্মৃতিচারণমূলক লেখার অবতারণা। পৃথিবীর অন্যতম ধনী মানুষ ওয়ারেন বাফেন বলেছেন, ‘ধনদৌলত বা সম্পদ নয়, মনের সুখই আসল সুখ - যা অন্যকে সন্তুষ্ট করে অর্জন করা যায়’। এ সুখ আর সন্তুষ্টির মধ্যে মানুষের আচরণের একটা সম্পর্ক খুঁজে পাওয়া যায়। স্বাভাবিকভাবেই নিজের মনের সুখ - স্বাচ্ছন্দ্য এবং অন্যকে সন্তুষ্ট করার অভিপ্রায়ে মানুষ যা কিছু করে সে কাজগুলো অর্থনৈতিক কর্মকাণ্ডের আওতাভুক্ত।

কলেজ জীবন থেকেই আমার অর্থনীতির ছাত্র হওয়ার মনোবাসনা ছিল। দরিদ্রের কষাঘাতে জর্জরিত এক কৃষক পরিবারের সন্তান হিসেবে গ্রামের কাঁদামাটি পেড়িয়ে প্রাথমিক ও মাধ্যমিক পর্যায় অতিক্রম করি। ১৯৭৬ - ৭৭ শিক্ষাবর্ষে মওলানা মোহাম্মদ আলী সরকারি কলেজ, কাগমারী, টাংগাইলে অধ্যয়নের সময় কলেজের অর্থনীতি বিভাগের দুজন শিক্ষক (লতিফ স্যার ও রশিদ স্যার) আমাকে পরামর্শ দিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) অর্থনীতি বিভাগে অধ্যয়নের জন্য। যুক্তি হিসেবে বললেন, ১৯৬০ - ৭০ দশক থেকে ঢাবির অর্থশাস্ত্রের টাইগার হিসেবে খ্যাত অর্থনীতিবিদ মির্জা নূরুল হুদা (এমএন হুদা - যিনি গরীবের সন্তান হওয়ার কারণে ১৯১৯ সনে আই, সি, এস পরীক্ষায় উত্তীর্ণের পর চূড়ান্ত নিয়োগের শর্ত হিসেবে দেলদুয়ারের জমিদারের ক্লয়ারেন্স না পাওয়ায় প্রশাসক হতে পারেননি। তবে, তিনি হয়েছিলেন অর্থনীতির শিক্ষক, অর্থমন্ত্রী, উপরাষ্ট্রপতি ও গভর্নর; খন্দকার তোফাজ্জল হোসাইন (কেটি হোসাইন); মির্জা শাহজাহান; মালিক খসরু চৌধুরী প্রমুখ স্বনামধন্য শিক্ষক ঢাবির অর্থনীতি বিভাগের অলংকার হিসেবে সর্বজন স্বীকৃত। তাঁরা সকলেই টাংগাইলের বিভিন্ন প্রত্যন্ত অঞ্চলের (দেলদুয়ার, কালিহাতি, ভূয়াপুর ও সখিপুর) দরিদ্র ঘরের সন্তান ছিলেন। এসব জেনে আমার মনে সাহসের সঞ্চার হলো গ্রাম থেকে ঢাকায় গিয়ে অর্থনীতি পড়ার। সৌভাগ্যক্রমে ঢাকা ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে (জাবি)

ভর্তির সুযোগ পাই। কিন্তু, তখনকার সময় দেশের অন্যতম রেসিডেন্সিয়াল বিশ্ববিদ্যালয় হিসেবে জাহাঙ্গীরনগরের স্বীকৃতি ও সুনাম থাকায় এবং ভর্তির সাথে সাথে হলে সীট পাওয়া, আবাসিক বৃত্তি, মনোরম প্রাকৃতিক ও লেখাপড়ার পরিবেশ ইত্যাদি কারণে জাবিতে পড়াটাই শ্রেয় বিবেচিত হয়। বিশেষ করে ঐসময় জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের চেয়ারম্যান অধ্যাপক কায়সার হুসেইন (বাড়ী টাংগাইলের দেলদুয়ারে) হওয়ায় এবং আমার চাচাত ভাই জাবি - অর্থনীতির শিক্ষক হওয়ায় তাঁর প্রভাবে পারিবারিক সাপোর্ট পাকাপোক্ত হওয়ায় ১৯৭৭-৭৮ শিক্ষাবর্ষে জাবি অর্থনীতির ৭ম ব্যাচে ভর্তি হই। ১লা জানুয়ারি ১৯৭৮ ক্যাম্পাসে গমন। ৪ঠা জানুয়ারি, ১৯৭৮ নবীন বরণ অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক জিল্লুর রহমান সিদ্দিকী স্যারের হাত থেকে ফুল নিয়ে এবং নবীনদের উদ্দেশ্যে তাঁর খুবই শ্রুতিমধুর, শিক্ষণীয় ও হৃদয়গ্রাহী বক্তব্য উপভোগ করে ক্লাস শুরু করি। উল্লেখ্য, প্রফেসর জিল্লুর রহমান সিদ্দিকী তখনকার সময়ের অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের অন্যতম ডিগ্রীধারী তীক্ষ্ণধী - শক্তি সম্পন্ন অসম্ভব মেধাবী শিক্ষাবিদ এবং পরবর্তীতে তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা ছিলেন। জাবি ক্যাম্পাসের ১নং (আলবেরুনী) থেকে ২ নং (মীর মোশাররফ হোসেন) হল, ডেইরী ফার্ম এলাকা, ২০ মাইলের এদিক-সেদিক ঘুরাঘুরি, পুরনোদের সাথে পরিচয়, লাইব্রেরি পরিদর্শন, ক্যান্টিনে ও প্রান্তিকে চা - নাস্তা খাওয়ার মহড়ার মধ্য দিয়ে দিন শেষ হওয়ার প্রারম্ভিক স্মৃতিগুলো ছিল খুবই মধুর।

জাবিতে ইকোনমিক্স একটি অভিজাত বিভাগ— যেনতেন ছাত্রছাত্রী এই বিভাগে ভর্তির সুযোগ পায় না; স্যারেরা সব মেধাবী ও তুখোড় নেতৃত্বগুণ সম্পন্ন। ঐবছরই সর্বপ্রথম অধিক সংখ্যক (৫৯ জন) ছাত্র-ছাত্রী এ বিভাগে ভর্তি হয়েছে। তন্মধ্যে ১৩ জন ছাত্রী। এ বিভাগের মেয়েদের দিকে সকলের যেমন নজর তেমনি ছেলেদের দেখলেও মেয়েরা আড়চোখে তাঁকায়। পোশাকআশাকে টাইট-ফিট, একটা ভাব নিয়া চলার প্রতিযোগিতা আর কি! বলাবাহুল্য, কদিনের মধ্যে বড় ভাইদের ‘সংক্রমিত জীবানু আমাদের মত নবীনদের দেহ ও মনে কিছুটা ঢুকে যায়! সিট পেলাম আলবেরুনী হলে। ক্যাম্পাস খুবই স্নিকটে। সাবসিডিয়ারি হিসাবে ভূগোল ও পরিসংখ্যান থাকার সুবাদে ঐসব বিভাগের জাদরেল কতিপয় শিক্ষকের ছাত্র হওয়ার সুযোগ পাই।

অর্থনীতির বিভাগের শিক্ষকগণের সকল ক্ষেত্রে নেতৃস্থানীয় ভূমিকার কারণে তাঁরা বড়মিঞা, মেঝোমিঞা ও ছোটমিঞা হিসেবে ক্যাম্পাসে পরিচিত ছিলেন। তন্মধ্যে, প্রফেসর আখলাকুর রহমান, প্রফেসর মফিজ উদ্দিন আহমেদ, প্রফেসর আমিরুল ইসলাম চৌধুরী, প্রফেসর মোস্তাহিদুর রহমান, প্রফেসর আব্দুল বায়েস প্রমুখের নাম উল্লেখযোগ্য। প্রথমোক্ত দুজন ভিসি প্যানেল নির্বাচনে সর্বোচ্চ ভোট পেয়েও ভিসি নিয়োগ পাননি / হননি এবং শেষোক্ত তিনজন ভিসি হিসেবে দায়িত্ব পালন করেছেন। মেধাবী শিক্ষক হিসেবে আমরা আরও যাদেরকে পেয়েছি তাঁরা হলেন— ড. মাসুম, ড. মামুন, ড. হাবিবুল্লাহ, ড. তাজুল ইসলাম চৌধুরী, মির্জা মোজাম্মেল হক, মনোয়ার হোসেন বোখারী, প্রফেসর আব্দুল হাই, নীলা বড়ুয়া, প্রফেসর নূরুল হক, প্রফেসর আনু মোহাম্মদ প্রমুখ। তবে, আমাদের সবচেয়ে গর্বের শিক্ষক ছিলেন প্রফেসর ড. আখলাকুর রহমান। তাঁর মত খ্যাতিমান অর্থনীতিবিদের ছাত্র হওয়া সত্যি ভাগ্যের বিষয়। অসাধারণ জ্ঞানী এবং বহুমুখী প্রতিভার অধিকারী এ

অর্থনীতিবিদ জাবিতে চাকরীর জন্য কোন আবেদন না করা সত্ত্বেও বিশ্ববিদ্যালয় সিডিকেট সম্মান দেখিয়ে তাঁকে পদটি অফার করেছিল। অথচ, মতাদর্শিকভাবে তিনি ছিলেন জাবি সিডিকেটের বিপরীতপন্থী। বিশ্ববিখ্যাত বিশ্ববিদ্যালয় এমআইটি থেকে অর্থনীতিতে ডিগ্রীধারী মার্কসীয় দর্শনে অগাধ পাণ্ডিত্যের অধিকারী আখলাক স্যারের ছাত্র হওয়ার সুযোগ পেয়ে আমি ধন্য। ব্যতিক্রমধর্মী এ মানুষটি সরাসরি রাজনীতির সাথে জড়িত থেকে জেল খেটেছেন। তিনি আবার পীরের মুরিদও ছিলেন। শিক্ষক হিসাবে তিনি এতোটাই জনপ্রিয় ছিলেন যে, ভিসি প্যানেল নির্বাচনে তিনি সবচেয়ে বেশি ভোট পেয়েছিলেন। কিন্তু, তার মেজাজ ও আপোষহীন আচরণের কারণে তাঁকে ভিসি হিসেবে নিয়োগ দেয়া হয়নি। কতিপয় ফাঁকিবাজ শিক্ষক যে ছিল না তা নয়। অ্যাডাম স্মিথ, সম্ভবত ১৭৩৭ সালে গ্লাসগো বিশ্ববিদ্যালয়ে এক বক্তৃতায় আক্ষেপের সুরে বলেছিলেন, ‘অক্সফোর্ডে অধ্যাপকেরা এমনকি ক্লাস নেয়ার ভান পর্যন্ত করে না’। সুতরাং, শিক্ষকদের ফাঁকিবাজি প্রায় ৩০০ বছরের পুরানো প্র্যাকটিস। এখন ২০ জনে ১০ জন ফাঁকি দেন আর আগে ২০ জনে দুজন ফাঁকি দিতেন, তফাৎ এই যা। কতিপয় শিক্ষকের সুবিবেচনাপ্রসূত মূল্যায়নের অভাবে আমার মত কয়েকজন ছাত্র - ছাত্রীর প্রচেষ্টা ফলপ্রসূ এবং কাজিফত ফলাফল হয়নি।

গরীব একটা সাবজেক্ট - গরীবের কথা বলে কেউ ধনী হয়, কেউ নোবেল বিজয়ী হয় অথচ গরীব আরও গরীব হয়। Guner Myrdal Zvui ‘Vicious Circle of Poverty’ বইয়ে বলেছেন, গরিবেরা সবসময় ‘দারিদ্র্যের গোলক ধাঁধায়’ আবদ্ধ থাকে। প্রফেসর নার্কস বলেছেন, ‘A country is poor because it is poor’. অর্থাৎ, কোন মানুষ বা দেশের আয়, স্বাস্থ্য, ভোগ, বিনিয়োগ ইত্যাদি কম হলে দারিদ্র্যের গোলক ধাঁধায় নিপতিত হয়। বাংলাদেশে বর্তমানে দরিদ্রতা সাথে সাথে সমান গতিতে এগিয়ে চলছে উন্নয়ন, তারল্য সংকট, দুর্নীতি, মাদক, সন্ত্রাস, আয় বৈষম্য, বেকারত্ব, ঋণখেলাপি, কালাবাজারী, মুনাফাখোরী, শোষণ, বঞ্চনা, গণতন্ত্রহীনতা, সুশাসনের অভাব ইত্যাদি দৈন্যদশা। স্বাধীনতার পর ১৯৭২ - ৭৩ অর্থবছরে বাংলাদেশের প্রথম পূর্ণাঙ্গ বাজেটের আকার ছিল ৭৮৬ কোটি টাকা। তখন জনসংখ্যা ছিল সাড়ে সাত কোটি, তাতে মাথাপিছু বরাদ্দ ছিল ১০৪.৮০ টাকা। অন্যদিকে ২০২২-২৩ অর্থবছরের বাজেটের প্রাক্কলন করা হয়েছে ৬৭৭৮৬৪ কোটি টাকা, এখন জনসংখ্যা সাড়ে সতের কোটির বেশী, তাতে মাথাপিছু বরাদ্দ দাঁড়ায় ৩৮৭৩৫ টাকার উপরে। এত অধিক টাকার বাজেট করেও অতিদরিদ্রের সংখ্যা কমানো যাচ্ছে না। মনুষ্যত্ব, সততা, মানবিকতা সবকিছুই বিসর্জনে যাচ্ছে। অশিক্ষা, কুশিক্ষা, দুর্বৃত্তপনা, দলদাস, নির্লজ্জদের পদভারে শিক্ষাজ্ঞানসহ সমাজের সকলস্তরে অর্থনীতির ‘গ্লেসামস ল’, অর্থাৎ মন্দ টাকা ভাল টাকাকে বাজার থেকে বিতাড়িত করে - এ তথ্য কার্যকরী। ইউনিভার্সিটি অব সাউথ আফ্রিকার সিংহদ্বারে খোদাই করে লেখা আছে, ‘একটা জাতিকে ধ্বংস করার জন্য পারমানবিক বোমার বদলে শিক্ষা ব্যবস্থা ধ্বংস করলেই কুশিক্ষকের কর্মকাণ্ডে জাতির ভবিষ্যৎ প্রজন্ম নষ্ট, ডাক্তার কর্তৃক রোগীর মৃত্যু, ইঞ্জিনিয়ার কর্তৃক দুর্বল অবকাঠামো নির্মাণ, অর্থনীতিবিদ কর্তৃক দেশ দেওলিয়া হওয়া, মত প্রকাশের স্বাধীনতা, গণতন্ত্র ও সুশাসন নির্বাসিত হওয়া অবধারিত!!’ বাংলাদেশের অশিক্ষিত গরিব কৃষকেরা হাড়ভাঙ্গা পরিশ্রম করে ফসল ফলায়, অথচ ন্যায্য দাম পায় না, শ্রমিকেরা বিদেশে থেকে দেশে টাকা পাঠায় আর শিক্ষিত লোকেরা দুর্নীতি করে দেশ থেকে বিদেশে টাকা

পাঠায় - সত্যি সেলুকাস, কি বিচিত্র এ দেশ !!! মাত্র ১০% - ১৫% দুর্বৃত্তের কারণে ৮৫% - ৯০% মানুষের শান্তি বিঘ্নিত হচ্ছে, অপরাধীরা অধরা রয়ে যাচ্ছে - তাদের পাপমাত্রা এবং জলবায়ু পরিবর্তনজনিত তাপমাত্রা ভয়ংকর আকার ধারণ করেছে। সংখ্যাগরিষ্ঠের কষ্টের সীমা নেই অথচ সংখ্যালঘিষ্ঠ কতিপয় অমানুষ বিলাসবহুল জীবনযাপন করছে। এ প্রসঙ্গে ইদানিং আমেরিকার ‘ইকোনমিক ইনকোয়ারি’ নামক এক সাময়িকীর সমীক্ষা বলেছে, ব্যয়বহুল বিয়ের অনুষ্ঠানে বা বাগদানে দামী আংটি সুখের নিশ্চয়তা দেয় না।

বিশ্বব্যাপী দারিদ্র বিমোচনে পরীক্ষামূলক প্রায়োগিক উপায়ের নিখুঁত ব্যবহারের জন্য ২০১৯ - ২০ সনে অর্থনীতিতে যে তিনজন অর্থনীতিবিদকে নোবেল পুরস্কার প্রদান করা হয়েছে তাঁরা হলেন, (১) হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ে অর্থনীতির ক্লাসের শীর্ষ ছাত্র অভিজিৎ ব্যানার্জি (২) এস্টার ডাফলো (যুক্তরাষ্ট্রের এমআইটির অধ্যাপক) এবং (৩) মাইকেল ক্রেমার (হার্ভার্ড বিশ্ববিদ্যালয়ের শিক্ষক)। এ পুরস্কারের মাধ্যমে ব্যষ্টিক অর্থনীতির যে কয়টি উল্লেখযোগ্য অংশের স্বীকৃতি পেয়েছে সেগুলো হলো (১) মানবিক ব্যবহারের কার্যকারণিক প্রায়োগিকতা (২) অসাম্য আর দারিদ্র্যের অর্থনৈতিক সমাধান এবং (৩) সমষ্টিক উন্নয়ন সমস্যার ব্যষ্টিক পর্যায়ে ব্যবহারিক সমাধান।

নোবেল বিজয়ী অর্থনীতিবিদ অমর্ত্য সেনের ‘গরিবের অর্থনীতি’ বিষয়ক গবেষণার ধারাবাহিকতায় অভিজিৎ ব্যানার্জি ‘জনশ্রুতির অর্থনীতি’ শীর্ষক তাঁর প্রথম তাত্ত্বিক গবেষণাপত্রে গরিবের অর্থনীতির নিয়মটি কি - এ প্রশ্নের উত্তর খোঁজার উদ্যোগ নিয়েছিলেন। এ প্রসঙ্গে আরেক নোবেল বিজয়ী অর্থনীতিবিদ থিওডর শুলটজ বলেছিলেন, ‘গরীব ও ক্ষুদ্র চাষিরা দক্ষ এবং তাদের আচরণ যৌক্তিক। ‘সুতরাং, অভিজিৎ ব্যানার্জীর অর্থনৈতিক তথ্য/তত্ত্ব - ‘ধনীর হাতে আর টাকা নয়, দিতে হবে গরীবের হাতে’ - এ যৌক্তিক দাবী খুবই সমরোপযোগী। বাংলাদেশের সংবিধানের ১৩ অনুচ্ছেদে বলা হয়েছে, ‘উৎপাদন যন্ত্র, উৎপাদন ব্যবস্থা ও বন্টন প্রণালিগুলোর মালিক বা নিয়ন্ত্রক হইবেন দেশের জনগন। ‘সংবিধানের ১৪ অনুচ্ছেদে বলা হয়েছে,’ রাষ্ট্রের অন্যতম মৌলিক দায়িত্ব হইবে মেহনতি গরিব মানুষ তথা কৃষক, শ্রমিক এবং জনগণের অনগ্রসর অংশগুলোকে সবধরনের শোষণ হইতে মুক্ত করা।

দারিদ্র্যতা বহু রকমের। যেমন, কেউ দামি শাড়ি হাতে পেয়ে তবু খুশি নয়! আবার কেউ তাঁতের নতুন শাড়ির গন্ধ বারবার গুঁকছে। কেউ লাখ টাকার ডাইনিং টেবিলে বসেও তৃপ্তি সহকারে খেতে পারছে না! কেউ পেঁয়াজ, কাঁচালঙ্কা কচলিয়ে গোত্রাসে পাস্তা গিলছে। কারো দামি খাটে শুয়েও ঘুমের ওষুধ খেতে হচ্ছে! কেউ আবার হিমেল হাওয়া অঘোরে ঘুমোচ্ছে। কারো পড়ার টেবিলে নতুন বইয়ের সমারোহ। কিন্তু, পড়ার ইচ্ছে নেই। কেউ আবার পুরাতন বইয়ের দোকান চষে বেড়াচ্ছে, পকেট খালি বলে! কেউ বিলাসবহুল গাড়িতে বসে চিন্তিত, সন্তানগুলো মানুষ হলো না! এতো সম্পত্তি রাখতে পারবোতো? কেউ পায়ে হেঁটে পথ চলছে, আর মনে মনে ভাবছে... সন্তানতো মানুষ করতে পেরেছি! আল্লাহর রহমতে ওরা নিজেরাই নিজের জীবনটা গড়ে নেবে। তাইতো, কবির ভাষায় বলতে ইচ্ছে করে,

‘নানান রঙের মানুষ, বিভোর নানা স্বপ্নে,

জীবন এঁকে বেড়ায়, সাদাকালো আলাপনে!! ’

এখন প্রশ্ন হলো, অর্থনীতির যাবতীয় সংজ্ঞা ও সূত্র সকল ক্ষেত্রে প্রযোজ্য হয় কি? যদি না হয় তাহলে অর্থনীতি পড়ে লাভ কি? লাভ - ক্ষতির হিসাব না হয় বাদই দিলাম, মূল সমস্যাগুলোতো জানা আবশ্যিক। দেশে গণতন্ত্র ও আইনের শাসন অনুপস্থিত; সুশাসনের বালাই নেই; মানবাধিকার ভুলুষ্ঠিত; বিবেকবান মানুষেরা বিবেকহীন; মাদক, চোরাচালানি, মানিলভারিং ইত্যাদি সামাজিক ব্যাধি মারাত্মক পর্যায়ে - প্রতিবাদের সাহস কারোরই নেই - অথচ, উন্নয়নের রোল মডেলের শ্লোগান তথাকথিত বুদ্ধিজীবীদের!!

অর্থনীতির প্রাথমিক পাঠ এবং ব্যবহারিক কিছু ধারণা পর্যালোচনান্তে আন্তর্জাতিক সমতা মূল্যের (পিপিপি) ধারণাটি আমার কাছে খুবই প্রায়োগিক মনে হয়েছে। ‘Gross Domestic Perception (GDP): India and Bangladesh (অর্থনৈতিক বৈভবের ভ্রান্ত বিভাব: ভারত আর বাংলাদেশ) আন্তর্জাতিক মুদ্রা ভাণ্ডার (আইএমএফ) পৃথিবীর প্রায় সকল দেশের অর্থনীতির পূর্বাভাস (Economic Forecast) প্রণয়ন করে বছরে কয়েকবার নীতিনির্ধারকদের ভবিষ্যৎ কর্মপরিকল্পনা নির্দেশনার জন্য। কয়েকদিন আগে প্রকাশিত আইএমএফ তাদের শেষ বাৎসরিক বিশ্লেষণে অনুমান করেছে যে, ২০২২ সালে বাংলাদেশের মাথাপিছু আর্থিক উৎপাদনের পরিমাণ (GDP Per Capita) যুক্তরাষ্ট্রের ডলারের পরিমাপে ভারতের চেয়ে কিছুটা বেশি। আইএমএফ এর এই রসকসহীন আর্থিক বিশ্লেষণ দুই দেশের গণমাধ্যমে ব্যাপক উত্তেজিত আলোচনার ঝড় তুলেছে। ভাটির দেশের পেচকী বাংলাদেশ রামরাজ্যের উজানে বিশাল ভারতের উপর অর্থনৈতিকভাবে উপগত হয়েছে - এটা তো কোনভাবেই গ্রহণযোগ্য নয়। ভারতের সরকার আর বিরোধী মতাবলম্বী জনগণ আইএমএফ এর এই বিষয়টির মধ্যে বিশেষ ষড়যন্ত্রমূলক শানে নজুলের দুর্গন্ধ পেয়েছিল। অন্যদিকে বাংলাদেশের সংবাদমাধ্যমে এ উর্ধ্বগামীতাকে অর্থনৈতিক উন্নয়নের সুফল হিসাবে দেখার প্রয়াস পেয়েছে। বিষয়টি আর একটু গভীরভাবে দেখলে প্রতীয়মান হবে যে, বিগত কয়েক বছর এবং করোনার মহামারী কালে বাংলাদেশের অর্থনীতির প্রবৃদ্ধির হার (GDP Growth Rate) ভারতের তুলনায় বেশি হওয়ার কারণে বাংলাদেশের অর্থনৈতিক চেহারা অনেকটাই পরিবর্তন হয়েছে। ইতিবাচক এ পরিবর্তনের অবয়ব অর্জনের পরও বাংলাদেশের সামগ্রিক অর্থনীতির মাথাপিছু পরিমাণ (GDP Per Capita) আন্তর্জাতিক সমতা মূল্যে (Purchasing Power Parity - PPP) এখনো ভারতের তুলনায় কম। স্মরণযোগ্য যে, দু’টি দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধিসহ অন্যান্য নিয়ামকের তুলনামূলক আলোচনার জন্য যে আর্থিক মানদণ্ড সর্বজনীনভাবে গৃহীত তার নাম মার্কিন ডলার নয়, বরং আন্তর্জাতিক সমতামানের পিপিপি ডলার। পিপিপি ডলারে কোন দেশের জীবনযাত্রার ব্যয়ের হিসাব অন্তর্ভুক্ত থাকে বিধায় এটা মার্কিন ডলার বা অন্যান্য দেশীয় মুদ্রার তুলনায় সঠিক মান নির্ণয়ে সহায়ক। সুতরাং মার্কিন ডলার বেশি হওয়ার সুখটানে বিভোর না হয়ে বাংলাদেশের উচিত কী ভাবে পিপিপি ডলারে ভারতের সাথে দূরত্ব অতিক্রম করা যায় সে ব্যাপারে মনোনিবেশ করা। বাংলাদেশের অর্থনীতি বিগত কয়েক বছরের উর্ধ্বতর বর্ধন হার বজায় রাখতে পারলে ভারতের মাথাপিছু পিপিপি ডলারের পর্যায়ে উন্নত হওয়ার সম্ভাবনা রয়েছে। সে জন্য অর্থনীতির Gross Domestic Product (GDP) পরিমাপে মার্কিন ডলারের Gross Domestic Perception

(GDP) পরিহার করে পিপিপি ডলারে হিসাব করলে অর্থনৈতিক আপাত বৈভবের এ বিভ্রান্ত দূর হবে।

এসব চিন্তা করে আমার মনে এক ধরনের অযাচিত ভাবান্তর ও যন্ত্রণা মনটাকে ব্যাকুল করে তুলে। এ অফুরান যন্ত্রণার কবে হবে অবসান? ‘সরবরাহ আপন চাহিদার সৃষ্টি করে’ - অর্থনীতির এ তথ্য বহু আগেই অচল হয়ে গেছে। এখন চাহিদা বলতে কার্যকরী চাহিদা বুঝায় - যা মানুষের ক্রয়ক্ষমতার সাথে সম্পর্কিত। ‘পণ্যের যোগান বাড়লেই দাম কমবে’ - সে ফমূলাও এখন মজুদদার, চোরাকারবারি, গডফাদার আর অবৈধ সিভিকিটের কাছে পরাস্ত। সুতরাং, অর্থনীতি পড়ে সংবিধিবদ্ধ নিয়মকানুনের দোহাই দেয়া এখন আর মানায় না। কাজেই, অর্থনীতি পড়ার স্বার্থকতা এখন আর খুঁজে পাওয়া যায় না। এখন রাজনীতি খেয়ে খেয়ে ঘুমাচ্ছে! অর্থনীতি লুট হয়ে যাচ্ছে!! আশার বাণী শুনাবে কে? ১৯৭২-১৯৭৩ সনের (৭৮৬ কোটি) টাকা বাজেটের তুলনায় ২০২১-২০২২ সনের (৬,০৩,৬৮১ কোটি) টাকার বাজেট অর্থাৎ বৃদ্ধি পেয়েছে ৭৬৮ গুন, তাতে জনসেবা কতগুন বাড়ি উচিত? তা কি বেড়েছে? জনগণ আর কত দিবে? ভ্যাট-ট্যাক্সের টাকা লুটপাট হচ্ছে! এটা সবচেয়ে বড় জঘন্য অপরাধ হিসেবে দেখা উচিত। এটা বন্ধ করতে হবে। বন্ধ না করতে পারলে বাজেট কমানো উচিত। মাথাপিছু ঋণ ৮৮,০০০ টাকা। ঋণের টাকা, ট্যাক্সের টাকা লুটপাট করে যারা বিদেশে বাড়ি বানিয়েছেন, তাদের কোন শাস্তি হয় না। সবার আগে অর্থনীতির খোঁজ খবর নেয়া উচিত সেটা হলো গরীবের অর্থনীতি।

প্রতিটি নাগরিককে হতে হবে, অর্থনীতির একেকজন অনুসন্ধানী সাংবাদিক! মজার বিষয় হচ্ছে, আমরা যখন বাংলাদেশের সীমানা পেড়িয়ে বর্ডার অতিক্রম করি তখন কি দেখতে পাই? উন্নত দেশসমূহে সুন্দর, সুমসৃণ, ধূলি বালি মুক্ত এবং প্রশস্ত সোজা রাস্তা জালের মত বিস্তার করে আছে। পরিকল্পনানুযায়ী কোন রাস্তাই অন্য কোন রাস্তায় চলাচলের বিঘ্নতা সৃষ্টি করে না। বাড়ির আশেপাশে, ছোট-বড় কিংবা হাইওয়েতে কোথাও একটি ময়লা, আবর্জনা বা এক টুকরো কাগজ-পলিথিন খুঁজে পাওয়া দায়! রাস্তার পাশে যত্রতত্র দোকানপাট বা কোন স্থাপনা চোখে পড়ে না। বিশেষ বিশেষ জায়গায় মার্কেট। সবাই গাড়ি নির্দিষ্ট স্থানে পার্ক করে মার্কেটে ঢুকছে, ট্রলি ভরছে, কাউন্টারে নিজেই কাউন্টিং করে কার্ড পাঞ্চ করে পেমেন্ট দিয়ে বের হয়ে আসছে। গ্যাস পাম্প লোক নেই। নিজেই নেমে গ্যাস ভরে কার্ডে মাধ্যমে বিল দিয়ে দিচ্ছে। গাড়ি ওয়াশ করবেন, লোক নেই। কার্ডে বিল দিয়ে নির্দিষ্ট জায়গায় গাড়ি প্লেস করুন, অটোমেটিক সাবান দিয়ে ধুয়ে সাফ করে ড্রাই করে দিবে। মনের মধ্যে জিজ্ঞাসা তাহলে মানুষ কাজ করে কোথায়? সবইতো ডিজিটাল। মানুষের অর্থনৈতিক কর্মকাণ্ড দিন দিন পরিবর্তন হয়ে এমন পর্যায়ে চলে যাচ্ছে যে, কায়িক পরিশ্রম বলতে কিছুই থাকছে না। আধুনিক উন্নত বিশ্ব আজ খুবই পরিবেশ সচেতন। বনভূমি রক্ষা, প্রকৃতিকে সবুজে সবুজে ভরে তোলা, সবুজ ঘাসের সমারোহ, বায়ুদূষণ, শব্দদূষণ, যানজট নিরসন, বর্জ্য নিষ্কাশন এবং প্রকৃতির সুরক্ষায় উপযুক্ত পরিকল্পনা প্রণয়ন ও যথাযথ বাস্তবায়ন সর্বোচ্চ অগ্রাধিকার। হিংসাবিদ্বেষ, রেষারেষি কিংবা পরনিন্দা -পরচর্চায় অভ্যস্ত না হয়ে মিথ্যা, অসত্যতা, অনাচার, অত্যাচার, ঘুষ, দুর্নীতি, ব্যভিচার, ইভ টিজিং ইত্যাদি কঠোরহস্তে দমন করা রাষ্ট্রীয় নীতিমালার আওতাধীন। এজন্য সকল নাগরিককে বাল্যকাল থেকেই উপযুক্ত শিক্ষার মাধ্যমে দেশপ্রেম উদ্বুদ্ধ ও জনসেবায় উদ্বুদ্ধ করতে হবে।

একে অপরকে গালি-গালাজ, হানাহানি, মারামারি, রক্তারক্তি, গুম, হত্যা, লাশ নিয়ে অপরাজনীতি, হরতাল ধর্মঘট দিয়ে জনজীবন দুর্বিষহ করার হীন প্রচেষ্টা পরিহার করতে হবে। বলতে দ্বিধা নেই যে, আমাদের বাংলাদেশ, যে দেশটা নিয়ে আমাদের এত গর্ব তার সার্বিক অবস্থা ভালো নয়। সর্বত্র এত বেহাল অবস্থা কেন? এত যানজট, দুর্ঘটনা, দূষণ, খানাখন্দ, মারামারি, কাটাকাটি, লোকবল ক্ষয়, অর্থ ক্ষয়, হিংসা - বিদ্বেষ, হানাহানি, ঘৃণা, দুর্নীতি, ধর্ষণ, ব্যাভিচার, ইভটিজিং, মামলা-মোকদ্দমা, মিটিংমিছিল, গুম, খুন, চুরি-ডাকাতি, অপরাজনীতিসহ আরও কত অন্যায-অনিয়মের শিকার হয়ে প্রাণ প্রিয় দেশটি বসবাসের অযোগ্য হয়ে যাচ্ছে তার কি কোন সমাধান নেই? যারা বা যেই সরকার যুগ যুগ ধরে শাসন করছেন তারা বিশ্বের বিভিন্ন দেশের জীবন যাত্রা প্রত্যক্ষ করে, উন্নত প্রযুক্তি ব্যবহার করে এর সমাধান খুঁজতে পারেন বৈকি। এ আমাদের প্রত্যাশা, প্রাণের দাবী, জন্মগত অধিকার। স্বাধীনতার ৫০ বছর পূর্তি হলেও পূর্ণাঙ্গ কোন শিক্ষানীতি বাস্তবায়ন হলো না, অপূর্ণাঙ্গ নীতি থাকলেও উপযুক্ত আইন নেই, সুশাসন নেই, জবাবদিহিতা নেই, পর্যাপ্ত বাজেট নেই, অপরিবর্তিত বরাদ্দ আছে, বরাদ্দ অনুযায়ী পরিকল্পনার বাস্তবায়ন নেই, বেসরকারি বিশ্ববিদ্যালয়সমূহে পিএইচডি এবং উচ্চতর গবেষণার সুযোগ নেই, সমন্বয় নেই, মেধাপাচার অব্যাহত থাকায় আমরা ক্রমান্বয়ে মেধাহীন জাতিতে রূপান্তরিত হচ্ছি। বর্তমানে বাংলাদেশের মাথাপিছু আয় দাঁড়িয়েছে ২ লাখ ৪১ হাজার ৪৭০ টাকা বা ২ হাজার ৮২৪ মার্কিন ডলার। গতবছরের চেয়ে প্রত্যেকের মাথার উপর প্রায় ২৫০ ডলার ইনকাম বাড়লো! অর্থনীতির সার্বিক অবস্থা ভাল না মন্দ? গরীবের প্রকৃত অবস্থা কি? এসব প্রশ্নের উত্তর জানার জন্য আমার এ স্মৃতিচারণের বাকী অংশগুলো না হয় পরে আলোচনা করা যাবে।

“শিক্ষার লক্ষ্য হল জ্ঞানের অগ্রগতি এবং
সত্যের প্রচার।”

- জন এফ. কেনেডি



Hostel Life Which Made Me Punctual and Ideal

Milton Sarker

59th Batch, BEd

ID: 221010301001

Life is consisted with many memories and events and also experience. In my life I did face many troubles. Through the troubles I have learned or achieved a great experience for life. The experiences are leading one in a progressive life. In 2004 I got an opportunity to study in a Christian Hostel. Because I was from a poor family, my family was not capable to carry my education cost. When I passed my 5th grade in 2004, I decided to go to the Hostel. In 2005, January I went to the Hostel which is situated in Jessore. I was admitted in a high school named Chalishia High School in 6th grade. Firstly I faced many barriers in hostel. Such as, I used to work in morning for cleaning Hostel campus, toilet room, living room and also church room. Before Hostel life I had no experience like that. I also had to wake up in the early morning and used to go to the church for morning devotion. In the afternoon after school I used to work in Hostel campus and then study. I used to go to bed early and get up early which made me as punctual and self-dependent. After passing my SSC exam I got another opportunity to study at Notre Dame College, Dhaka which is a renowned college in Bangladesh. I got A+ (GPA 5.00) in SSC exam that is why the Hostel authority was pleased and gave me the opportunity to study at Dhaka. I stayed two years in Dhaka at the Hostel and beside my studies I used to work at college for my tuition fees (there is a work program for the poor students in the college). After completing my HSC program I got a great chance for higher education on Anthropology at the University of Dhaka in 2013. I used to stay at Jagannath Hall (a dormitory or Hostel for students). I stayed there for 5 years. During these time I earned many experiences which are powerful to leading my life in better position and get a job. I am very much grateful to them who stood beside me and supported me in many ways. I am also grateful to the Hostels and Halls authority to raise me as their son for many years. I will never forget my memories which are leading me in an ideal person. Lastly, I thank God for giving me talents and everything.



আমি কেন বিএড কোর্সে ভর্তি হলাম

কবির আহম্মদ

৫৯ তম ব্যাচ, বিএড

আইডি: ০২৮২২১০০১৩১০২০০৩

২০২১ সালের আগস্ট, ২২ তারিখ আমার পদোন্নতি হওয়ার কথা ছিল। ২২ তারিখ বিকাল বেলা শুনলাম আজকে পদোন্নতি হবে না। রাতে আমাদের মহাপরিচালক মহোদয় একটি শর্ত দিলেন যে যার যার বিএড কোর্স করা নাই তাদের প্রমোশন দেয়া গেল না। তখন ভাবলাম আমাকে বিএড করতে হবে আমার চিন্তা করলাম তখন আমার বয়স ৫৩ তে পা রাখলাম কিভাবে পড়বো তখন চিন্তা করলাম আমাকে বিএড কোর্স করতে হবে। তখন আমার বাসা কুমিল্লায় বাসা চিন্তা করলাম কোথায় কিভাবে ভর্তি হওয়া যায়। তখন প্রথম চিন্তা করলাম কুমিল্লা টিটি কলেজে ভর্তি হব। তারপর আমি যেহেতু সরকারী চাকুরী করি আমাকে সরকার থেকে অনুমতি ছাড়া ভর্তি হওয়া যাবে না। অনুমতির জন্য ঢাকায় আমার ছোট বোনের বাসায় উঠলাম। আমার ভগ্নিপতি জনাব ইকবাল সাহেব বলল ভাইয়া আপনি প্রাইম ইউনিভার্সিটিতে ভর্তি হন। তখন তিনি আমার স্যারের নাম্বার দিল। স্যারের সাথে কথা বললাম। তখন করোনার সময় ছিল।

স্যার আমার ফোন ধরে আমার ভর্তিও জন্য আগ্রহ তৈরি করে দিল আমি স্যারের মাধ্যমে ভর্তি হলাম। ভর্তি হতে অনেক কষ্ট হয়েছে কারণ আমার অফিস থেকে অনুমতি নিতে আমার প্রায় ১ বছর লেগে গেল। আজম স্যার আমার প্রাইম ইউনিভার্সিটির অনুমতিপত্র ও অন্যান্য কাগজপত্র দিয়ে সহযোগিতা করল আমি আমার ডিজি অফিসে জমা দিয়ে অভিজ্ঞতা অর্জন করলাম। ভর্তি হয়ে নিয়মিত ক্লাস করতেছি উদ্দেশ্য হল শিক্ষা ও প্রমোশন নেয়া। তাই বয়সে পড়া মনে থাকে না। আমি ক্লাস করলাম মাঝিয়া মেম ও আজম স্যারের আগ্রহ সৃষ্টি করে আমাকে পড়ার আগ্রহ বৃদ্ধি করে তখন আমি প্রায় সময় হলে আমার বিএড এর ক্লাসগুলি করি। কিন্তু পড়া মনে থাকে না। আমার অফিসের ঝামেলায় ও অনেক সময় পড়তে পারি না। ১ম পরীক্ষার সময় অনেক কষ্ট হয়েছে পরীক্ষা দিতে কারণ ২৬ মার্চ অফিসার অনেক ঝামেলায় ছিলাম। অবশেষে বিএড ক্লাস নিয়মিত করছি আশা করি বিএড কোর্স সম্পূর্ণ করতে পারব।



আমার ছেলেবেলা (শৈশব)

সিকলিন্ডা রানু বর্ম্মন

৫৯ তম ব্যাচ, বিভাগ: বিএড

আই.ডি: ০২৮২২১০০১৩১০২০০৮

মানুষ সামাজিক জীব। মানুষ পরিবারে জন্মগ্রহণ করে, বড় হয়, লেখাপড়া শিখে, যোগ্যতা-সম্পন্ন হয় এবং নিজের জীবনকে উপভোগ করার জন্য চাকরী বা ব্যবসা করে তার পরিবারের সাথে থাকে, একসময় বয়সের ভারে মৃত্যুবরণ করে পৃথিবী থেকে বিদায় নেয়। আমার নাম সিকলিন্ডা রানু বর্ম্মন, আমি একটি খ্রিষ্টান পরিবারে জন্মগ্রহণ করি। আমার মায়ের নাম ক্রীষ্টিনা রেনু এবং বাবার নাম হিউবার্ট ক্রস বর্ম্মন। বাবা-মা ছাড়াও আমার পরিবারের দুই ভাই ও বোন রয়েছে। তাদের একজনের নাম রোনাল্ড শ্যামল বর্ম্মন ও আরেক জনের নাম হৈমন্ডা ডরিস বর্ম্মন। আমি বাবা ও মায়ের কাছে থেকে বড় হয়েছি। শিশুকাল থেকে ষষ্ঠ শ্রেণি পর্যন্ত আমি মা-বাবার সাথে থেকেছি কিন্তু যখন সামাজিক-প্রতিবন্ধকতা ও কিছু সমস্যা দেখা দেয় তখন আমাকে পাঠিয়ে দেওয়া হয় আমার দিদিমার কাছে অর্থাৎ আমার মায়ের বাবার বাড়ি লালমনিরহাটে।

লালমনিরহাট খুব সুন্দর একটি শহর যেখানে কোন রাজনৈতিক বিড়ম্বনা নেই, কোলাহল নেই, হিংসা বিদ্বেষ নেই, নেই হানাহানি- মারামারি, অধিকাংশ মানুষ শান্তিতে থাকতে পছন্দ করে। একে অন্যের সাথে মিলেমিশে নিজেদের উৎসবে আনন্দে খুশি ভাগাভাগি করে নিতে পছন্দ করে। লালমনিরহাট এলাকাটিতে এশিয়া মহাদেশের সর্ববৃহৎ এয়ারপোর্ট অবস্থিত যেটি ১৯৭১ সালে মুক্তিযুদ্ধের সময় উড়োজাহাজ আনা নেওয়ার কাজে ব্যবহৃত হতো। পরবর্তীতে এটি যুদ্ধ-বিদ্ধান্ত হয়ে ধ্বংস হয়ে যায়। এছাড়াও বাংলাদেশের দ্বিতীয় স্থলবন্দর লালমনিরহাট বুড়িমারী বর্ডার সেটিও অবস্থিত। আমার বাবা-মা আমাকে এই লালমনিরহাটে এলে একটি খ্রিষ্টান বিদ্যালয় যেটির নাম “চার্চ অব গড উচ্চ বিদ্যালয়” সেখানে ভর্তি করিয়ে দেয়। সেই বিদ্যালয় থেকেই আমি মাধ্যমিক এ পাশ করি ও লালমনিরহাটেরই একটি সাধারণ মহিলা কলেজে ভর্তি হই। বাব অনেক কষ্ট করে বড় হওয়ার কারণে তিনি সবসময় শিখিয়েছেন কিভাবে নিজেকে সংযত করে পরিবারের সাথে মানিয়ে নিয়ে চলতে হয়। আর মা ছিলেন প্রচণ্ড পরিশ্রমী একজন মানুষ। নিজের সব দুঃখ কষ্ট ভুলে তিনি পরিবারের স্বার্থে নিজের জীবনকে ব্যবহার করেন। আমার মা একজন মানসিক রোগী হয়েও আমাদের প্রতি তার কর্তব্যের একটুকুও অবহেলা করেননি। বাবা মারা গিয়েছিলেন প্রায় (৭) সাত বছর আগে। এখনও মা তার সন্তানদের প্রতি তার দায়িত্ব পালন করছেন অকপট ভাবে।

আমি উচ্চ মাধ্যমিক পাশ করে এসে ভর্তি হই ঢাকা লালমাটিয়া মহিলা মহাবিদ্যালয়ে। পরবর্তীতে আমি একটি ছোট বিদ্যালয়ের চাকুরী করি। তবে সেটি খুব অল্প সময়ের জন্য। পরিবার থেকে অনেক প্রত্যাশা থাকার পরেও চেষ্টা করি আমার শিক্ষা জীবনের কিছু লক্ষ্য পূরণ করতে। আমার ছোট বেলা থেকে খুব ইচ্ছে ছিলো একটি বুটিক শপ খোলার আমি ২০০৯ সালে বিয়ে করার পর স্বামীর কাছে অনেক সহযোগিতা পাই নিজেকে প্রতিষ্ঠিত

করার। আমার সেই স্বপ্নের প্রতিষ্ঠান প্রতিষ্ঠিত করতে আমার জীবন সংসার সংগঠনে স্বামীর সহযোগিতার অবদান অনেক। আমি সত্যিই তার কাছে অনেক কৃতজ্ঞ। এখন আমি একটি বুটিক প্রতিষ্ঠানের প্রধান হিসেবে কাজ করছি। আমার ছেলেবেলার সেই লালমনিরহাট শহর ও বিদ্যালয় এবং সেই ভালোবাসার পরিবার সবাইকে আমি অনেক মনে করি। ভালো লাগে তাদের সান্নিধ্য। এখন জীবনের বিশেষ বিশেষ দিন, বিশেষ বিশেষ ক্ষণে আমি তাদের মনে করি। তাদের ভালোবাসা আমাকে বড় হওয়ার ক্ষেত্রে অনেক সাহায্য করেছে। আমি কখনও তাদের এই অসামান্য ভালোবাসার অবদান ভুলবো না।



জীবনের গল্প

মোহাম্মদ ফয়েজ উদ্দিন

৫৭ তম ব্যাচ, বিএড

আইডি: ২১২০১০১০০৫

জীবন চলার পথে শিশু কাল থেকে অদ্যাবধি কত ঘটনাই না ঘটে ছিল জীবনে। এ গুলোর মধ্যে আছে সুখ দুঃখ আনন্দ বেদনা। শৈশব পেরিয়ে যখন প্রাণের প্রাথমিক বিদ্যালয়ে সমাপ্ত করে আমাদের জেলা শহর কুড়িগ্রামে একটি মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তি হয়ে পড়ালেখা শুরু করলাম। বাড়ি থেকে বিদ্যালয়ে আসার পথে কুড়িগ্রামের সেই বিখ্যাত নদী ধরলা পার হয়ে আসতে হয় শহরে। ধরলা নদী পার হয়ে শহরের বিদ্যালয়ে আসা যাওয়ার একটি স্মরণীয় ঘটনা অর্জন করেছি। নদী পার হতাম নৌকার মাধ্যমে। তখন প্রতিদিন নদীর ধারে অপেক্ষা করতাম নৌকার জন্য। আমার সাথে আরও অনেক ছাত্র ছিল তারাও শহরে পড়ালেখা করত। আমাদের গ্রামে তখন কোন মাধ্যমিক বিদ্যালয় ছিল না।

সেই স্মরণীয় ঘটনা ১৯৭৫ ইং সালের জুন মাসের কোন একদিন তারিখটা স্মরণ নেই। প্রতিদিন নৌকা ঘাটে আসলে আমরা সকালে যারা পারাপারের জন্য নদীর ঘাটে দাঁড়িয়ে থাকতাম তখন কোন মেশিন চালিত নৌকা ছিল না। প্রায় প্রতিদিন এক থেকে দেড় ঘন্টা পর্যন্ত দাঁড়িয়ে থাকতে হতো। কোন কারণে একটি নৌকা মিস করলে সেদিন আর ক্লাস করা সম্ভব হতো না। তাই নৌকার জন্য চাতকের মত দাঁড়িয়ে লক্ষ্য করতাম। সেই স্মরণীয় ঘটনা যেটা আজও মনের স্মৃতিপটে জ্বলজ্বল করে ভেসে উঠে সেটা হলো নৌকা ছাড়ে ছাড়ে এমতাবস্থায় দৌড়ে ছিলাম নৌকায় উঠতে গিয়ে নৌকা হতে পানিতে পড়ে ডুবে যাই। গভীর স্রোতে নৌকা হতে বেশ পিছনের ভাটেতে চলে যাই। জীবন বাঁচানোর জন্য সাঁতরাই এবং বইগুলো ধরে রাখার চেষ্টা করি কারণ তখনকার দিনে বই সহজে পাওয়া যেত না। এরই মধ্যে নৌকার অন্যান্য লোকের সহায়তায় আমাকে পানি থেকে তোলা হয়। সেই দিন আর বিদ্যালয়ে যাওয়া হয়নি। সেই ঘটনা আজও মনে স্মৃতির কোণে জাগরুক হয়ে আছে। হয়তো আরও অনেক দিন মনে থাকবে।



আমার এলোমেলো ভাবনাগুলো

মো. আবু দাউদ

৫৮তম ব্যাচ, বি, এড

আইডি: ২১৩০১০৩০১০১০

স্বপ্ন প্রত্যেক মানুষকে নতুন করে বাঁচতে শেখায়। এটা ভিন্ন ভিন্ন সময়ে ভিন্ন ভিন্ন রূপ ধারণ করতে পারে। যখন আমরা ছোট থাকি তখন আমাদের কাছে কারো ইচ্ছা বা দেখানো পথে নিজেদের কল্পনা করতে থাকি। সে হতে পারে বাবা-মা, ভাই-বোন, আত্মীয়-স্বজন ইত্যাদি। কিন্তু যখন আমরা বুঝতে শিখি বা বড় হই তখন প্রতিনিয়ত স্বপ্ন বা ইচ্ছেগুলো পরিবর্তন হতে থাকে। জীবনে চলতে চলতে নানা ঘাত- প্রতিঘাতের কারণে সেগুলো পরিবর্তন হতে পারে।

আমি যখন খুব ছোট তখন ভাবতাম ডাক্তার হব। দুস্থ, গরীবদের সেবা করব। যখন উচ্চ মাধ্যমিকের পরীক্ষার্থী বা পাশ করেছি তখন খুব ইচ্ছে হলো ঢাকা বিশ্ববিদ্যালয়ে আইন বিভাগে পড়ব এবং বিচারক হব। কিন্তু বিধি বাম। অনেক চেষ্টা করে অথবা যতটুকু চেষ্টা করার দরকার ছিল তাঁর ঘটতির কারণে আর ঢাকা বিশ্ববিদ্যালয়ে পড়া হলো না। আর বিচারক হওয়াও হলো না। পরবর্তীতে ভর্তি হলাম জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগে। এখানে আমার কখনোই মন চাইতো না পড়তে। তারপর যখন বাবা-মায়ের পীড়াপীড়ি পড়া শুরু করলাম তখন মনে মনে ভাবতাম বিসিএস এর মাধ্যমে প্রশাসনিক ক্যাডার হবো। একাডেমিক পড়াশোনার পাশাপাশি লুকিয়ে লুকিয়ে বিসিএস পড়া চলতো। কিন্তু এটাও যে ভাগ্যে লেখা নাই। বিসিএস এর প্রতি এতটা আগ্রহী ছিলাম যে বিসিএস ছাড়া আর কোথাও আবেদনে করতাম না। এরপর যখন সরকারি চাকরির বয়স শেষ পর্যায়ে তখন মনে হলো কিছু তো করতে হবে। তখন জীবনের সবচেয়ে না-চাওয়া পেশা শিক্ষকতার ভাবনা। এখন একটি নামকরা শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষক। জানি না নিজে কখনো সুনাম অর্জন করতে পারব কিনা। তবে এখন শিক্ষকতাকে উপভোগ করি। অনেক ভাল লাগে। নিজেকে জানার নিজেকে প্রতিনিয়ত তৈরি করার অনেক ক্ষেত্র আছে এখানে। সবচেয়ে বড় কথা এই পেশায় পড়ালেখার সুযোগ আছে অনেক।



একটি স্মরণীয় দিন

মো. মনিরুল ইসলাম

ব্যাচ: ৫৯ বি, এড

আইডি: ০২৮২২১০০১৩১০২০০৮

২০১৪ সালের ৩০ শে জুন স্বাভাবিকভাবে আমরা ইংরেজি দিন গণনা শুরু করি রাত বারোটা থেকে। তখন আমি গভীর ঘুমে আচ্ছন্ন। আমার মা ঘুম থেকে যখন আমাকে ডেকে উঠালেন তখন রাত আনুমানিক ০৩:০০ টা। জেগে উঠে দেখি আমার বাবা চেয়ারে বসে শ্বাস নেওয়ার জন্য গোঙাচ্ছেন কিন্তু পারছেন না। এর আগেও এমন দুবার হয়েছিল। তখন আমরা ভাই বোন ও মা কোরআন তেলাওয়াত ও জিকির করে আল্লাহর কাছে সুস্থতা কামনা করেছিলাম এবং আল্লাহ সুস্থ করে দিয়েছিলেন। কিন্তু সেদিন আমরা তেলাওয়াত করেছিলাম। বাবা বারবার পায়চারি, বসে পড়া এবং শুয়ে শ্বাস নেওয়ার চেষ্টা করেছিলেন।

আমি এবং আমার ছোট ভাই বাসা থেকে বের হয়ে অন্য পরিচিত কারও কাছ থেকে ইনহেলার খোঁজার চেষ্টা করলাম। সাথে গাড়ি খোঁজার জন্য বের হলাম যাতে হাসপাতালে নেওয়া যায়। কিন্তু বিপদের সময় যেন সবই থমকে যায়। সেদিন রোজার প্রথম সাহরির সময় হওয়ার কারণে রাস্তায় তেমন গাড়ি পাওয়া যাচ্ছিল না। আমাদের আশে পাশের ফ্ল্যাটের লোকজন তাদের সাহরির সময় নিয়ে ব্যস্ত ছিল। অবশেষে যখন আমার বাবার জন্য ইনহেলার পাওয়া গেল তখন তিনি হার্টফেল করে চেয়ার থেকে মাটিতে গুয়ে পড়েছিলেন এবং শেষ নিঃশ্বাস ত্যাগ করলেন। ইনহেলার দিয়ে কিছুই হলো না। এরপর যদিও হাসপাতালে নিয়ে গিয়েছিলাম, ডাক্তার বলল যে তিনি আর নেই। ওই দিনটা এভাবেই শুরু হয়েছিল এবং ঘটনাগুলো আমার জীবনের আজও স্মরণীয় হয়ে আছে।

বাবা

ইউশা ইবনে সাইফ
৫৯তম ব্যাচ, ইংরেজি বিভাগ
আই.ডি : ২২১০১০১০১০৪০

যখনই আমি হোঁচট খেয়ে পড়ে যেতাম, মাথা ঘুরালেই দেখতাম আমার দিকে একটা হাত বাড়ানো- বটগাছ বলতে যা বুঝায়, ঠিক মাথার উপরে একটা ছাদ যেন দাঁড়ানো। যখনই আমি পথ হারিয়ে যাযাবর হয়ে ঘুরতাম, দূর থেকে দেখতাম একটা বাতিঘর আমার দিকেই আলো দিয়ে যাচ্ছে নেভিগেটর যেভাবে রুটম্যাপ খুঁজে বের করে, মানুষটা আমাকে সেভাবেই পথ দেখাচ্ছে। যখনই আমি ঠুনকো সম্পর্কের বেড়াজালে আটকে পড়তাম, আমাকে তিনি বলতেন- ছেলে এই মায়াজালে তোমার জড়াবার কথা নয়, উকিল বা বলা চলে মনোচিকিৎসকদের মত করে সম্পর্কের ব্যবচ্ছেদ করে বুঝাতেন কেন আমাকে নিয়ে তার ভয় হয়।

যখনই আমি বাড়ি ফিরতাম কারো কাছে পরাজিত হয়ে, আমাকে লোকটা বলতো- বোকা, হেরে হেরে-ই তো জেতাটা শেখা লাগে, তারপরও খেলার মাঠের কোচের মত সেই মানুষটার চোখ দেখলে বোঝা যেত, আমাকে হারতে দেখলে তার ভীষণ খারাপ লাগে। যখনই আমি কোন যুদ্ধ জয় করে ফিরতাম, আমাকে উৎসাহ নয় বরং নিন্দা করে বলতো, বালক অহংকার যেন কাল না হয়ে দাঁড়ায় শিক্ষকের মত করে বোঝাতে চেষ্টা করতো, দাঙ্কিতায় যেন কখনো আমার চরিত্র না হারায়।

ইদানীং যখন হোঁচট খেয়ে থমকে দাঁড়িয়ে থাকি বা পথ হারিয়ে ফেলি কিংবা যখন কোন মায়াজাল পিছুটানের মত করে আঁকড়ে ধরে অথবা যখন হেরে যাই কারো কাছে, পরাজিত হয়ে বাড়ি ফিরি ছোট্ট আমি কোথাও পাই না সেই মানুষটাকে। আচ্ছা বাবা, বলো তো পাওয়া কি যাবে তোমায় ওই দূর নীল আকাশটাতে...



টাইগারদের ঐতিহাসিক অস্ট্রেলিয়া বধ

জুনায়েদ করিম ভূঁইয়া (সামিত)

৪৯তম ব্যাচ, বিবিএ (মার্কেটিং)

আইডি: ১৮৩০২০১০১০৪০

সময়টা ২৭ আগস্ট, ২০১৭ আজ থেকে প্রায় ৫ বছর আগের শুভস্মৃতিটা মনের গহীনে এক টুকরো স্থান দখল করে রেখেছে। সেই লাল-সবুজের বিজয়ের স্মৃতি আজও বারবার আধুনিক উন্নত বিশ্বে বাংলাদেশকে এক অনন্য অর্জনের স্বীকৃতি হিসেবে প্রশংসিত করেছে। বলছি আমি টেস্ট ক্রিকেট ইতিহাসের সেই অসাধারণ সফলতার গল্প যার হাজারো সাক্ষীর মধ্যে আমিও ছিলাম অন্যতম প্রত্যক্ষ দর্শক। তখন সবেমাত্র কলেজ সমাপ্তি ঘটেছিল। পাবলিক বিশ্ববিদ্যালয়ে ভর্তিযুদ্ধের জন্য নিজেকে প্রস্তুত করছিলাম। ঠিক সেই সময়টায় ২০০৬ সালের পর দীর্ঘ ১১ বছরের প্রতীক্ষার পর বাংলাদেশ সফরে এসেছিল টিম অস্ট্রেলিয়া। যেহেতু ছোট বেলা থেকে ক্রিকেটের প্রতি একটা অজানা নেশা কাজ করত সেজন্য সুযোগটাকে ভালোভাবে লুফে নিতে চাইলাম। আমার এক প্রিয় বন্ধু সিহনের সাথে টেস্ট ম্যাচটা দেখার প্লান করলাম। যেই চিন্তা সেই কাজ, ম্যাচটা উধু-১ এ দেখার জন্য রীতিমতো স্টেডিয়ামে হাজির। কিন্তু আমার মাথায় তখন চলছিলো গোপাল ভাঁড়ের চাটুকারিতা। কেননা সেই টেস্টে ম্যাচটা আমরা টিকিট ক্রয় করে খেলা দেখিনি বরং কলেজ ইউনিফর্ম পরে ফ্রি তে ম্যাচটি উপভোগ করেছিলাম। যাই হোক খেলা শুরু সকাল ১০ ঘটিকায়। আমি স্টেডিয়ামে ঢুকতে ঢুকতে প্রায় ৪০ মিনিট লেগে গেল। উল্লেখ্য যে, বাংলাদেশ অস্ট্রেলিয়া ম্যাচ চলাকালীন সময়ে একটা অদ্ভুত ব্যাপার নজরে আসলো, সেটা হল শওকত আলী এবং বাবু ভাইয়ের স্টেডিয়াম সংলগ্ন সেলুনের ব্যাগ বাগিজ্য। অবাক লাগলো তো, বুঝিয়ে বলছি-সাধারণত কড়া নিরাপত্তার কারণে দর্শকদের কোনো প্রকার ব্যাগ স্টেডিয়ামের ভিতরে নিতে দেওয়া হয় না। এর জন্য আমার মতো আরও শত শত ছাত্র-ছাত্রী ১০ টাকা, ২০ টাকা করে তাদের সেলুনে ব্যাগ জমা রাখত। এটাকে অনেকটা Positive Externality সাথে তুলনা করলে মন্দ হয় না। কেননা, বাংলাদেশ বনাম অস্ট্রেলিয়া টেস্ট ম্যাচের সুযোগ নিয়ে কোনো তৃতীয় পক্ষ এভাবে Benefit হবে।

অবশেষে, স্টেডিয়াম ১ নং গেট দিয়ে করে যখন ডিজিটাল স্কোরবোর্ডে চোখ পড়ল, তখন একটু হতাশা হলাম। কেননা বাংলাদেশ টস জিতে আগে ব্যাটিং নিয়ে ততক্ষণে ৪৩ রানে ৩ উইকেট পড়ে গিয়েছিল। কিন্তু তারপর শুরু হল সেই ঐতিহাসিক জুটি। ক্রিকেট নিজেদের স্বভাবসুলভ আক্রমণাত্মক ব্যাটিং করে যাচ্ছিল সাকিব এবং তামিম। এখনো তামিমের সেই চোখজুড়ানো ডাউন দ্যা উইকেটে Lofted শটগুলো চোখে ভাসে যা তিনি মেরেছিলেন বিশ্বসেরা অফস্পিনার নাথান লায়নের বলে। সাকিব আল হাসানের ম্যারাথন পার্টনারশিপ বাংলাদেশকে সম্মানজনক পুঁজির দিকে নিয়ে যাচ্ছিলো। কিন্তু নিয়মিত বিরতিতে উইকেটের পতন হওয়ায় টাইগাররা থেমে যায় ২৬০ রানে। শেষ সেশনের আধাঘণ্টা বাকি ছিল।

মুস্তাফিজ একাদশে থাকার পরও তৎকালীন অধিনায়ক তাকে বোলিং এ্যাটাকে আনেননি। ডেভিড ওয়ার্নার এবং ম্যাট রেনশো ভালোই সামাল দিচ্ছিলো। তখনই ডানহাতি অফস্পিনার মেহেদী হাসান মিরাজকে আনা হয় দুই বাহাতি ব্যাটারকে আউট করার জন্য। স্টেডিয়ামে বসে যে শুধু খেলা উপভোগ করছিলাম তা নয়, লাঞ্চ এ তেহেরি, আইসক্রিম, কোক খাচ্ছিলাম আর সিহানের সাথে ম্যাচ অহধমুংরং করছিলাম। এরই মধ্যে মাথায় ভূত চাপল কমেন্টি শুরু করি। ঘটনাটা এমন যে, খরাব কমেন্টি করলাম এভাবে মিরাজ, বল হাতে আসছেন রাউন্ডা দ্যা উইকেট, গুড লেহু ডেলিভারি - বল টার্ন করে প্যাডে আঘাত। আবেদন এবং আউট!! সবাই তো লাফালাফি শুরু করে দিয়েছে। কিন্তু সাথে ওয়ার্নার রিভিউ নিয়ে নিল। এবং থার্ড আম্পায়ার জানাল ইনসাইড এজের জন্য নটআউট ব্যাটার। আমি মোটেও আশাহত হলাম না। আবারও কমেন্টি করলাম- মিরাজ, পরবর্তী বল একটু দ্রুতগতির ফুল লেহু ডেলিভারি, প্যাডে আঘাত এবং আবেদন- আবেদন- আবেদন অবশেষে আউট!

এবার আর রিভিউয়ের দিকে হাটলেন না ওয়ার্নার। গ্যালারিতে হাজারো বাঘের গর্জন টিম টাইগারদের আরো উজ্জীবিত করলেন। গ্যালারির সবাই আমার কমেন্টির প্রশংসা করলো এজন্য যে, আমি খুশি ছিলাম। কেননা, দুবারই আম্পায়ার আউট ঘোষণা করেছিলেন। এরপরের ওভারে সাকিবের বলে উসমান খাওয়াজা রান আউট হলেন। আবারো চিৎকার গ্যালারিতে বাংলাদেশ!! বাংলাদেশ!! বাংলাদেশ!! স্বধ্বনিতে স্টেডিয়াম মাতোয়ারা। ২ উইকেট যাবার পর ক্রিজে আসলেন নাইটওয়াচ ব্যাটার নাথান লয়ন। সাকিবের ওভারে প্রায় টিকেই যাচ্ছিলেন। কিন্তু শেষ বলটি ছিল আর্ম ডেলিভারি এবং ব্যাটার সম্পূর্ণ পরাস্ত। ব্যাটের ফাঁক গেলে প্যাডে আঘাত হানলে সাকিবের রিভিউয়ের হুংকারে আম্পায়ার সাড়া দেন। ১৪ রানেই তিন উইকেট হারায় শক্তিশালী অস্ট্রেলিয়া। দিনের বাকি সময় নির্বিঘ্নে কাটিয়ে দেন স্টিফেন স্মিথ এবং ম্যাট রেনশো। ৯ ওভার খেলা হয় এবং অস্ট্রেলিয়া ১ম দিন শেষে স্কোরবোর্ডে জমা করে ১৮/৩। ম্যাচের তৃতীয় দিনটাতে ও খেলা উপভোগ করেছিলাম। বাংলাদেশের ১ম ইনিংসে সাকিব ৮৪ রান সংগ্রহ করেছিলো ১৩৩ বলে এবং তামিম ৭১ রান করেছিল ১৪৯ বলে। চতুর্থ ইনিংসে অস্ট্রেলিয়ার টার্গেট দাঁড়ায় ২৬৫ রান। তারা অলআউট হয় ২৪৪ রনে। ২০ রনের ঐতিহাসিক এবং নিজেদের টেস্ট ইতিহাসের ১০ম জয় দর্শকদের সাথে উদযাপন করেন প্রধানমন্ত্রী এবং বোর্ড সভাপতি পাপন।



ফিরে পাওয়া শৈশব

লিপি গোলদার

৫৯ তম ব্যাচ, বিএড

আইডি: ২২১০১০৩০১০১১

গ্রামটির নাম পোয়াইল। ছোট, সুন্দর, ছায়াঘেরা সবুজ গ্রামখানি ফরিদপুর জেলার বোয়ালমারী থানার অর্ন্তগত। মায়াজরা গ্রামটি শুধুই একটি সাধারণ গ্রাম নয় আমার কাছে তা যেন ধরার বুকে এক টুকরো স্বর্গ। এখানে আমার দাদুবাড়ি মানে মামারা সবাই মুক্তিযুদ্ধের সময় ভারতে চলে যাওয়াতে মায়ের মামা বাড়িতেই আমরা নিজের মামাবাড়ি বেড়ানোর সাধপূরন হচ্ছে। তাই এটা আমার দাদুবাড়ি। প্রায় বিশ বছর পর গতবার দাদুবাড়িতে গিয়েছিলাম। যাওয়ার পথেই আমি চরম রোমাঞ্চিত ও নস্টালজিয়ায় ভুগছিলাম। মনে পড়তে লাগলো ছোটবেলার সব দূরন্ত মিষ্টি স্মৃতি। এভাবে সারা পথ ভাবতে ভাবতে যখন গ্রামটির খুব কাছাকাছি পৌঁছালাম তখন একাটি ভ্যানগাড়ি ভাড়া করলাম। ভ্যানে উঠলে মনটা আরো শিহরিত হতে লাগলো। দূর থেকে সেই চেনা বিল, খাল, গাছপালা ভেদকরে দাদুবাড়ির বড় পাকড় গাছটি দেখতে পেলাম যেটা সব গাছের উপর দিয়ে মাথা তুলে দাঁড়িয়ে আছে। পথ যত কমতে থাকলো আমার আনন্দ, আবেগ আরো বাড়তে থাকলো। একপর্যায় বাড়ির খুব কাছে পৌঁছালে ভ্যান থেকেই দেখা যাচ্ছিল দিদিমা ছোট মাটির রাস্তা দিয়ে কোথাও যাচ্ছে এবং মামা পুকুর থেকে বড়শি দিয়ে মাছ ধরছে। ওরা সবাই আমাদের দেখতে পেয়ে চিনতে পারলো। কারণ আমার বাবার বাড়ির আচার অনুষ্ঠানে তাদের সাথে দেখা হতো। কিন্তু বিশ্বাস করতে কষ্ট হচ্ছে যে আমি তাদের বাড়ি গিয়েছি এত বছর পরে।

যাই হোক, আমি সবার সাথে পরিচিত বা কথা বলা রেখে ছুটে যাচ্ছি আমার শৈশবের রাস্তা পুকুর, ঘরের কানাচে, খেলার মাঠে যেখানে ডাংগুলি, দাড়িয়াকান্ডা, গোল্লাছুট খেলতাম। কিন্তু আমার চেনা জায়গাগুলো একটুও বদলায়নি তাই আমার সত্যি স্বর্গসুখ বোধ হচ্ছিল। আমি সেখানে ঘুরে ঘুরে আমার শৈশব খুঁজছিলাম এক পর্যায়ে দিদিমার বিরক্তিকর ডাকে আমার সাড়া মিলল। বিরক্তির কারণ তাদের কাছে না থেকে কেন এপাশ ওপাশ ঘুরছি। যাইহোক, দাদুবাড়িতে দাদু নেই মারা গেছে গত বছর। দাদুর ইচ্ছে অনুযায়ী তাকে বাড়ির পাশেই সমাহিত করা হয়েছে। দিদিমা কাঁদতে কাঁদতে সেখানে আমাকে নিয়ে গেল। খুব খারাপ লাগছিল দাদুর জন্য। মাসিমাদের বিয়ে হয়ে গেছে। দুই মামার এক মামা শহরে সেটেন্ড। তাই মামাবাড়ি গিয়ে খুব বেশি ভালো লাগেনি। সকালে গিয়ে দুপুরেই ফিরে আসতে হয়েছিল। কিন্তু সেখানের গাছপালা, খেলার মাঠ, খাল, বিল, আমাকে যে শৈশবে নিয়ে গিয়েছিল ক্ষণিকের জন্য তা আমার স্মৃতিতে চিরঅম্লান থাকবে।

ଭ୍ରମଣକାହିନି



PRIME UNIVERSITY

Admission Going on

Faculty of Law

LLB(Hons)
LLM(Regular)
LLM (Preli & Final)

✓ Up to 80% tuition fee waiver on
SSC & HSC Results



Dr. Abdullah-Al-Monzur Hussain
Head
Department of Law

CONTACT:

+8801710996196
+8801939425030
+8801687191986

📍 114/116, Mazar Road, Mirpur-1, Dhaka

🌐 www.primeuniversity.edu.bd

Professor Dr M Jahangir Alam
Vice Chancellor
Former Professor IBA, Dhaka University



স্বপ্নের ট্যুর

সাদিয়া আফরিন

৫৮তম ব্যাচ, বি.এড

আইডি: ২১৩০১০৩০১০০৭

সালটা ২০১৭। অনার্স জীবনের প্রায় শেষের দিকে। আমি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বায়োটেকনোলজি অ্যান্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগের ছাত্রী। আমাদের বিভাগের একটা সুন্দর নিয়ম ছিল। সেটা হল অনার্সের শেষ বছরে অর্থাৎ চতুর্থ বছরে শিক্ষা সফরে যাওয়া। তো সেই নিয়ম অনুযায়ী ২০১৭ সালের শেষের দিকে আমাদের সুযোগ হয় সেই শিক্ষা সফরের আয়োজন করার।

নানা চড়াই-উত্তরাই এর মধ্য দিয়ে আমাদের এই স্বপ্নের শিক্ষা সফরের স্থান ঠিক হয় কক্সবাজার, সাজেক এন্ড সেন্টমার্টিন। তারিখ নির্ধারিত হয় ২০১৮ সালের ফেব্রুয়ারি মাসের ১৫ তারিখ। তারিখটা এত সুন্দর ভাবে মনে থাকার কারণ ওই যে স্বপ্নের ট্যুর। যদিও এর আগে ২০০৯ সালে আব্দু-আম্মুর সঙ্গে কক্সবাজার এবং সেন্টমার্টিন ঘুরতে যাবার সুযোগ হয়েছিল আমার, কিন্তু পরিবারের সঙ্গে ঘুরতে যাওয়া আর বন্ধুদের সঙ্গে ঘুরতে যাওয়া দুইটা সম্পূর্ণ আলাদা অভিজ্ঞতা। আর এই দুইয়ের মাঝেই আছে এক আলাদা রকমের ভালো লাগা। আলহামদুলিল্লাহ, আমার দুইটারই অভিজ্ঞতা হয়েছে।

যাই হোক এবার আসি আমি আমাদের স্বপ্নের ট্যুরের কথায়। সেই দিন ২০১৮ সালের ১৫ ফেব্রুয়ারি সন্ধ্যা বেলায় পুরান কলার সামনে থেকে আমাদের বাসটি আল্লাহর নাম নিয়ে সাজেকের উদ্দেশ্যে ২১ জন শিক্ষার্থী এবং দুইজন শিক্ষক নিয়ে রওনা হয়। আমরা পুরো রাত জুড়ে বাস ভ্রমণ করে ঠিক সকাল বেলায় প্রথমে পৌঁছালাম বান্দরবানের ‘আলুটিলা’ নামক জায়গায়। এটি একটি গুহা যার মধ্য দিয়ে সুড়ঙ্গ পথ আছে। আমরা দলবেঁধে সবাই ‘আলুটিলা’ ঘুরতে থাকি এবং কিছু সুন্দর ছবি তুলি।

তারপর আমরা যাই আমাদের মূল জায়গা সাজেক। সেখানে প্রথমে আমরা হোটেলে গিয়ে ফ্রেশ হয়ে তারপর সাজেকের বিখ্যাত বাঁশের মধ্যকার রান্না দিয়ে দিনেদুপুরের খাবার শেষ করে একটুখানি বিশ্রাম নিয়ে ঘুরতে বের হই। সেখানে সারাদিন ঘুরে সন্ধ্যা রাতের খাবার খেয়ে কক্সবাজারের উদ্দেশ্যে রওনা হওয়া হয়। রাতে কক্সবাজার হোটেলে পৌঁছে ভোর চারটার দিকে এগিয়ে শুরু হয় মজা করা। পানিতে লাফালাফি আর ঘুরাঘুরি এ এক অন্যরকম মজা।

তারপর পরের দিন সারাদিন ঘোরাঘুরি করে দুপুরের দিকে রওনা দেওয়া হয় সেন্টমার্টিনের উদ্দেশ্যে। সেন্টমার্টিন পৌঁছে হোটেলে গিয়ে জিনিসপত্র রেখে আমরা যাই সমুদ্রে গোসল করতে। আমাদের হোটেলে ঠিক যেন সমুদ্রের ঢেউ আছড়ে পড়ছে। দুপুরের খাবার খেয়ে একটু রেস্ট নেওয়ার পর আমরা বের হই ঘুরতে। তারপর ঘুরাঘুরি আর কেনাকাটা করে

বিকেল গড়িয়ে সন্ধ্যা তবুও যেন সাধ মেটে না ঘুরাঘুরির। সে অনেক মজার সময় কেটেছে আর ছবিও তোলা হয়েছে প্রচুর।

এরপর সন্ধ্যায় ফানুস উড়ানো আর হইচই। এরপর শুরু হয় খেলাধুলা পর্ব। শিক্ষকমণ্ডলী ছিলেন বিচারক। তারপর রাতের খাবার। তারপর সবশেষে পরের দিন সকাল সকাল ঢাকার উদ্দেশ্যে রওনা হওয়া। সব মিলিয়ে ভালোই কেটেছিল সেই স্বপ্নের ট্যুর। পুরো তিন দিন চার রাত যেন সত্যি স্বপ্ন ছিল। কিভাবে যে কেটে গেল বুঝতেই পারিনি।



আমার ভ্রমণ-কাহিনি

রাগেশী কর্মকার

৫৯তম ব্যাচ, বিএড

আইডি: ০২৮২২১০০১২১০২০১০

২০২১ সালের ডিসেম্বর মাসে আমরা পরিবারের সবাই মিলে যশোর বেড়াতে গিয়েছিলাম। এটি আমার জীবনের একটি খুবই মজাদার এবং শিক্ষণীয় স্মরণীয় ঘটনা।

আমরা যশোর জেলার মনিরামপুর ইউনিয়ন হরিদাসকাঠি গ্রামে আমার কাকার বাড়িতে বেড়াতে গিয়েছিলাম। আমরা ওখানে ৭ দিন ছিলাম এবং ৭ দিনে আমরা ৭ টি বিখ্যাত স্থান পর্যটন করেছি।

প্রথম দিন আমরা বেড়াতে গিয়েছিলাম রূপ সনাতন স্মৃতি তীর্থে। এটি একটি ইসকন মন্দির। মন্দিরটি অনেক বড় এবং খুবই সুন্দর। মন্দিরের মনোরম পরিবেশ এবং সুন্দর কারুকার্য সবকিছু মিলিয়ে মনে এক অনাবিল প্রশান্তি অনুভব করেছিলাম। এই পবিত্র ধামে এসে নগরের ব্যস্ত জীবনের ক্লান্তি দূর হয়েছিল। দ্বিতীয় দিন আমরা গিয়েছিলাম মাইকেল মধুসূদন দত্তের বাড়ি যশোর জেলার সাগরদাঁড়ি গ্রামে। মাইকেল মধুসূদন দত্ত বাংলাদেশের একজন বিখ্যাত কবি। তিনি প্রথম সনেট কবিতার প্রচলন করেন অর্থাৎ বাংলার প্রথম চতুর্দশপদী কবিতা তথা সনেট কবিতার জনক তিনি। এ ছাড়াও তিনি অনেক অনেক কাব্য লিখেছেন, মেঘনাদবধ কাব্য তারমধ্যে উল্লেখযোগ্য। কপোতাক্ষ নদের পাড়ে বসে তিনি কবিতা লিখতেন। তাই বিদেশে বিভূঁইয়ে থেকেও তিনি কখনোই ভুলতে পারেননি। তাঁর ‘কপোতাক্ষ নদ’ নামে একটি কবিতাও আছে। “সতত হে নদ তুমি পড় মোর মনে”। মধুসূদন দত্তের বাড়িতে একটি লাইব্রেরি আছে। সেখানে অনেকগুলো বই এর সম্ভার। যা

সাধারণত পাওয়া যায় না এমন দুস্ত্রাপ্য বইগুলোও সেখানে সংরক্ষিত আছে। আমি লাইব্রেরী থেকে অনেকগুলো বই কিনেছিলাম।

তৃতীয় দিন আমরা গিয়েছিলাম বাগেরহাটে। সেখানে আমরা প্রথমে একটি বিশাল বড় মাছের হ্যাচারি দেখতে গিয়েছিলাম। পরে আমরা যাই পানিসরাতে। যশোরের পানিসরা একটি নামকরা ফুলের রাজ্য। এখান থেকে ফুল বিভিন্ন জেলায় যায়। চারিদিকে ফুল আর ফুল। শুধু মনে হচ্ছিল যেন স্বর্গ উদ্যানে প্রবেশ করেছি। ফুলের রাজ্যে এসে নিজেকে ফুলের রানী মনে হচ্ছিল। এত সুন্দর জায়গা আমার স্মৃতিতে আজীবন অবিস্মরণীয় হয়ে থাকবে। সেখানে দুই দিন থাকার পর পঞ্চম দিন আমরা যাই খুলনার বাগেরহাটের ‘ষাটগম্বুজ মসজিদে’। এটি একটি ঐতিহাসিক স্থান। এর পরদিন আমরা যাই মংলা পোর্টে। সপ্তম দিন আমরা সুন্দরবন ঘুরতে গিয়েছিলাম। আমরা সেখানে অনেক প্রকার গাছ যেমন সুন্দরী, গোয়া, গরান আরো অনেক রকম গাছ দেখেছিলাম। অনেক রকম পশু পাখি দেখেছিলাম। আমরা বানরকে বাদাম এবং কলা খাইয়েছিলাম। ছোট ছোট লাল কাঁকড়াগুলো নজরকাড়া ছিল। আমরা বনের ভিতর নিরাপত্তারক্ষীর সাথে অনেকদূর গিয়েছিলাম। পৃথিবীর সবচেয়ে বড় ম্যানগ্রোভ বন হেঁটে বেড়ানোর অভিজ্ঞতা সত্যিই অসাধারণ ছিল। এটা ভাষায় ব্যক্ত করার উপায় নেই। শুধু অনুভূতিতেই অনুভব করা সম্ভব।

এই ভ্রমণকাহিনি আমার জীবনের সবচেয়ে উল্লেখযোগ্য এবং স্মরণীয় ঘটনা। এই সুন্দর দৃশ্যপট আমার স্মৃতিতে আজীবন উজ্জ্বল হয়ে থাকবে।

সচেতনতামূলক রচনা



হিউমিলিয়েটকে না বলুন

জান্নাতুল তাসনিম শোভা

২য় ব্যাচ, বিএসসি ইন সিভিল ইঞ্জিনিয়ারিং

আইডি : ২০১০৩০৪০১০৫০

আমরা এমন একটি শেইমফুল কালচার -এ বাস করি যেখানে একজনকে এপ্রিসিয়েন্সি দেওয়া বা আত্মবিশ্বাসী করা যেন আমাদের ধাতেরই নেই। আমরা পেয়ে অভ্যস্ত না তাই আমরা দিতেও জানিনা। অতএব আমাদের ব্যক্তিত্বের একটা পার্ট হয়ে যায় যখন, একজন আমাদেরকে তার মতো করে এক্সপেক্ট করে যে, 'তোমাকে দিয়ে কিছু হবে না, তুমি পারো না, তুমি পারবে না' সহ নানান নেগেটিভ মন্তব্য তখন কিন্তু আমরা সেইটা বিশ্বাস করি কারণ নিজের উপর কিন্তু সেই এবিলিটিটা ছোটবেলা থেকেই গ্রহণ করেনি। ছোট থেকেই আমরা অন্যের মত নেয়াটা এক অজানা অভ্যাস করে ফেলি। তাই আমরা নিজেদেরকে গুরুত্বহীন ভাবে শুরু করি। কাউকে হিউমিলিয়েট করা, অপমান করা, অসম্মানজনক কথা বলা, কারো অপারগতা নিয়ে কথা বলা সেটা হোক স্কুলে হোক ইউনিভার্সিটিতে বা ওয়ার্ক স্টেশনে আর এখনতো সবচেয়ে জনপ্রিয় আর সহজ মাধ্যম হলো সোশ্যাল মিডিয়া, এইটা যেন একটা টক্সি ট্রেন্ড হয়ে গেছে। আমরা ট্রল করে যেন একটা অহেতুক প্রশান্তি লাভ করি। আমাদের সবার মধ্যে কিছু না কিছু কমতি অবশ্যই আছে কোন মানুষই পরিপূর্ণ না। আমরা হিউমিলেশন হলে আমাদের অনেক কষ্ট হয় শুধু ইমোশনালই নয় সাইকোলজিক্যালিও অনেক প্রভাব ফেলে। কন্টিনিউয়াস হিউমিলেশন আমাদেরকে হার্ট ড্যামেজ এর দিকে নিয়ে যেতে পারে মেন্টালহেলথ এর কথা যদি বলি তো ডিপ্রেসন এর দিকে নিয়ে যেতে পারে যার ফলাফল সুইসাইডও ঘটতে পারে। আমরা ইদানিং সুইসাইড নিয়ে অনেক কথা বলি কিন্তু সেগুলো বেশিরভাগই সুইসাইড পরবর্তী। পূর্ববর্তী কোন প্রস্তুতি বা অভ্যাস করতে চাইলে প্রথম ধাপ হলো 'হিউমিলিয়েট কে না বলুন'। আমাদের প্রাথমিক শিক্ষার স্থান হলো পরিবার এবং তারপর হলো শিক্ষা প্রতিষ্ঠান তাই আমরা সকলে এই বিষয়ে সতর্ক হলে আমাদের পরিবার এবং প্রতিষ্ঠান দুই-ই পরিদ্রাণ পেতে সক্ষম হবে। শিক্ষা প্রতিষ্ঠান এ বিভিন্ন সংগঠন এর মতো মেন্টালহেলথ কন্সিউয়াস নিয়েও কাজ করা যেতে পারে।

এখন আসি নিজেকে হিউমিলেশন হতে কিভাবে বিরত রাখবো। আমাদের আশেপাশে এমন অনেক মানুষ আমরা পেয়ে থাকি যারা কন্টিনিউয়াসলি আমাদেরকে নেগেটিভ কমেন্ট করে থাকে আমাদের সকল কাজেই যেন তাদের সমস্যা। এদের থেকে তো পালিয়ে বাঁচতে পারবো না তাই কিভাবে এই বিষাক্ত লোকজন থেকে নিজেকে সেইফ করবেন সেটা ভাবতে হবে। সর্বপ্রথম করণীয় নিজের মধ্যে থাকুন এমন কোন রুলস নেই যে পৃথিবীর সবাই আপনাকে পছন্দ করবে তাই নিজের অবস্থানে নিজে স্বচ্ছ থাকুন। আপনি যদি বুঝতে পারেন এই মানুষটি আপনাকে নেগেটিভ মন্তব্য করছে তবে আপনি সেটি গ্রহণই করবেন না। নেগেটিভ মানুষদের এড়িয়ে চলুন এবং সাথে এমন মানুষদের এ্যাড করুন যারা আপনাকে ইন্সপিরেশন দেয় এবং আত্মবিশ্বাসী হতে সাহায্য করে। সময়কে গুরুত্ব দিয়ে নিজের আত্মসম্মান বৃদ্ধি করুন। মনে রাখবেন, নিজের যত্ন নিজেকেই নিতে হবে জীবন আপনার তাই সেটি সুন্দর ও সুস্থ রাখার একমাত্র দায়িত্বও আপনার।



জেনারেল ডায়েরি (জি.ডি) এবং অনলাইনে আবেদন

মো. রায়হান মিয়া

৫৩তম ব্যাচ, এল এল বি (অনার্স)

আই.ডি: ২০১০৫০১০১০১৯

জিডি শব্দটি জেনারেল ডায়েরির সংক্ষিপ্ত রূপ। প্রতিটি থানায় এবং ফাঁড়িতে একটি ডায়েরিতে ২৪ ঘণ্টার খবর রেকর্ড করা হয়। প্রাপ্তবয়স্ক কোনো বাংলাদেশি নাগরিক থানায় গিয়ে সাধারণ ডায়েরি বা জিডি করতে পারে। প্রতিদিন সকাল আটটায় ডায়েরি খুলে পরের দিন সকাল আটটায় বন্ধ করা হয়। অর্থাৎ কার্যত এটি কখনই বন্ধ হয় না। এই ডায়েরিতে থানার বিভিন্ন কার্যক্রম যেমন আসামী কোর্টে চালান দেয়া, এলাকার বিভিন্ন তথ্য, থানার উর্ধ্বতন কর্মকর্তাদের আগমন ও প্রস্থানের তথ্য ইত্যাদি লিপিবদ্ধ থাকে।

সাধারণ মানুষের কাছে জিডির গুরুত্ব ভিন্ন। কোন থানায় মামলাযোগ্য নয় এমন ঘটনা ঘটলে মানুষ থানায় জিডি করে থাকেন। আবার কাউকে ভয় ভীতি দেখানো হলে বা অন্য কোন কারণে যদি তিনি নিরাপত্তার অভাববোধ করেন, কিংবা কোন ধরনের অপরাধের আশঙ্কা করেন বা কোনো মূল্যবান জিনিস হারিয়ে গিয়ে থাকে তাহলেও তিনি জিডি করতে পারেন।

জিডি করার পর পুলিশ প্রয়োজনীয় পদক্ষেপ নিয়ে থাকে। প্রয়োজনবোধে তদন্ত করা, নিরাপত্তা দেয়া ছাড়াও জিডির বিষয়টি মামলাযোগ্য হলে পুলিশ মামলা করে থাকে। আইনগত সহায়তা পাওয়ার জন্য জিডি অনেক সময় গুরুত্বপূর্ণ হয়ে ওঠে। অনেক সময় আদালতেও জিডিকে সাক্ষ্য হিসেবে বিবেচনা করা হয়। জিডি করা থানার ডিউটি অফিসার জিডি নথিভুক্ত করেন। এক্ষেত্রে তিনি একটি ডায়েরিতে জিডির নম্বরসহ বিভিন্ন তথ্য লিপিবদ্ধ করেন।

জিডির দুটি কপি করা হয়। একটি থানায় সংরক্ষণ করা হয় এবং অন্যটিতে জিডির নম্বর লিখে প্রয়োজনীয় সাক্ষর ও সীলমোহর দেয়া হয়। এটি ভবিষ্যতের জন্য সংরক্ষণ করতে হয়। অভিযোগকারী নিজে জিডি লিখতে পারেন, আবার প্রয়োজনে থানার কর্মকর্তাও লিখে দিয়ে থাকেন। প্রতিটি জিডির বিপরীতে একটি নম্বর দেয়া হয়, ফলে কোন অবৈধ প্রক্রিয়া মাধ্যমে কেউ আগের তারিখ দেখিয়ে জিডি করতে পারেন না। অনলাইন জিডি আবার পুলিশের তাত্ক্ষণিক সাড়া দেবার প্রয়োজন নেই এমন ক্ষেত্রে যেমন পাসপোর্ট হারানো, বখাটে বা মাদক সেবীদের সম্পর্কে তথ্য প্রদান বা এজাতীয় ক্ষেত্রে অনলাইনে জিডি করা যেতে পারে বা সরাসরি পুলিশ সদরদপ্তরে ফ্যাক্স বা ই-মেইল করতে পারেন।

এ পদ্ধতিতে দেশের বাইরে থেকেও জিডি করা সম্ভব। এক্ষেত্রে অনলাইনে জিডি করার পর ই-মেইল বা মোবাইল ফোনের মাধ্যমে জিডি নম্বরটি জিডিকারীকে পাঠিয়ে দেয়া হয়।

ই-মেইল: bangladesh@police.gov.bd.

ফ্যাক্স: +৮৮০-২-৯৫৫৮৮১৮

অনলাইনে জিডি করার জন্য: www.police.gov.bd সাইটে গিয়ে 'Citizens help request'এ ক্লিক করতে হবে। হারানো বিষয়ের জিডি মোবাইল ফোনের সিম, পরীক্ষার সার্টিফিকেট, জমির দলিল প্রভৃতি হারিয়ে গেলে ঐ সব কাগজপত্র পুনরায় তুলতে গেলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ হারানো সংবাদের জিডি চেয়ে থাকে, তাই ঐসব ক্ষেত্রে হারানো সংবাদের জিডি করে সেই জিডি নম্বরসহ কর্তৃপক্ষের কাছে আবেদন করতে হয়।

রম্যরচনা



প্রাইম ইউনিভার্সিটি

ভর্তি চলছে

বিএ (সম্মান) বাংলা



- ✓ এসএসসি এবং এইচএসসি পরীক্ষার ফলাফলের উপর ১০০% পর্যন্ত টিউশন ফি ছাড়।
- ✓ সেমিস্টার ফলাফলের উপর ৭০% পর্যন্ত স্কলারশীপ

অন্যান্য প্রোগ্রাম

সিএসই
ইইই
সিভিল
বিবিএ
এলএলবি (সম্মান)
বিএ(সম্মান) ইংরেজি
বিএড
এমবিএ
ইএমবিএ
এমএ ইংরেজি
এলএলএম
এমএড

অধ্যাপক ড. এম জাহাঙ্গীর আলম
উপাচার্য

সাবেক অধ্যাপক, আইবিএ, ঢাকা বিশ্ববিদ্যালয়

যোগাযোগ :

০১৭১০৯৯৬১৯৬
০১৯৩৯৪২৫০৩০
০১৬৮৭১৯১৯৮৫

www.primeuniversity.edu.bd
admission@primeuniversity.edu.bd



ম্যাজিকাল এক!!!

জুনায়েদ করিম ভূঁইয়া (সামিত)

৪৯তম ব্যাচ, বিবিএ (মার্কেটিং)

আই.ডি: ১৮৩০২০১০১০৪০

রীতিমতো গণিত ক্লাসে সবাই খুব ক্ষিপ্ত। স্যারকে একটু বিরতি দিতে বললেন সকল ছাত্র-ছাত্রী। স্টুডেন্টদের মধ্যে আত্মহ তৈরি করতে তাদের উদ্দেশ্যে স্যার বললেন, তোমরা কি গণিতের জটিল সমস্যা নিয়ে কাজ করতে পছন্দ করো? হাত তোলো !

ছাত্ররা : আমরা তো গণিত থেকে দূরে থাকতেই ভালোবাসি!

স্যার : বুঝলাম, তাহলে বলো, ম্যাজিক পছন্দ করো কতজন?

ছাত্রীরা : সবাই, সবাই, আমরা গণিত চাই না, ম্যাজিক চাই!

স্যার : এটা চাও না, ওটা চাও! আচ্ছা দুটি মিলিয়ে যদি বলি গণিতের ম্যাজিক? কেমন লাগে?

ছাত্র-ছাত্রীগণ : এই যে, স্যার আমাদের ম্যাজিকের কথা বলে গণিতে চাইছেন!

স্যার : আরে না, না, ভয়ের কিছু নেই। তোমরা যার যার খাতায় ১ থেকে ৯ পর্যন্ত যে-কোনো একটি সংখ্যা লেখ। একে প্রথমে ২৭১ ও তারপর ৪১ দিয়ে গুন কর।

ছাত্র : অ্যা, এইটা তো দারুন ম্যাজিক! আমি লিখলাম ৫ আর গুনফল পেলাম ৫ টা ৫!

ছাত্রী : আরে আমি লিখলাম ৭, আর গুনফল হল ৫ টা ৭! এটা ক্যামনে হয়!

স্যার : এটাই তো ম্যাজিক! $(২৭১ \times ৪১) = ১১,১১১$ । এখন তোমারা ৩,৪,৬,৮ যে সংখ্যা দিয়েই গুন করো না কেন গুনফল সব সময়ই হবে ৩৩৩৩৩ বা ৬৬৬৬৬ ইত্যাদি!

The background of the page is composed of several overlapping, curved bands of color. At the top, there is a solid beige band. Below it, a white band curves across the page. Underneath the white band is another beige band, followed by a thin white band, and then a wider beige band. The bottom of the page features a large, sweeping white curve that separates the main content area from a final beige band at the very bottom.

PHOTO GALLERY

PHOTO GALLERY



The honorable Chairman, University Grants Commission of Bangladesh being greeted by the Chairman, the Treasurer and the Secretary General of Board of Trustees along with the Vice Chancellor of Prime University on August 03, 2023 on occasion of his reappointment as the Chairman, UGC for the 2nd term

Engineer Md. Towhidur Rahman receiving warm welcome as the new Chairman of the Board of Trustees, Prime University on October 13, 2022



The Editorial Board of Prime University Magazine along with the Patrons and the Advisor in a meeting on October 02, 2023

PHOTO GALLERY



The national and the Prime University flags are being hoisted respectively by the Chairman, Board of Trustees and the Vice Chancellor on the Independence Day 2023 at Prime University campus

The winners of the Programming Contest are beaming with the Secretary General, Board of Trustees, the Vice Chancellor, Dean of the Faculty of Engineering and Head of the Department of CSE on March 08, 2023



Enamul Haque Nabin, one of the students of 55th Batch of the Department of CSE receiving crest at the India-Bangladesh Harmony Festival for his contribution in the Human Welfare category

PHOTO GALLERY



The Prime University Cricket Team at the Clemon Indoor Uni Cricket 2023 cricket ground on July 25, 2023

The champion Prime University Debate Team with AFM Ruhul Haque, former Minister of Health and Family Welfare, and Hasan Ahmed Chowdhury Kiron, Chairman, Debate for Democracy and other dignitaries at the ATN Bangla studio



An unforgettable moment of fun and togetherness at the yearly picnic-2023 of Prime University

PHOTO GALLERY



A view of the 16th Training Program of the newly appointed faculty members on July 31, 2023

The Chairman and Members, BOT along with others enjoying 'pitha' in front of a stall on the *Basanta Baran and Pitha Utshab* held on March 9, 2023



The Treasurer, the Deans of faculties, the Registrar and others paying tribute to martyred intellectuals on December 14, 2022



প্রাইম ইউনিভার্সিটি
PRIME UNIVERSITY

114/116, Mazar Road, Mirpur-1, Dhaka-1216, Bangladesh
Phone: 48038147, PABX: 48034888, 8031810, Mobile: 01712-675595. Fax: 48038149
E-Mail: info@primeuniversity.edu.bd Website: www.primeuniversity.edu.bd